ମକଳେର ପୂଜ୍ୟ ହିଁଯା ଥାକେନ, ଅତ୍ୟଏ ସାବଧାନ, ସେନ ଯୁବରାଜ ଭରତେର କଦାଚ ଅବୟାନନ୍ଦ ନାହିଁୟ । ଶୁମ୍ଭ୍ର ! ତୁ ମି ଅତି ବିନୟ ସହକାରେ ଆମାର ଜନନୀକେ ଏହି ସକଳ କଥା କହିଯା ପରିଶେଷେ ଭରତକେଓ ଆମାର ଅନାମୟ ମ୍ବବାଦ ଜାନାଇବେ ଏବଂ ଆମାର ଅନୁରୋଧ ଜାନାଇଯା କହିବେ, ତିନି ସେନ ଗାଁତଗଣେର ମଧ୍ୟେ ମକଳେର ସହିତ ନ୍ୟାୟାନୁସାରେ ବ୍ୟବହାର କରେନ, ଏବଂ ଯୌବରାଜ୍ୟ ପ୍ରତିଷ୍ଠିତ ହିଁଯା ପରମ ଦେବତା ପିତାକେଇ ସେନ ପ୍ରକୃତ ରାଜ୍ଞୀ ବଲିଯା ମନେ କରେନ । ପିତା ବୁଦ୍ଧ ହିଁଯାଛେନ, ଶୈଶବଶାୟ ତାହାକେ ରାଜ୍ୟଚୁତ୍ୟ କରା କୋନ ମତେଇ ଯୁକ୍ତିମିଳିଛ ହୁଏ ନା । ଅତ୍ୟଏ ରାଜ୍ୟମଧ୍ୟେ ତାହାର ପ୍ରଭୁତ୍ୱରେ ସେନ ପ୍ରଚାରିତ ଥାକେ । ମହାରାଜ ! ରାମ ମକଳକେ ଏହି ରୂପ କହିଯା ଗଲଦର୍ଶ ଲୋଚନେ ପରେ ଆମାୟ ବଲିଲେନ, ଶୁମ୍ଭ୍ର ! ଆମାର ଜନନୀ ଅତି ଦୁଃଖିନୀ, ଆମାର ବିରହେ ତିନି ଜୀବମୃତପ୍ରାୟ ହିଁଯା ଆଛେନ, ତୁ ମି ଆପନ ଜନନୀର ନ୍ୟାୟ ସର୍ବଦା ତାହାର ତଙ୍କାବଧାନ କରିଓ । ଏଇମାତ୍ର ବଲିଯାଇ ଯୁକ୍ତକଟେ ରୋଦନ କରିତେ ଲାଗିଲେନ ।

ସାରଥି ଶୁମ୍ଭ୍ର ଏହିରୂପେ ଆଦ୍ୟୋପାନ୍ତ ସମସ୍ତ ବିମୟ ରାଜାର କର୍ଣ୍ଣଗୋଚର କରିଯା ପରେ କହିଲେନ, ମହାରାଜ ! ରାମେର ବାକ୍ୟ ଶେମ ହିଁଲେ, ଲକ୍ଷ୍ମଣ ତରୁଣସ୍ଵଲଭ କ୍ରୋଧେର ବଶବତ୍ରୀ ହିଁଯା ଦୀର୍ଘ ନିଃଶ୍ଵାସ ପରିତ୍ୟାଗ ପୂର୍ବିକ କହିଲେନ, ଶୁମ୍ଭ୍ର ! ମହାରାଜ କି ଅପରାଧେ ଏହି ସର୍ବଗୁଣାକର ଆର୍ଯ୍ୟ ରାମକେ ବନବାସେ ନିର୍ବାସିତ କରିଲେନ ? କୈକେଯୀର ଶ୍ରୀଜା-ତିସ୍ତମ୍ଭ ଲଘୁ ଆଦେଶେର ବଶବତ୍ରୀ ହିଁଯା ତିନି ଯେ ଅଚି-

କୁନୀଯ ଶୋକାବହ ସ୍ଵାପାରେର ଅନୁଷ୍ଠାନ କରିଲେନ, ଇହା ଯୁଦ୍ଧଟି ହଟକ ବା ଅଯୁଦ୍ଧଟି ହଟକ, ଇହାତେ ଆମରା ଯାର ପର ନାହିଁ ବ୍ୟଥିତ ଓ ଅପାର ବିସାଦସାଗରେ ନିମୟ ହଇଯାଛି । ବଲିତେ କି, ମେଇ ଦ୍ରୈଣ ରାଜୀ ହଇତେ ଏହି ଜଗଦ୍ଵିଦ୍ୟାତ ରୟୁବଂଶ ଚିରକାଳେର ନିଶ୍ଚିତ ଅଭିନବ କଳଙ୍କପଙ୍କେ ଦୂଷିତ ହଇଯାଛେ । ଆର୍ଯ୍ୟ ରାମେର ନିର୍ବାସନ, କୈକେଯୀର ଲୋଭନିବ-ନ୍ଧନଟି ହଟକ, ବା ବଞ୍ଚିତଟି ସରଦାନ ବଶତି ସଟିଆ ଥାକୁକ, ମହା-ବାଜ ଯେ ମର୍ବିଦ୍ୟା ଅକାର୍ଯ୍ୟ କରିଯାଛେନ, ତାହାତେ ଆର ଅଣୁ-ମାତ୍ର ଓ ମନ୍ଦେହ ନାହିଁ । ସଦି ଭବିତବ୍ୟତା-ନିବନ୍ଧନ ଏହି ଅଭାବିତ କାର୍ଯ୍ୟର ଅନୁଷ୍ଠାନ ହଇଯା ଥାକେ, ତାହାତେ ଆର ବନ୍ଧୁ-କି ? କିନ୍ତୁ ଆର୍ଯ୍ୟ ରାମ କୋନ ଅଂଶେଇ ତ୍ୟଜ୍ୟ ନହେନ, ତ୍ାହାକେ ପାବିଲ୍ୟାଗ କରିତେ ହୟ, ଏକପ କୋନ କାରଣଟି ଆମି ଦେଖିତେଛି ନା । ଅତଏବ ଅବଶ୍ୟ ବଲିତେ ହଇବେ, ମହାରାଜ ବୁଦ୍ଧକାଳେ କେବଳ ଲୟୁବନ୍ଧି ଓ କାମେର ବଶୀଭୂତ ହଇଯାଇ ଏହି ଶୋକାବହ କାର୍ଯ୍ୟର ଅନୁଷ୍ଠାନ କରିଯାଛେ । ଇହାତେ ଇହକାଳ ଓ ପରକାଳେ ତ୍ାହାକେ ଅବଶ୍ୟଟି କ୍ରେଶ ଭୋଗ କରିତେ ହଇବେ । ରୁମନ୍ତ୍ର ! ବଲିବ କି, ମହାରାଜେର ଏହି ଅସଂ କାର୍ଯ୍ୟ ଦେଖିଯା ତ୍ାହାକେ ପିତା ବଲିଯା ସମ୍ମୋଦ୍ଧନ କରିତେ ଓ ଆମାର ଶ୍ରଦ୍ଧା ହିତେଛେ ନା, ଆର୍ଯ୍ୟ ରାମକେ ବନଦାସେ ବିମଜ୍ଜନ ଦିଯା ତିନି କି ପିତାର କାର୍ଯ୍ୟ କରିବାଛେ ? ତ୍ାହାକେ କୋନ୍ ଗୁଣେ ଆର ପିତା ବଲିଯା ସମ୍ମୋଦ୍ଧନ କରିବ । ଆର୍ଯ୍ୟ ରାମଟି ଆମାର ପିତା, ରାମଟି ଆମାର ଭାତା, ରାମଟି ଆମାର ବନ୍ଧୁ ଓ ରାମଟି ଆମାର ପ୍ରଭୁ ।

আহা ! যিনি পিতার স্থায় সমস্ত লোকের হিতসাধন করিতেন, যিনি সাক্ষাৎ ক্ষত্রিয়ধর্মের বিত্তীয় অবতার-স্বরূপ, জানি না, সেই স্বভাবস্থন্দর পুরুষেৰ মকে অকা-  
রণে পরিত্যাগ করিয়া মহারাজ এখন কি রূপে প্রচা-  
লোকের ঘনোরঞ্জন করিবেন । আমি নিশ্চয় কহিতেছি,  
এই অসৎকার্য্যনিবন্ধন সকল লোকের সহিতই তাহার  
বিরোধ উপস্থিত হইবে । তাহার রাজকার্য্য নির্বাহ  
করাও কঠিন হইয়া উঠিবে ।

মহারাজ ! বলিব কি, বলিতে আমার হৃদয় বিদীগ  
হইয়া যাইতেছে, যৎকালে লক্ষ্মণ তরুণ স্বলভ  
ক্রোধের বশীভৃত হইয়া এইরূপ কহিতে লাগিলেন, এই  
সময়ে হরিণনয়না জানকী ভূতাবিক্টার ন্যায় জগতের  
ভাব সমস্ত বিশ্বৃত হইয়াই যেন নিষ্ঠুরভাবে দাঢ়াইয়া  
রহিলেন, আর ঘন ঘন নিখাসভার পরিত্যাগ করিতে  
লাগিলেন । নয়নজলে সেই কোমলাঙ্গীর কলেবর ভাসিয়া  
যাইতে লাগিল । “ রাজর্বি জনকের কন্যা, উত্তরকোশ  
লের অধীশ্বর রাজাধিরাজ মহারাজ দশরথের পুত্রবধূ  
হইয়াও বনেচরবধূর ন্যায় বনে বনে বিচরণ করিতে  
হইল,, এই ভাবিয়া জানকী শোকভয়ে আমাকে আর  
কিছুই বলিতে পারিলেন না । কেবল অনবরত রোদন  
করিতে লাগিলেন । আর এক এক বার শুক্ষমৃখে ও শূন্য  
হৃদয়ে রামচন্দ্রের প্রতি দৃষ্টিপাত কারতে লাগিলেন ।  
পরে আসিবার সময় আপনার এই রূপ ও আমার প্রতি

অনিয়ে নেত্রে দৃষ্টিপাত করিয়া মুক্তকষ্ঠে রোদন  
করিতে লাগিলেন।

---

### একোনষষ্ঠিতম অধ্যায়।

অনস্তর, আমি, রাম লক্ষ্মণের বিঘোগদ্রুঃখে যৎপরো-  
নাস্তি কাতর হইয়া কৃতাঞ্জলিপুটে তাহাদিগকে অভিবা-  
দন পূর্বক তথা হইতে রথ লইয়া প্রস্থান করিলাম।  
চির সারথি বলিয়া রাম যদি আমাকে পুনরায় আস্থান  
করেন, এই প্রত্যাশায় শৃঙ্খবেরপুরে নিমাদরাজের আবাসে  
কিছুকাল অবস্থান করিলাম। কিন্তু মহারাজ ! এ হত-  
ভাগ্যের সে আশা আর সফল হইল না। পরে আমি  
ভগ্ননোরথ হইয়া অমোধ্যাভিমুখে যাত্রা করিলাম। আসি-  
বার সময়, আমার অশগণ রামশোকে নিতান্ত কাতর  
হইয়া অজস্র অশ্রবারি বিসজ্জন করিতে লাগিল।  
পূর্ববৎ আর রথ বহন করিতে পারিল না। মহারাজ !  
প্রত্যাগমনকালে আমি দেখিলাম, আপনার অধিকারমধ্যে  
তরুলতা সকল রামের বিরহানল সহিতে না পারিয়াই  
যেন কুস্থম, কোরক ও অঙ্কুরের সহিত স্নান হইয়া  
গিয়াছে। নদী ও দীর্ঘিকার জল অত্যন্ত আবিল ও  
উক্তপ্র। কি বলে, কি উপবনে তড়াগ ও পন্থল সকল

শুক হইয়া রহিয়াছে। সরোবরের কমল, কুমুদ ও  
কঙ্কাল অভূতি জলজ পুষ্প সকল রামের শোকানলে  
সন্তুষ্ট হইয়াই যেন নিতান্ত দীনদশা। প্রকাশ করিতেছে।  
মৎস্য ও জলচর পক্ষিরা দিবানিশি নিষ্পন্দিতাবে জল-  
মধ্যে বিলীন রহিয়াছে। পুষ্পবাটিকার আর পূর্বের  
ন্যায় শোভা নাই। জলজ ও স্থলজ পুষ্পে আর  
পৌরভ নাই। ফলও বিস্বাদ হইয়াগিয়াছে। বনমধ্যে  
বিহঙ্গমেরা রামের বিরহানলে কাত্র হইয়া স্বভাবসিঙ্ক  
ক্রান্তিশুখকর মধুর শব্দ ও পরিত্যাগ পূর্বক দিবানিশি  
নিষ্পন্দিতাবে রহিয়াছে। চতুর্দিক্ নিষ্ঠক, হিংস্র জন্মগণ ও  
আর যথেচ্ছ গমনাগমন করিতেছে ন।। উপবনের  
রমণীয়তা আর পূর্বের ন্যায় লক্ষিত হইতেছে ন।। মহা-  
রাজ! আপনার অধিকার মধ্যে এইরূপ দীনদশা দেখিতে  
দেখিতে আমি যখন অযোধ্যার অভ্যন্তরে প্রবিষ্ট হই-  
লাম; তৎকালে আবাল হৃক বনিতা কেহই আমাকে  
অভিনন্দন করিল ন।। রামকে দেখিতে ন। পাইয়া  
অমনি হাহাকার করিয়া উঠিল। রাজপথবাহী সমস্ত  
লোকেরা রাজপথে রামশূল্য রাজরথ নিরীক্ষণ করিয়া  
শোকজনিত শুদ্ধীর্ঘ-নিশাস ভার পরিত্যাগ পূর্বক  
অবিরল ধারায় নেত্রবারি বিসর্জন করিতে লাগিল।  
পৌরমহিলারা পুরমধ্যে শূন্য রথ অবলোকন করিয়া  
রামের বিরহবেদনায় হাহাকার করিয়া রোদন আরস্ত  
করিল। এবং যৎপরোনাস্তি কাতর হইয়া সজলায়ত

লোচনে ও শুক্র মুখে পরম্পরের মুখাবলোকন করিতে লাগিল। অধিক কি, আমি যে দিকে নেত্রপাত করি, সেই দিকেই দেখি, রামশোকে বিষণ্ঠ হইয়া কেহ ঘন ঘন নিশ্চাস পরিত্যাগ পূর্বক প্রবল বেগে বক্ষে করাঘাত করিতেছে। কেহ “হা রাম” বলিয়া মুক্ত-কর্ত্ত রোদন করিতেছে, কেহ আপনার তুরদৃষ্টের প্রতি দোষারোপ করিয়া ধরায় লুঁচিত হইতেছে, কাহারও গনে হর্মের লেশমাত্র নাই। মহারাজ ! মনুষ্যের কথা আর কি কহিব, রামের বিরহান্ত সহিতে না পারিয়া মাতঙ্গ তুরঙ্গ প্রভৃতি পশুজাতিরাও স্নান বদনে ও দীন-নয়নে দীর্ঘনিশ্চাস পরিত্যাগ পূর্বক চৌৎকার শব্দে আর্তনাদ করিতেছে। এই সমস্ত দীনদশা দেখিয়া আমার বোধ হইল, পুত্রশোকাকুলা কোশলয়ার ন্যায় সমস্ত নগরীও যেন শোচনীয় ভাব প্রকাশ করিতেছে।

রামের বলবত্তী বিরহবেদনায় মহীপাল পূর্বেই যুত্পায় হইয়াছিলেন, অধুনা স্মন্ত্রযুথে কোশলরাজ্যের শ্রষ্টুরূপ বিপরীত ভাব শুনিয়া “হায় কি হইল” কেবল এই শোকাবহ বাক্য একবারমাত্র উচ্চারণ করিয়া আর কিছুই বলিতে পারিলেন না। অমনি মুছ্বিত হইয়া পড়িলেন। কিয়ৎ কাল পরে চেতনা সঞ্চার হইলে তিনি অপেক্ষাকৃত কথঝিং শোক সংব-রণ করিয়া দীন নয়নে স্নান বদনে কহিতে লাগ-লেন; স্মন্ত্র ! আমি যখন নীচ বংশজা কৈকেয়ীর

কুমন্ত্রণায় পড়িয়া রামবিবরাসনে অঙ্গীকার করি ; তখন মন্ত্রগাননিপুণ মন্ত্রিগণ কি বন্ধুগণ কি অমাত্যগণ কাছারও সহিত এবিষয়ের বিচার করি নাই । ইহাতেই বোধ হয় ভূবিতব্যতাই সর্বাপেক্ষা প্রবল, তাহা লক্ষ্যন করা যায় না । এই স্বীবিধ্যাত ইক্ষ্বাকুবংশ আমা হইতেই উৎসন্ন হইবে, শেষ দশায় “হা রাম হা রাম” বলিয়া আমার প্রাণ নির্গত হইবে, বিধাতা ইহা পূর্বেই ঘোজনা করিয়াছিলেন, তাহা না হইলে, শত শত বিচক্ষণ মন্ত্রিগণ সত্ত্বে সামান্য কামিনীর অনুরোধে এমন সর্ববনাশের ব্যাপার সম্পাদন করিব কেন ? স্বমন্ত্র ! এক্ষণে যাহা হইবার, হইয়াছে, আমার এইমাত্র অনুরোধ, আমি যদি কথন তোমার কোন উপকার করিয়া থাকি, তবে এ সময়ে একবার আমাকে রামের নিকট লইয়া চল । তাহাকে না দেখিয়া আমার প্রাণ ওষ্ঠাগত প্রায় হইয়াছে । অথবা যতশীত্র পার রামকেই একবার আমার সম্মুখে লইয়া আইস । আমি রাম ব্যতিরেকে আর মুহূর্তকালও প্রাণ ধারণ করিতে পারিনা । স্বমন্ত্র ! এতক্ষণে রূমি অনেক দূর গিয়া থাকিবেন, তুমি আমাকেই রথে লইয়া তাহাকে দেখাইয়া আন । আর বিলম্ব করিও না । যদি গমন পর্যন্ত দেহে প্রাণ থাকে, তবে একবার সেই শশাঙ্ক-নিন্দিত নবঘনশ্যাম রামরূপ নিরীক্ষণ করিয়া তাপিত প্রাণ শীতল করিব । হা ! বৎস রামচন্দ ! আমার অন্তিমকাল উপস্থিত ; এসময়ে তোমার সহাস্য বদন

## ରାମାୟଣ ।

ଏକବାର ଦୋଖିତେ ପାଇଲାମ ନା ; ଅନ୍ତଃକରଣେ ବଡ଼ି ଆକ୍ଷେପ ରହିଲ । ରାମ ! ଏ ସମୟେ ଏକବାର ଆସିଯା ଏ ପାପିଷ୍ଠେର ଏ ନରାଧିମେର ଅନ୍ଦଭୂଷଣ ହେ । ଶୁଭମୂର ସ୍ଵରେ ଏ ନିର୍ଦ୍ଦିଯକେ ପିତା ବଲିଯା ଏକବାର ସମ୍ମୋଧନ କର, ଶୁନିଯା ଆମି ଇହଜମ୍ଭେର ମତ ବିଦାୟ ହୁଇ । ହା ପିତୃବଂସଳ ! ପିତୃଧର୍ମ ସେ କି ଥିବାରେ ପାଲନ କରିତେ ହୟ, ତୁ ଯିଇ ତାହାର ନୃତ୍ୱ ପଥ ଉତ୍ସାବିତ କରିଯା ଜଗତେର ଦୃଷ୍ଟାନ୍ତଶଳାଭିଷିକ୍ତ ହଇଲେ । ଆମି ଇହଜମ୍ଭେ ଆପନ ଚଙ୍ଗତିର ପରିଣାମ ଭୋଗ କରିତେଛି, କିନ୍ତୁ ଆର ଏ ଦୁଃଖ ଯାତନା ମହ୍ୟ କରିତେ ପାରି ନା । ଏକଣେ କାଳେର ଶରଣାପନ୍ଥ ହଇଯା ସକଳ ଶୋକ, ସକଳ ଚଂପ, ସକଳ ସନ୍ତୁଷ୍ଟି ଓ ସକଳ ପରିତାପ ଏକେ ବାରେ ବିସର୍ଜନ କରି । ହା ବଂସ ରାମଚନ୍ଦ୍ର ! ହା ବଂସ ଲକ୍ଷ୍ମୀ ! ହା ବଂସେ ମୀତେ ! ତୋମରା ଏଥିନ କୋଥାଯି ରହିଯାଇ ; ତୋମାଦିଗକେ ନା ଦେଖିଯା ଆମି ଏଥାନେ ଅନାଥେର ନ୍ୟାୟ କାଳଗ୍ରାସେ ପତିତ ହଇଲାମ, ତୋମରା କିଛୁଇ ଜାନିତେ ପାରିଲେ ନା ।

ବୃଦ୍ଧରାଜୀ ଦଶରଥ ପୁତ୍ରଶୋକେ ଏକେବାବେ ହତଚେତନ ହଇଯା ଏହିକୁପେ ବିଲାପ ଓ ଉଚ୍ଛେଷ୍ଵରେ ରୋଦନ କରିତେ କରିତେ କୌଶଳ୍ୟାକେ କହିଲେନ, ଦେବି ! ଆମି ରାମବିରହେ ଯେତ୍ରପରି ହୁଃଖ୍ୟମାଗରେ ନିମିଷ ହଇଯାଇଛି, ଜୀବଦ୍ଧାୟ ତାହା ହଇତେ ଯେ ଉତ୍ତାର ପାଇବ ଏକପ ସନ୍ତ୍ଵାନା କରି ନା । ରାମେର ବିଯୋଗ ଜମିତ ଶୋକଇ ଏହି ମହାସାଗରେର ପ୍ରବାହ, ଆମାଦେର ଦୀର୍ଘନିଶ୍ଚାସ ଉତ୍ତାର ତରଙ୍ଗବହୁଳ ଆବର୍ତ୍ତ, ବାହୁବିକ୍ଷେପ ଉତ୍ତାର ମଂଦ୍ୟ, ରାମଶୋକାର୍ତ୍ତ ଜନଗଣେର ରୋଦନଇ ଏହି ମହାସାଗରେର କଲ୍ଲୋଳ-

## ଅଷୋଧ୍ୟାକାଣ୍ଡ ।

ଖୀର, ଇତ୍ତକୋବିକ୍ଷିପ୍ତ କେଶଜାଳ ଶୈଶାଳ, କୈକେଯୀ ଏବଂ ମହାସାଗରେର ବଡ଼ବାନଳ, ତାହାର ପ୍ରାର୍ଥନା ତୀରଭୂମି, କୁଞ୍ଜାର କୁମନ୍ତ୍ରଗୀ ଉହାର ନକ୍ରକୁଣ୍ଡୀର ସ୍ଵରୂପ, ଆମାର ରାମେର ନିର୍ବାସନ ଏହି ମହାସାଗରେର ବିସ୍ତାର, ଆମାଦେର ଅଶ୍ରୁରୂପ ନଦୀର ଶ୍ରୋତ ନିରନ୍ତର ପତିତ ହୋଯାଯ ଉହା ନିତାନ୍ତ ଆବିଲ ହିତେଛେ । ଏବଂ ଏହି ମହାସାଗର ଆମାର ନୟନ ବାରିତେଇ ଉପରେ ହିଁଯାଇଛେ । ମହିଷ ! ଦେଖ, ରାମେର-ଅଦର୍ଶନେ ଆମି ଦିବା ନିଶ୍ଚ ଏହି ମହାସାଗରେ ସନ୍ତୁରଣ କରିତେଛି । ଏକବାର ରାମକେ ଦେଖାଇୟା ଆମାର ପ୍ରାଣ ବାଁଚାଓ । ହୀଁୟ ! ଆମି ଜୟାନ୍ତରେ କତଇ ଯେ ଅଧର୍ମ ସଂକୟ କରିଯାଛିଲାମ, ପୁର୍ବବାନ୍ ବ୍ୟକ୍ତିର କ୍ରୋଡ଼ଶୂନ୍ୟ କରିଯା କତଇ ଯେ କୁକାର୍ଯ୍ୟର ଅନୁଷ୍ଠାନ କରିଯାଛିଲାମ, ତାହାର ଆର ଇଯନ୍ତା ନାହିଁ । ଆମି ରାମରଭ୍ରମକେ ହାରାଇୟା ଏଥମ ତାହାରଇ ପରିଗାମ ଭୋଗ କରିତେଛି । ନତୁବା ନିତାନ୍ତ ଗର୍ହିତ ପାପ ନା କରିଲେ, ଶେଷ ଦଶାଯ ଆମାର ଏକପ ମର୍ବନାଶ ହିଁବେ କେନ ? ଏହି ବଲିଯା ରୋଦମ କରିତେ କରିତେ ରାଜାର ଶୋକସାଗର ଅନିବାର୍ଯ୍ୟ ବେଗେ ଉଚ୍ଛଲିତ ହିତେ ଲାଗିଲ । ତିନି ହତଚେତନ ହିୟା ତୃତଳଶାୟୀ ହିଲେନ ।

---

## ମୁଣ୍ଡିତମ ଅଧ୍ୟାୟ ।



ତଥନ ରାମଜନନୀ କୌଶଳ୍ୟ ସ୍ଵାମୀର ତାଦୃଶୀ ଶୋଚନୀୟ ଦଶା ଦର୍ଶନ କରିଯା ଭୂତାବିଟ୍ଟାର ନ୍ୟାୟ ମୁହର୍ମୁହୁଃ କଷ୍ପିତ ହଇତେ ଲାଗିଲେନ । ଏକେଇତ ପୁତ୍ରଶୋକାନଳେ ଦିବା ନିଶି ତାହାର ଅନ୍ତର୍ଦ୍ଦୀହ ହଇତେଛେ, ଇହାର ପର ଆବାର ରାଜାର ସେଇ ଶୋକାବହ ଭାବ ଅବଲୋକନ କରିଯା ରାଜୀର ଶୋକ ଓ ପରିତାପେର ଆର ପରିସୀମା ରହିଲ ନା । ତିନି ତଥନ କି କରିବେନ, କାହାକେଇ ବା କି ବଲିବେନ, କିଛୁଇ ଶ୍ଵିରତର କରିତେ ନା ପାରିଯା କେବଳ “ହା ରାମ !” ବଲିଯା ଯୁକ୍ତ କଣେ ରୋଦନ କରିତେ ଲାଗିଲେନ, ଏବଂ ଧରାତଳେ ବିଲୁପ୍ତିତ ଓ ଯୃତ ପ୍ରାୟ ହଇଯା କରଣ ସ୍ଵରେ ସ୍ଵମନ୍ତ୍ରକେ କହିଲେନ, ସ୍ଵମନ୍ତ୍ର ! ଆମାର ବକ୍ଷଃଷ୍ଟଳ ବିଦୀର୍ଘ ହଇତେଛେ, ଆମାର ସର୍ବଶରୀର ଅବସନ୍ଧ ହଇଯା ଆସିତେଛେ, ରାମେର ବିଯୋଗ୍ୟାତନାୟ ଆଜ ଆମି କୋନ ଯତେଇ ପ୍ରାଣଧାରଣ କରିତେ ପାରିବ ନା । ତୁମି ଶୀଘ୍ର ରଥ ଫିରାଇଯା ଆନ, ଆମାର ସେଇ ନବଘନଶ୍ତାମ ପଦ୍ମପଲାସଲୋଚନ ସ୍ଵର୍ଣ୍ଣପୁରୀ ଶୂନ୍ୟ କରିଯା ଯେ ଛାନ ଅଳକ୍ଷତ କରିତେଛେନ, ଅମୂର୍ଯ୍ୟ-

ଶ୍ରୀଗୁଣପା ଜନକାଉଜ୍ଜ୍ଵା ରାଜ୍ୟମୁଖ ପରିତ୍ୟାଗ ପୂର୍ବକ  
ସାମୀର ସହଗାନିନୀ ହଇଯା ଯେ ହାନେ ବିଚରଣ କରିତେଛେନ,  
ଆତ୍ମବନ୍ଦସଳ ଶ୍ରମିତ୍ରାନନ୍ଦନ ଯେଥାନେ ଆତାର ପରିଚର୍ଷା  
କରିତେଛେନ, ଆମି ମେଇ ନିବିଡ଼ କାନମେ ଗିଯା ଦିବା-  
ନିଶି ତ୍ବାହାଦେର ଚନ୍ଦ୍ରମନ ନିରୀକ୍ଷଣ କରିବ, ଆମି ରାମ-  
ବିରହେ ଆର କ୍ଷଣକାଳଓ ଦେହ ଧାରଣ କରିତେ ପାରିବ ନା ।

ରାମବିରହେ ରାମଜନନୀର ଏହିରପ କାତର ବାକ୍ୟ  
ଶୁଣିଯା ଶୁଭମୁଖ କାତର ସ୍ଵରେ ତ୍ବାହାକେ ସାନ୍ତ୍ବନା କରିଯା  
କହିଲେନ, ଦେବି ! କ୍ଷାନ୍ତ ହିଉନ, ରାମେର ଜନ୍ୟ କିଛୁମାତ୍ର  
ଶୋକ କରିବେନ ନା, ଆପନାର ରାମ ସାମାନ୍ୟ ନହେନ,  
ତିନି, ଯେମନ ଅଯୋଧ୍ୟାଯ, ଅରଣ୍ୟେ ଓ ତେମନି ନିର୍ଭୟେ ଓ ଶୁଖ  
ସ୍ଵଚ୍ଛନ୍ଦେ ବିରାଜ କରିତେଛେନ । ଏହି ସର୍ବଅଟ୍ରାଲିକା ପରି-  
ତ୍ୟାଗ ପୂର୍ବକ ତିନି ମେ ବନବାସତ୍ର ଅବଲମ୍ବନ କରିଯାଇଛେନ,  
ଇହାତେ ତ୍ବାହାର ଅନ୍ତଃକରଣେ ଅଶୁଭମାତ୍ର ଓ କ୍ଲେଶ ବୋଧ ହିଇ-  
ତେହେ ନା, ପିତୃମତ୍ୟ ପାଲନ କରିବେନ ବଲିଯା ତ୍ବାହାର  
ଅନ୍ତଃକରଣ ପୂର୍ବାପେକ୍ଷା ବରଂ ପ୍ରଫଳ ଦେଖିଯା ଜାସିଲୀମ ।  
ଆପଣି ତାହାର ନିରିତ ଅନ୍ତଃମାତ୍ର ଓ କାତର ହିବେନ ନା ।  
ଦେଖିବେନ, ଏହି ଚତୁର୍ଦ୍ଦଶ ବନ୍ଦର ଅନ୍ତିତ ହଇଲେଇ ଆପନାର  
ପଦ୍ମପଲ୍ଲସିଲୋଚନ ସହାୟ ବଦନେ ଆବାର ପ୍ରତ୍ୟାଗମନ କରି-  
ବେନ । ଅଯୋଧ୍ୟା ନଗରୀଓ ତଥନ ପୂର୍ବବନ୍ ଆଙ୍ଗ୍ରେନ୍‌ଭରେ  
ମୃତ୍ୟ କରିତେ ଥାକିବେ । ମହିଷି ! ଆର ଓ ଦେଖୁନ, ରାମଚନ୍ଦ୍ରେର  
ନିରିତ ଏତ ଶୋକାକୁଳ ହେଁଯା କୋନ ମତେ ଉଚିତ ଶୋଧ  
ହିତେଛେ ନା । ଆତ୍ମବନ୍ଦସଳ ଶ୍ରମିତ୍ରାନନ୍ଦନ ପାରତ୍ରିକ ଶୁଖ

লাভের অভিলাষে দিবানিশি তাহার পাদপদ্ম সেৱা করিতেছেন। পতিথাণা জানকী পতির সহবাসে বনবাসেও গৃহবাসের অনুরূপ প্রীতি লাভ করিতেছেন। বলিতে কি, আপনার সেই পূর্ণচন্দ্রনিভাননা কোমলাঙ্গীর বনবাসনিবন্ধন কিছুমাত্র কাতৰ ভাব লক্ষিত হইতেছে না। তাহার মুখচন্দ্র যেৱপ প্রফুল্ল দেখিলাম, তাহাতে স্পষ্টই বোধ হয়, তিনি যেন বনবাসে থাকিবার সম্পূর্ণই উপযুক্ত হইয়াছেন। ইতিপূর্বে এই নগরের উপবনে গিয়া যেৱপ বিহার করিতেন, এক্ষণে অরণ্যবাস আশ্রম করিয়াও পতির সহবাসে বালিকার ন্যায় সেই রূপ অক্ষেশে বিচরণ করিতেছেন। যাহার ঘন প্রাণ প্রাণান্তেও রামের পাদপদ্ম পরিত্যাগ করিতে সমর্থ হয় না, যাহার জীবন নিরস্তর আপনার রাঙ্গীবলোচনে আয়ত্ত রহিয়াছে; এই রামশূন্য অযোধ্যাই তাহার পক্ষে অরণ্যবৎ হইত। তিনি যাইতে যাইতে নানাপ্রকার নদী, নগর ও নানাবিধ তরুলতা দর্শন করিয়া রাম অথবা লক্ষণকে জিজ্ঞাসা করিতেছেন, এবং জিজ্ঞাসা করিয়া পরক্ষণেই তাহাদের মুখে তৎসমুদায় সম্যক অবগত হইতেছেন। অধিক কি, তিনি মনে করিতেছেন, যেন অযোধ্যার ক্রোশাস্তরে বিহার-ক্ষেত্ৰেই তিনি অবস্থিত রহিয়াছেন। দেবি! আপনার জানকীর বিষয় আমি এই পর্যন্তই জানি; আৱ তিনি যে কৈকেয়ীসংক্রান্ত কথা কহিয়াছিলেন, এক্ষণে তাহা আমাৰ স্মৃতিপঃগ উপনিষত্ত হইতেছে না।

ସୁମନ୍ତ୍ର ଅନବଧାନ ବଶତଃ କୈକେଯୀର କଥା ଉଲ୍ଲେଖ କରିଯା-  
ଛିଲେନ, କିନ୍ତୁ କୌଶଳ୍ୟାର ପକ୍ଷେ ନିତାନ୍ତି ଅସହ୍ୟ ହିଲେ,  
ଏହି ଭୟେ ମେ କଥା ଅନ୍ୟ କଥାଯ ଗୋପନ କରିଯା, ଯାହାତେ  
ରାଜୀର ଶୋକାପନୋଦନ ହୟ, ତାହାଇ କହିତେ ଲାଗିଲେନ,  
ଦେବି ! ପଥପର୍ଯ୍ୟଟନ, ବାସୁବେଗ, ଆବେଗ ଓ ରୌଦ୍ରେର ଉତ୍ତା-  
ପତ୍ର ଆପନାର ଜାନକୀର ଜ୍ୟୋତ୍ସ୍ନାମୟୀ କାନ୍ତି ମଲିନ କରିତେ  
ପାରେ ନାହିଁ । ତାହାର ମେଇ ସ୍ଵଧାଂଶୁନିଦିତ ମହାମ୍ୟ ବଦନ  
କିଛୁମାତ୍ର ଝାନ ହୟ ନାହିଁ । ତାହାର ଚରଣୟୁଗଳ ଏକଣେ  
ଅଲଙ୍କରଣଗଢ଼ନ୍ୟ, କିନ୍ତୁ ସଂଗ୍ରାମ ଲଙ୍ଘିତ ହିଲ୍ଲା ଥାକେ ।  
ଅମୁରାଗ ନିବନ୍ଧନ ତିନି ଏଥିର ପର୍ଯ୍ୟନ୍ତ ଧ୍ରୀତିକର ଭୂଷଣ  
ଧାରଣ କରେନ । ଏବଂ ମୁପୁରାକ୍ଷିତ ଚରଣବିକ୍ଷେପେ ମରାଳ-  
କୁଳ ପରାଜିତ କରିଯାଇ ସେବ ସବିଲାମେ ଇତ୍ତତ୍ତଃ ସଂଗ୍ରହ  
କରିତେଛେନ । ତିନି ରାମେର ଭୂବନବିଜୟୀ ବାହ୍ୟୁଗଳ ଆଶ୍ରୟ  
କରିଯା ଆହେନ, ସୁତରାଂ ଅରଣ୍ୟମଧ୍ୟେ କ ସିଂହ, କି ଶାନ୍ତିଲ,  
କି ହଞ୍ଚି, ଯାହାଇ କେନ ଦେଖୁନ ନା, ତାହାର ଅନ୍ତରେ କିଛୁମାତ୍ର  
ଭୟମଞ୍ଚାର ହିତେଛେ ନା । ଅତଏବ ଦେବି ! ଆପନି ତିହାରେ  
ନିମିତ୍ତ ଆର ଶୋକ କରିବେନ ନା, ତାହାରେ ବିପଦ  
ଆଶକ୍ଷା କରିଯା ମହାରାଜ ଓ ସେବ ଆର ଅପରିଗାମ ଦଶୀର ମ୍ୟାଥ  
ଅନର୍ଥକ ଶୋକମୋହେର ବଣ୍ଣିଭୂତ ନା ହନ । ତ୍ରିଲୋକମଧ୍ୟେ  
ରାମେର ଏହି ପବିତ୍ର ଚରକାଳ କାର୍ତ୍ତତ ହିଲେ । ତାହାର  
ଏକଣେ ଶୋକ ଘୋହ ପରିତ୍ୟାଗ କରିଯା ସ୍ଵଚ୍ଛନ୍ଦ ମନେ ମହର୍ଷି-  
ମିଷ୍ରେବିତ ପବିତ୍ର ପଥ ଆଶ୍ରୟ କରିଯାଇଛେ । ଏବଂ ଆରଣ୍ୟ

ফল মূল মাত্রে তৃপ্তি বোধ করিয়া পিতৃকৃত প্রতিজ্ঞা প্রতি-  
পালনে অনঃসমাধান পূর্বক শ্রীত অনে বনবধ্যে বিচরণ  
করিতেছেন।

স্বধীর স্বমন্ত্র এইরূপ স্বসন্তত বাক্যে সাম্ভুনা করিতে  
লাগিলেন, কিন্তু অসীম শোকভরে কৌশল্যা কিছুতে  
প্রবোধ মানিলেন না। তিনি একবার হা বৎস রামচন্দ্র !  
এই বলিয়া বক্ষে করাঘাত করিতে লাগিলেন, আর বার  
হা বৎসে শীতে ! হা বৎস স্বমিত্রামন্দন ! এই বাক্য মুখে  
উচ্চারণ করিয়া উচ্চেঃস্বরে রোদন করিতে লাগিলেন।

### একষষ্ঠিতম অধ্যায়।

অনন্তর শোকাকুল কৌশল্যা শোকজনিত স্বদীর্ঘ  
নিষ্পাসতার পরিত্যাগ পূর্বক জলধারাকুল লোচনে  
দশরথকে ড্রেসনা করিয়া কহিলেন, মহারাজ ! ত্রিলোক  
যথে সকলেই প্রিয়ভাষী ও দয়াশীল বলিয়া আপনার  
যশোগান করিয়া থাকে, বলুন দেখি, সেই অসূর্য-  
স্পশ্যরূপা জানকীর সহিত আপনার প্রাণপ্রতিম রাম-  
লক্ষণকে কোন প্রাণে নির্জন কাননে বিসর্জন করিলেন।  
তাহারা চিরকাল সৌভাগ্য স্বর্থে প্রতিপালিত হইয়া  
এখন কি রূপে বনবাসের অসহুনীয় ক্লেশপরম্পরা

ମହିରା ଥାକିବେନ । ହାଁ ! ଅଯି ବୃଦ୍ଧେ ଜାନକି ! ଚିର-  
କାଳ ହିରକମଣ୍ଡିତ ହେମମୟ ଦୁଷ୍କର୍ମନିଭ ଶ୍ରକୋମଳ  
ଶୟାମ ଶୟନ କରିଯା କଟିନ ଭୂମିଶୟା କି ତୋମାର  
କୋମଲାଙ୍ଗେର ବିଆମ ସ୍ଥାନ ହିଇବେ ? ଏତକାଳ ନାନାବିଧ  
ଉତ୍ତମାମ ତୋଜନ କରିଯା ଏଥିନ ଧର୍ମଜମୋଚିତ ନୀବାର-  
ଧାନ୍ୟେର ଅର୍ଥେ କି ତୋମାର ଜୀବନଧାରଣ ହିଇବେ ? ଏତ-  
କାଳ ସର୍ଗ ଅଟ୍ଟାଲିକାଯ ସ୍ଵରେ କାଳାତିପାତ କରିଯା ଏଥିନ  
କି ରୂପେ ବନେର ଶୀତୋଳାପ ମହିରା ଥାକିବେ ? ହାଁ !  
ଇତିପୂର୍ବେ ତୋମାର ଯେ କରେ ପ୍ରତିନିଯତ ଗୀତ ବାଦ୍ୟେର  
ଯୁଛ ଯଥୁର ଶବ୍ଦ ପ୍ରବିଷ୍ଟ ହିତ, ମେଇ କରେ ଏଥିନ ଦିବା  
ନିଶି ଆରଣ୍ୟ ଶାପଦକୁଳେର ଡ୍ୟାବହ ଗର୍ଜନ ଶୁଣିତେ  
ହିଇବେ ? ହା ବୃଦ୍ଧ ରାମଚନ୍ଦ୍ର ! ତୋମାର ମେଇ ପଦ୍ମପଲାମ-  
ନିଦିତ ଆୟତ ଲୋଚନଦୟ, ମେଇ ଶ୍ରଦ୍ଧାଂଶୁମିନିତ ସହାୟ  
ବଦନ ଆମି କି ଆର ଦେଖିତେ ପାଇବ ? ତୋମାର ମେଇ  
ଅୟୁତମିଃୟନ୍ଦିନୀ କଥା କି ଆମାର କର୍ଣ୍ଣହରେ ଆର  
ପ୍ରବିଷ୍ଟ ହିଇବେ ? ତୋମାର ଛୁଧିନୀ ଜନନୀକେ ଆର କେ  
ମା ବଲିଯା ସମ୍ମୋଦ୍ଧନ କରିବେ ? ତୋମାକେ କ୍ରୋଡ଼େ କରିଯା  
ଆମି କବେ ଏ ତାପିତ ପ୍ରାଣ ଶୀତଳ କରିବ ? ହାଁ !  
ଭୁବି କେବଳ ଭୁଜଦଣ୍ଡ ଉପାଧାନ କରିଯା ନିବିଡ଼ ଅରଣ୍ୟ  
ମଧ୍ୟେ ଶୟନ କରିତେଛ, ଜାନିଯାଓ ସଥମ ତୋମାର ଜନନୀର  
ହଦୟ ସହସ୍ରଧା ବିଦୀର୍ଘ ହିତେଛେ ନା, ତଥନ ଇହା ଯେ  
ବଜ୍ରେର ନ୍ୟାୟ କଟିନ, ତାହାର ଆର ଅଗୁମାତ୍ର ସଂଶୟ  
ନାହିଁ । ଏହି ବଲିତେ ବଲିତେ ରାଜୀର ନୟନଯୁଗଳ ହିତେ

ଅବଳ ବେଗେ ବାରିଧାର ! ପଡ଼ିତେ ଲାଗିଲ । ବାଞ୍ଚବାରିତେ  
ତାହାର କଠରୋବ ହଇଯା ଆସିଲ । ତିନି ତଥନ ଆର  
କିଛୁଇ ବଲିତେ ପାରିଲେନ ନା । ଅମନି ହତଚେତନ ହଇଯା  
ଭୂତଲଶାୟିନୀ ହଇଲେନ ।

କିମ୍ୟଃକାଳ ପରେ ଅପେକ୍ଷାକୃତ ଶୋକାବେଗ ସଂବରଣ କରିଯା,  
କହିତେ ଲାଗିଲେନ, ଭାଲ ମହାରାଜ ! ଆପନି ଯେ, କୈକେଯୀର  
ବୁଦ୍ଧିଗ୍ରହୀ ଆମାର ଜୀବନମର୍ବିଷ୍ଵ ରାଜୀବିଲୋଚନକେ ବନବାସେ  
ନିଯୋଗ କବିଲେନ, ଇହାତେ କି ଏହି ଚିରପବିତ୍ର ଇକ୍ଷ୍ଵାକୁକୁଳ  
ଅଭିନବ କଳକପଙ୍କେ ଚିରକାଲେର ନିମିତ୍ତ ନିମୟ ହଇବେ ନା ।  
ରାମ ଆପନାର ଜ୍ୟୋତିଷ ସନ୍ତାନ ଓ ଚିରମୁଖୀ ; ଏତ ଦୀର୍ଘକାଳ  
ବନ୍ୟସ୍ତି ଅବଲମ୍ବନ କରିଯାଉ କି ତିନି ଜୀବିତ ଥାକିବେନ ?  
ଅଥବା ଭାଗ୍ୟ ବଣ୍ଟତଃ ଯଦି ଜୀବିତ ଥାକେନ, ତୀର୍ଣ୍ଣପ୍ରତିଜ୍ଞ  
ହଇଯା ପ୍ରତ୍ୟାଗତ ହଇଲେ, ଭରତ କି ତାହାକେ ଆର ରାଜ୍ୟପଦ  
ପ୍ରତ୍ୟର୍ପଣ କରିବେ, କଥନେଇ ଆମାର ବିଶ୍ୱାସ ହୟ ନା । ଆର  
ତିନି ଯେ ଅନ୍ୟୋର ଉଚ୍ଛିଷ୍ଟ ରାଜ୍ୟ ଗ୍ରହଣେ ମ୍ରମ୍ତ ହଇ-  
ବେନ, ତାହାର ଶ୍ରୀ ସନ୍ତାନା ନାଇ । ସେମନ କୋମ ଶ୍ରାଦ୍ଧକର୍ତ୍ତା  
ଶ୍ରାଦ୍ଧକାଳେ ବ୍ରାହ୍ମଗନ୍ଧକେ ନିମନ୍ତ୍ରଣ କରିଯା ଅଗ୍ରେ ଆପନାର  
ବାନ୍ଧବଦିଗଙ୍କେ ଭୋଜନ କରାନ, ପରେ ତଦିଷ୍ୟେ ହୃତକାର୍ଯ୍ୟ ହଇଯା  
ଅନ୍ୟାନୀ ବ୍ରାହ୍ମଗନ୍ଧଙ୍କେ ଆହାର କରାଇବାର ନିମିତ୍ତ ଚେଷ୍ଟା  
କରିଲେ, ଯେ ସକଳ ବ୍ରାହ୍ମଗ ଦେବତାର ନ୍ୟାୟ ଗୁଣବାନ୍ ଓ  
ବିଦ୍ୱାନ, ତାହାରୀ ତଦୀୟ ଅନ୍ନ ରୁଧାସମ ଝିଂଶୁତୁ ହଇଲେଓ କଦାପି  
ଶ୍ରୀପର୍ବତ କରେନ ନା ; ସେମନ ଶୃଙ୍ଗଚେଦ ନିବନ୍ଧନ ଦୁଃଖ ଯାତନା  
ବ୍ରମ୍ଜାତିର ପକ୍ଷେ ନିତାନ୍ତ ଅମହ୍ୟ ହଇଯା ଉଠେ, ଅନ୍ୟୋର ଫୁକ୍ତା-

ସଂଖ୍ୟାତ୍ମିକ ଭୋଜନ ଓ ତତ୍ତ୍ଵପ ତେଜସ୍ଵୀ ଭ୍ରାନ୍ତଗଦିଗେର ପକ୍ଷେ ଅବମାନନ୍ଦାର କାରଣ ରୂପେ ପରିଣତ ହୁଇଯା ଥାକେ । ଅତେବେ ଅହାରାଜ ! କରିଷ୍ଟ ଭାତା ଯେ ରାଜ୍ୟ ଉପଭୋଗ କରିଲ, ସର୍ବଶ୍ରେଷ୍ଠ ଜୋଷ୍ଟ ତାହା କି ରୂପେ ଏହଣ କରିବେ ? ଇହାତେ ରାମ ଅବଶ୍ୟକ ଅବମାନନ୍ଦ ବୋଧ କରିବେନ, କଦାଚ ଗ୍ରହଣ କରିବେନ ନା । ଯେମନ ପରାସ୍ତାଦିତ ବା ଅମ୍ୟେର ଆନ୍ତିକ ଯାଂସାଦିତେ ସିଂହେର ଅଭିରୁଚି ଥାକେ ନା, ତତ୍ତ୍ଵପ ପରଭୁତ୍ତ ଭୋଜନେ ଓ ରାମେର କଦାପି ଅଭିଲାଷ ଥାକିବେ ନା । ଯିନି ସର୍ବବାପେନ୍ଦ୍ରା ଶୁଣବାନ୍, ବିଦ୍ଵାନ୍ ଓ ବଳବାନ, ହୀନବୀର୍ଯ୍ୟେର ନ୍ୟାୟ ପରାସ୍ତାଦିତ ବିଷୟେ ତୀହାର କୋନ ମତେଇ ଆକଞ୍ଚନ ହୁଯ ନା । ହୁତ, କୁଶ ଓ ଥଦିର କାର୍ତ୍ତେର ଯୁପ, ଏହି ସକଳ ଦ୍ରବ୍ୟ ଏକବାର ଏକ ଯଜ୍ଞେ ବ୍ୟବହତ ହେଲେ, ଯେମନ ଯଜ୍ଞା-ସ୍ତରେ ଆର ନିଯୋଜିତ ହେତେ ପାରେ ନା, ମେହି ରୂପ ହୃତସାର ଶୁରାର ନ୍ୟାୟ ଓ ପୀତସୋମ ଯଜ୍ଞେର ନ୍ୟାୟ ଅନ-ଭିଲବିତ, ଭରତଭୂତ ଏହି ରାଜ୍ୟ ଏହଣେ ରାମେର କୋନ ମତେଇ ଅଭିଲାଷ ଥାକିବେ ନା । ଯେମନ ବଳବାନ୍ ଶାନ୍ତିଲ୍ ଆପନାର ପୁଞ୍ଜ ମର୍ଦନ ସହ କରିତେ ପାରେ ନା, ମେହି ରୂପ ରାମ ଏତାଦୂଷ ଅସମ୍ମାନ କଦାପି ସହିଯା ଥାକିବେନ ନା । ଶୁରାନ୍ତର ସହିତ ମୟୁଦାୟ ଲୋକ ରଣଙ୍ଗଲେ ଯାହାର ପରାକ୍ରମ ଦେଖିଯା ହିନ୍ଦୁରେ ପଲାଯନ କରେନ, ଲୋକେ ଅଧର୍ମପଥେ ପଦାର୍ପଣ କରିଲେ, ଯେ ଧର୍ମଶୀଲ ତାହାଦିଗଙ୍କେ ଧର୍ମପଥେ ଆନୟନ କରିଯା ଥାକେନ, ମେହି ଧାର୍ମିକ ଦ୍ଵାରା ରାମ ଯେ ସ୍ଵର୍ଗ ଅଧର୍ମର ଅନୁଷ୍ଠାନ କରିବେନ, ଇହା କୋନ ମତେଇ ସନ୍ତ୍ରାବତ ନହେ । ମେହି ମହାବୀର

রাম প্রলয় কালের ন্যায় স্বৰ্গপুত্রক শর ছারা সমুদ্রায়  
ভূতগ্রামকে বিনষ্ট ও মহাসাগরকেও শুক্র করিতে  
পারেন। এসা যেমন আপনার সন্ততিকে আপনিই  
বিনষ্ট করে, তজ্জপ আপনিও যখন এমন গুণভূষণ  
সন্তানকে অকারণে অরণ্যবাসে নির্বাসিত করিলেন,  
তখন আপনার ন্যায় নির্দিয় ও আপনার ন্যায় পাষাণ-  
ছদ্য আর ছইটী নাই। মহারাজ ! মহর্ষিগণ শাস্ত্রে যে  
ধর্ম সংস্কারন কবিয়াছেন, বিপ্রবর্গেরা সমাদর পূর্বক  
যাহা প্রতিপালন করিয়া আসিতেছেন, আপনার মনে  
যদি সেই সনাতন ধর্ম সত্য বলিয়া বোধ হইত,  
তাহা হইলে এমন গুণের পুত্রকে কদাচ নির্বাসিত  
করিতেন না। আর দেখুন, স্তু জাতির তিনটী মাত্র  
গতি, তত্ত্বাধ্যে পতিই প্রথম গতি, দ্বিতীয় পুত্র ও  
তৃতীয় জাতি, এতদ্যাতীত তাহাদের আর গত্যস্তর  
নাই। কিন্তু পাপ সপ্তদ্঵ীর বশীভূত হইয়া মহারাজ এ  
চিরহৃঢ়খনীকে এক দিনের জন্যও স্থায়ী করেন নাই।  
মনে করিয়াছিনাম, আমার রাম বড় হইলেই আমার  
সকল দুঃখ, সকল সন্ত্বাপ ও সকল যাতনা নিবারণ হইবে,  
কিন্তু আমার সেই আশালতার ফল হইতে না হইতেই  
আপনি তাহা স্বহস্তে ছেদন করিয়া ফেলিলেন। তৃতীয়  
গতি জাতি বর্গেরাও দূরদেশবর্ণী, স্বতরাং আমি সর্ববিধা  
বিনষ্ট হইলাম ! স্বামী বিদ্যমানে ষ্টেচাচারিণী হইয়া  
বন গমন করাও স্তুজাতির পক্ষে নিতান্ত স্থানিত কার্য ।

ଅତେବ ମହାରାଜ ! ବିବେଚନା କରିଯା ଦେଖୁନ, ଆପନା ହଇତେଇ  
ଆମାର ପ୍ରାଣକୁ ହଇଲ, ଆପନା ହଇତେଇ ଏହି କୋଶଲରାଜ୍ୟ  
ନାନାପ୍ରକାର ବିଶ୍ଵାସା ଉପସ୍ଥିତ ହଇଲ, ଆପନା ହଇତେଇ  
ପୌରବର୍ଗେର ସର୍ବନାଶ ହଇଲ, ମନ୍ତ୍ରିରା ଏତ ଦିନେ ଦୀନଦଶ୍ୟା  
ପଡ଼ିଲ ଏବଂ ଆମିଓ ପୁତ୍ରେର ସହିତ ଏକେ ବାରେ ଉଂସନ୍ତର  
ହଇଲାମ । ଏଥିନ କେବଳ ଆପନାର ପତ୍ନୀ ଓ ପୁତ୍ରଙ୍କ ସୁଖୀ,  
ଓ ମିକଣ୍ଟକେ ଥାକିବେନ ।

ଶୋକକୁଳା କୋଶଲ୍ୟା ଶୋକଭରେ ଓ ରୋଷାବେଶେ ଏହିନ୍ତପ  
ପର୍ଯୁଷବାକ୍ୟ ପ୍ରୟୋଗ କରିଲେ, ବୃଦ୍ଧରାଜୀ ଦଶରଥ “ହାୟ କି  
ହଇଲ ” ଏହି ବଲିଯା ପ୍ରବଳ ଶୋକବେଗେ ଦୁଃଖିତ, ବିମୋହିତ  
ଓ ମୁଛ୍ଚିତ ହଇଯା ପଡ଼ିଲେନ । କିଯଂକାଳ ପରେ, ସଂଜ୍ଞାଲାଭ  
ହଇଲେ, ଗୁରୁତର ଶୋକାନଳ ତାହାର ହଦୟକନ୍ଦରେ ପ୍ରବିଷ୍ଟ  
ହଇଲ । ତଥନ ତିନି ଦୀନ ଘନେ ବାବଂବାର ଆଉହୁତ ଛୁକ୍ତିର  
ପରିଗାମ ଚିନ୍ତା ବରିତେ ଲାଗିଲେନ

— \* —  
ଦ୍ଵିତୀୟ ଅଧ୍ୟାୟ ।

କି କାରଣେ ତାହାର ଏମନ ଅଚିନ୍ତନୀୟ ବିପଦ ସଂଘଟିତ  
ହଇଲ, ବାରଂବାର ଏହି ବିଷୟେର ଆଲ୍ମୋଳନ କରିତେ କରିତେ  
ଶୋକ ପ୍ରଭାବେ ତଦୀୟ ଜ୍ଞାନ ଶକ୍ତି ଏକେବାରେ ବିନଷ୍ଟ ହଇଯା  
ଗେଲ । ତିନି ଏକ ବାର ଦୀନନଯନେ ପାଶ୍ଚବର୍ଜିନୀ ଦେବୀ

কৌশল্যার দিকে চাহিতে লাগিলেন, আরবাৰ সুদীৰ্ঘ  
নিষ্ঠাসভার পরিত্যাগ পূৰ্বক নিমীলিত মেত্ৰে চিন্তা  
কৱিতে লাগিলেন। পূৰ্বে অজ্ঞানতা-প্রযুক্ত শব্দমাত্ৰ  
লক্ষ্য কৱিয়া মুনিকুমারেৰ বধকৰণ যে ঘোৱতৰ অকার্যেৰ  
অনুষ্ঠান কৱিয়াছিলেন, তৎকালে তাহাই তাহার স্মৃতিপথে  
সমুদিত হইল। বৃক্ষরাজা একেইত রামশোকে সাতিশয়  
সন্তপ্ত ছিলেন, ইহার পৰ আবাৰ নিৰ্দোষ মুনিকুমারেৰ  
বধজনিত অনুত্তাপ তাহাকে দ্বিগুণত উত্তাপিত কৱিয়া  
তুলিল। তৎকালে শোকে শোকে তাহার মন্তক ঘূর্ণিত,  
মুখবৰ্ণ বিবৰ্ণ ও সৰ্বশৰীৰ কম্পিত হইতে লাগিল।  
তখন তিনি অধোবদমে কৃতাঞ্জলি হইয়া কৌশল্যাকে  
প্ৰসন্ন কৱিবাৰ আশয়ে বিনীত বচমে কহিতে লাগিলেন,  
দেবি ! তুমি শক্তিৰ প্ৰতিষ্ঠা সৰ্ববদা স্বেহপৰীত মেত্ৰে  
দৃষ্টিপাত কৱিয়া থাক, এবং তোমাৰ ব্যবহাৰও সৰ্বত্ৰ  
সৱল ও সমানৱৰ্ণ। এক্ষণে আমি কৃতাঞ্জলিপুটে বিনয়  
কৱিয়া কহিতেছি, আমাৰ প্ৰতি প্ৰসন্ন হও। দেখ, যে  
সকল স্তুলোকেৱ বৰ্ষজ্ঞান আছে, স্বামী গুণবান্মৈ হউন,  
আৱ নিগ্ৰণই হউন, তাহাকে সাক্ষাৎ পৱন দেবতা  
বলিয়া জ্ঞান কৱা তাহাদেৱ অবশ্য কৰ্তব্য। তুমি অতি  
ধৰ্মশীলা, ও সদসন্ধিচাৰ কুশলা, যদিচ তুমি আমা  
হইতেই দুঃসহ পুত্ৰশোকানলে দিবা নিশি সন্তপ্ত হইতেছ,  
তথাপি শোকেৱ উপৱ আমাৰ প্ৰতি কঠোৱ বাক্য  
প্ৰয়োগ কৱা তোমাৰ উচিত হয় না। দেখ, আমি

একেই ত পুত্রশোক দহনে নিরস্তর মর্মবেদনায় দন্ত হই-  
তেছি, ইহার পর আবার তুমি কটু বাক্য প্রয়োগ করিলে  
আমি মুহূর্তকালও জীবন ধারণ করিতে পারিব না। এই  
মাত্র বলিয়া দশরথ মৌনাবলম্বন করিলেন।

তখন কৌশল্যা স্বামীর তাদৃশী কাতরোক্তি শ্রবণ ও  
তাদৃশী দীনদশা দর্শন করিয়া, প্রণালী (১) যেমন বর্ষার  
জলধারা বিমোচন করে, তজ্জপ, অবিরল ধারায় ময়ন-  
বারি বিসর্জন করিতে লাগিলেন, এবং তদীয় কঘল-  
কালিকাকার অঞ্জলি স্বহস্তে গ্রহণ ও নিজমস্তকে স্থাপন  
পূর্বিক সমস্ত্রমে ও সভ্যাস্ত্রঃকরণে কহিলেন, মহারাজ !  
আমি আপনার পাদপদ্মে সাটান্ত্রে প্রণিপাত করি,  
কৃতাঞ্জলিপুটে ভিক্ষা করি, আপনি এ কিঙ্কুরীর প্রতি  
প্রসম্ম হউন। আপনি আমার পরমদেবতা হইয়াও  
যখন আমার নিকট কৃতাঞ্জলি হইলেন, তখন নিশ্চয়  
আমার সর্বনাশ হইবে। নরকেও আমার স্থান হইবে  
না। অতঃপর আমি আর আপনার ক্ষমার পাত্রী নহি।  
ইহলোকের ও পরলোকের শ্লাঘনীয় পরমদেবতা পর্তি, যে  
নারীকে প্রসম্ম করেন সে কথনই কুলস্ত্রী বলিয়া পরি-  
গণিত হইতে পারে না। নাথ ! আমার ধর্মজ্ঞান আছে,  
এবং আপনি যে অবিতীয় সত্যবাদী, তাহাতেও আমার  
কিছুমাত্র সন্দেহ নাই। আমি কেবল দুঃসহ পুত্রশোক-

(১) ঔসাদের জলমির্গম-পথ, বা মানু ইতি প্রসিদ্ধ।

প্রভাবে নিতান্ত ব্যথিত ও হতজান হইয়াই ভবাদৃশ  
সত্যনির্ণ স্বামীকেও সামান্য কামিনীর ন্যায় এক্লপ  
অপ্রিয় কথা কহিলাম। দেখুন, ধৈর্য ও শান্তজ্ঞান প্রভৃতি  
সদগুণ সমুদায় শোক হইতেই একেবারে বিনষ্ট হইয়া  
যায়, শোকপ্রভাবে হতজান হইয়া অতি বিচক্ষণ ব্যক্তি-  
রাও সহসা অপথে পদার্পণ করে। ত্রিলোকে শোকের  
সমান পরম শক্ত আর নাই। বলিতে কি, বিপক্ষের  
প্রহারও অনায়াসে সহিয়া থাকা যায়, কিন্তু শোক  
যদি অল্পমাত্রও হস্তয়মন্দিরে প্রবিষ্ট হয়, তাহা হইলে,  
সে ঘাতনা সহ্য করা সামান্য মনুষ্যের সহজ ব্যাপার  
নহে। আজ পাঁচ দিন হইল, আমার রাম বনগামী  
হইয়াছেন, তাহার বিরহ বেদনায় আমি এক্লপ ব্যাকুল  
ও নিরানন্দ হইয়াছি যে, ঐ পাঁচ দিন পাঁচ বৎসর  
বলিয়া আমার বোধ হইতেছে। সাগর যেমন নদীপ্রবাহে  
পরিবর্কিত হয়, তজ্জপ রাম চিন্তায় আমার শোকসিঙ্কু  
দিন দিন গুরুতর শরীর ধারণ করিতেছে। অতএব  
মহারাজ ! আমি শোকপ্রভাবে হতজান হইয়াই  
আপনাকে এমন নিষ্ঠুর কথা কহিয়াছি, প্রার্থনা করি,  
নিজদাসী বলিয়া আমার প্রতি প্রসন্ন হউন।

এই বলিয়া কৌশল্যা স্বামীর অনুনয় করিতেছেন,  
ইত্যবসরে দিনমনি তাহাদের দীনদশা দেখিয়া দ্রুঃখিত  
হইয়াই যেন নিজতেজঃ সঙ্কোচ করিয়া অস্তাচল-  
শিখরে অধিরোহণ করিলেন, দেখিতে দেখিতে রঞ্জনীও

ଆସିଯା ଉପର୍ଦ୍ଧିତ ହିଲ । ରାଜା ଦଶରଥ ରାଜୀର ମୁଖ୍ୟନିଃସ୍ତ ମେହି ଶ୍ରମଧୂର ବଚନ-ବିନ୍ୟାସ ଅବଗେ ଅପେକ୍ଷାକୃତ କିଞ୍ଚିତ୍ସ୍ଵର୍ତ୍ତ ହିଯା ସର୍ବଦୁଃଖରା ନିଜାଦେବୀର ଶରଗାପନ ହିଲେନ ।

————— \* —————

### ତ୍ରିଷର୍ତ୍ତିତମ ଅଧ୍ୟାୟ ।

ସ୍ଵର୍ଗ ରାଜା ପୁତ୍ରଶୋକେ ଅନୁକ୍ଷଣ ଅସ୍ତର୍ଦ୍ଦଫ ହିତେଛିଲେନ । ଶ୍ରତରାଂତାହାର ଅଧିକକାଳ ନିଜା ହିଲ ନା । ମୁହଁର୍ତ୍ତ ମଧ୍ୟେ ଜାଗରିତ ହିଯା ଆବାର ରାମଚିନ୍ତାୟ ବ୍ୟାକୁଳ ହିଯା ପଢ଼ିଲେନ । ଅସାଧାରଣ ତେଜସ୍ଵୀ ହିଲେଓ, ରାହୁ ଯେମନ ସୂର୍ଯ୍ୟଦେବକେ ଆବରଣ କରେ, ତଜ୍ଜପ, ପୁତ୍ରଶୋକରୂପ ନିବିଡ଼ ଅନ୍ଧକାର ତାହାର ମନକେ ସର୍ବଥା ଆବୃତ କରିଲ । ଯେ ଦିନ ରାମ ଅଯୋଧ୍ୟା ହିତେ ନିର୍ବାସିତ ହିଯାଛେନ, ତାହାର ସର୍ଷ ରଜନୀର ନିଶ୍ଚିଥ ମଘୟେ ରାଜା, ନିର୍ଦ୍ଦୋଷ ମୁନିକୁମାରେର ବଧଜନିତ ଆପନ ଛକ୍ତିର ପରିଗାମ ପର୍ଯ୍ୟାଲୋଚନା କରିଯା ଶୋକାକୁଳା କୌଶଲ୍ୟାକେ କହିଲେନ, ଦେବି ! ଯେବ୍ୟକ୍ତି ଯେତୁପ ଶୁଭାଶୁଭ କାର୍ଯ୍ୟର ଅନୁଷ୍ଠାନ କରେ, ତାହାକେ ଅବଶ୍ୟ ତାହାରୁ ଅନୁରୂପ ଫଳଭୋଗୀ ହିତେ ହୁଯ । ଯେବ୍ୟକ୍ତି କୋନ କାର୍ଯ୍ୟର ପ୍ରାରମ୍ଭେ କର୍ମଫଳେର ଗୌରବ, ଲାଘୁ ଓ ଦୋଷଗୁଣ ବିଚାର ନା କରେ, ମେ ନିତାନ୍ତ ବାଲକ, ପଲାଶବୃକ୍ଷେର ପୁଞ୍ଜ ଅତିଶ୍ଵରୁଶ୍ୟ, ଇହାର ଫଳର

## ରାମାୟଣ ।

ତଦନୁରୂପହି ହଇବେ, ଏଇରୂପ ଅନୁମାନ କରିଯା ଯେ ସ୍ଵକ୍ଷିଳ୍ପ  
ଆତ୍ମକାନନ ଛେଦନ ପୂର୍ବକ ପଲାସରୁକେ ଜଳମେକ କରେ,  
ପୁଞ୍ଚେର ଶୋଭା ଦର୍ଶନେ ମୁଢ଼ ହଇଯା ଫଳକାଲେ ତାହାକେ ଅବ-  
ଶ୍ୟାଇ ହତାଶ ହଇତେ ହୁଁ । ଅତଏବ କର୍ମେର ଭାବୀ ଫଳ ନା  
ଭାବିଯା ଯେ ବକ୍ତି ସହସା ତାହାର ଅନୁଷ୍ଠାନ କରେ,  
ପରିଗମେ ମେ ନିତାନ୍ତ ଶୋଚନୀୟ ହଇଯା ଥାକେ ।  
ଦେବ ! ଆମି ଅତିନିର୍ବୋଧ, ଆମିଓ ସ୍ଵହଞ୍ଚେ ଆତ୍ମବନ  
ଛେଦନ କରିଯା ପଲାସରୁକେ ଜଳମେକ କରିଯାଛିଲାମ, ଏକଥେ  
ପୁନ୍ନ ଲଇଯା ରୁଥି ହଇବାର ସମୟେ ପୁନ୍ନକେ ନିର୍ବାସିତ କରିଯା  
ଦିବାନିଶ ଅନୁତାପ ଭୋଗ କରିତେଛି । ମହିଷି ! ଯେ  
କାରଣେ ଆମାର ଭାଗ୍ୟ ଏହି ଅଭାବିତ ଦୁର୍ଘଟନାର ସଂଘଟନ  
ହଇଲ, କହିତେଛି, ଅବଗ କର ।

ଆମି ଯଥନ କୌମାରାବସ୍ଥାଯ ଧନୁର୍ବିଦ୍ୟା ଅଭ୍ୟାସ କରି,  
ତ୍ରେକାଳେ ଶବ୍ଦମାତ୍ର ଶୁନିଯା ଲକ୍ଷ୍ୟଭେଦ କରିତେ ଶିଖିଯା-  
ଛିଲାମ, ତଦନୁସାରେ ଲୋକେଓ ଆମାଯ ଶବ୍ଦବେଦୀ ବଲିଯା  
ଜାନିତ । ଦେବ ! ଅମ୍ଭେର ଦୋଷ କି ? ଏ ସମୟେ ଆମି  
ସ୍ଵହଞ୍ଚେ ଯେ ଅକାର୍ଯ୍ୟର ଅନୁଷ୍ଠାନ କରିଯାଛିଲାମ, ଏଥନ  
ତାହାରଇ ପରିଗମ ଭୋଗ କରିତେଛି । ଯେମନ ବାଲକ  
ଅଜ୍ଞାନ ବଶତଃ ବିଷପାନ କରିଯା ଆପନାର ମୃତ୍ୟ ଆପନିଇ  
ଆହ୍ୱାନ କରେ, ତୁଙ୍କପ ଆମିଓ ଅଜ୍ଞାନ ବଶତଃ ଆପନାର  
ମୃତ୍ୟୁପାଶ ଆପନିଇ ସ୍ଵହଞ୍ଚେ କରିଯା କଣେ ଧାରଣ କରିଯାଛ ।  
ଯେମନ କେହ, ନା ଜାନିଯା ପଲାଶପୁଞ୍ଚେ ଘୋହିତ ହୁଁ, ଆମିଓ  
ମେଇରୂପ ଅଜ୍ଞାନ ତିମରେ ଆଚନ୍ଦ ହଇଯା ଶବ୍ଦାନୁସାରେ

ଲକ୍ଷ୍ୟ ଭେଦ କରିତେ ଶିଖିଯାଛିଲାମ । ମହିଷି ! ସଥନ ଆମାର ବିବାହ ହ୍ୟ ନାଇ, ଆମି ଯୁବରାଜ, ଏହି ଅବସ୍ଥାଯ ଏକଦା ଆମାର କାମୋଦୀପକ ବର୍ଷାକାଳ ଉପଚିତ ହିଲ । ତଗବାନ୍ ମୟୁଥମାଲୀ ଭୂମିର ରମ ଆକର୍ଷଣ ପୂର୍ବକ ଅତି କଠୋର କିରଣେ ଜଗିଥ ଉତ୍ତାପିତ କରିଯା ଦକ୍ଷିଣ ଦିକେ ଗମନ କରିଲେ, ସଜଳ ଜଳଦାବଲୀ ନତୋମଣ୍ଡଳେ ଆବିଭୁତ ହିଲେ, ତୃକ୍ଷଣାଂ ପୃଥିବୀର ଉତ୍ତାପ ଦୂର ହଇଯା ଗେଲ । ବର୍ଷାଗମେ ଭେକ, ଚାତକ, ଓ ମୟୁରଗଣ ଆହ୍ଲାଦଭରେ ଅଗନି ବୃତ୍ୟ କରିତେ ଲାଗିଲ । ବୃକ୍ଷଶାଖା ମକଳ ବର୍ଷାପତନରେଣେ ଓ ବାୟୁ ଭରେ ଦିବାନିଶ କଷ୍ଟିତ ହିତେ ଲାଗିଲ । ବର୍ଷାଜଳେ ସ୍ଵାତ ଓ ପଞ୍ଚେର ଉପରିଭାଗ ମିଳି ହେଉଥାତେ ବିହଙ୍ଗମରା ଅତିକଟେ ବୃକ୍ଷଶାଖା ଆଶ୍ରୟ କରିଲ । ମଦଗତ ମୟୁର-ଶୋଭିତ ପର୍ବତ ମକଳ ଅବିରଳପତିତ ବାରିଧାରାଯ ଆହ୍ଵାତ ହଇଯା ଜଲରାଶିର ନ୍ୟାୟ ଦୃଷ୍ଟମାନ ହିଲ । ତଥାକାର ଜଲଶ୍ରୋତ ସ୍ଵଭାବତ ସ୍ଵଚ୍ଛ ଓ ନିର୍ମଳ ହିଲେଓ ପର୍ବତମହୁତ ଗୈରିକାଦି ଧାତୁସଂଘୋଗେ କୋଥାଓ ଲୋହିତବର୍ଣ୍ଣ, କୋଥାଓ ପାଞ୍ଚବର୍ଣ୍ଣ ଓ କୋନ କୋନ ହାନେ ଭୟମିଶ୍ରିତ ହଇଯା ଭୁଜଙ୍ଗବଂ ବକ୍ରଗମନେ ତଥା ହିତେ ପ୍ରବାହିତ ହିତେ ଲାଗିଲ । ଦେବ ! ଏହି ସୁଖମୟ ବର୍ଷାମନ୍ୟର ପ୍ରାରମ୍ଭେ ଯୁଗ୍ୟାବିହାର-ସୁଖଲାଲମ୍ୟ ଆମାର ମନ ନିତାନ୍ତ ଚଞ୍ଚଳ ହଇଯା ଉଠିଲ । ତଦମୁଦ୍ରାରେ ଆମି, ରାତ୍ରିଯୋଗେ ଜଳପାନାର୍ଥ ନିପାନେ (୧) ଆଗତ

(୧) କୁପ ଓ ପୁକ୍କରଣୀ ପ୍ରତ୍ୱତିର ମିକଟେ ଗବାଦିର ଜଳ ପାମାର୍ଥ ନିର୍ମିତ ଜଳାଧାର ।

ମହିମ, ବରାହ, ହଞ୍ଚୀ ଓ ଅନ୍ୟାନ୍ୟ ବନ୍ୟଜନ୍ମଦିଗେର ପ୍ରାଣସଂହାର କରିବାର ବାସନାୟ ଶର ଓ ଶରାସନ ଧାରଣ ଓ ରଥାରୋହଣ ପୂର୍ବକ ସର୍ଯ୍ୟତଟେ ଉପହିତ ହଇଲାମ ।

ଅନୁଷ୍ଠାନ, କ୍ରମେ ଦିବୀ ଅବସାନ ଓ ଚାରି ଦିକ୍ ଅନ୍ଧକାରେ ଆହୁତ ହଇଲ । ଦୈବଗତ୍ୟ ଏକ ତାପସକୁମାର ଜଳାହରଣାର୍ଥ ତଥାଯ ଆସିଯା ବେତମଲତାନ୍ତରାଳେ କଳମେ ଜମପୂରଣ କରିତେଛିଲେନ । ଦେବି ! ଝିକ୍କ କୁନ୍ତପୂରଣେଜୁବ ଶବ୍ଦ ଶ୍ରବଣେ ଆମି ମନେ ମନେ ବିନେଚନ । କରିଲାମ, ବୁଝି, କୋନ ବନ୍ୟକରୀ ସଲିଲାବଗାହନ ପୂର୍ବକ ଶବ୍ଦ କରିତେଛେ । ତଥବ ଆମି ତାହାକେ ବଧ କରିବାର ନିଶ୍ଚିନ୍ତ ମେହି ଶବ୍ଦ ଲଙ୍ଘ୍ୟ କରିଯା କାଳଭ୍ରଜଙ୍ଗମେର ନ୍ୟାୟ ଭୟାବହ ସ୍ଵତ୍ତୀକୁ ଶର ତୁଣୀର ହଇତେ ଅହଣ ପୂର୍ବକ ନିଷ୍କେପ କରିଲାମ । ବାଣ ପରିତ୍ୟକ୍ତ ହଇବା-ମାତ୍ର ଶବ୍ଦାନୁମାରେ ଯୁନିପୁଣ୍ୟର ହଦୟଦେଶେ ବିନ୍ଦୁ ହଇଲ । ଋଷିକୁମାର ଆମାର ମେହି ଭୀଷଣ ଶରେ ମର୍ମେ ଆହୁତ ଓ ସଲିଲେ ନିପତିତ ହଇଯା “ହା ତାତ ! ହା ମାତଃ ! ” ବଲିଯା ଉଚ୍ଚେ-ସରେ ରୋଦନ କରିଯା ଉଠିଲେନ ଏବଂ ବାଞ୍ଚଗନ୍ଦ କଟେ କହିଲେନ, ହାଁ ! ଆମି ଏକଜନ ତାପସକୁମାର, ହଙ୍କେର ବନ୍ଧୁଙ୍କ ବା ମୃଗଚର୍ଚ ପରିଧାନ ଓ ମସ୍ତକେ ଜଟାଭାର ଧାରଣ କରିଯା ବନ୍ଧୁଧ୍ୟେ ବନ୍ୟ ଫଳମୂଳ ଘାତେ ଜୀବିକା ନିର୍ବାହ କରିଯା ଥାକି, ଯାହାତେ ଅନ୍ୟେର କ୍ରେଣ ବା ଅସନ୍ତୋଷ ଜନ୍ମେ, ଆମି ପ୍ରାଣକ୍ଷେତ୍ର କଥନ ମେ କାର୍ଯ୍ୟର ଅନୁଷ୍ଠାନ କରି ନା । ତବେ ଅକାରଣେ ଏହି ଭୀଷଣ ଶର ଆମାର ଉପର ନିପତିତ ହଇଲ କେନ ? ଆମି ରଜନୀଯୋଗେ ନିର୍ଜନ ନଦୀତେ ଜଳ ଲାଇତେ ଆସି

যাছিলাম, এ সময়ে কোন্ত ব্যক্তি আমার প্রাণবিনাশে অভিলাষী হইয়াছেন। আমি কি তাহার কোন অপরাধ করিয়াছি? নির্দোষ মুনিকুমারের প্রাণ সংহার করিয়া তাহার কি পুরুষত্বই বর্দ্ধিত হইবে? জানি না, নিরপ-রাধে আমার প্রতি বাণ নিষ্কেপ করিয়া কোন্ত ব্যক্তির অঁচকরণ আনন্দরসে প্লাবিত হইতেছে। যেমন গুরু-পত্র-গমন ঐহিক ও পারত্বিক উভয়বিধি অশুভের কারণ হয়, অনর্থক আমার প্রাণবধও তজ্জপ অস্থখের হেতুভূত হইয়াছে। হায়! এই ভীষণ শরাঘাতে আমার প্রাণবিনাশ হইল, এজন্য আমি অণুমাত্রও অমুক্তাপ করি না, আমার বিনাশে শেষ দশায় আমার বৃক্ষ পিতা মাতা যে “হা পুত্র! হা পুত্র!” বলিয়া মন্ত্রলীলা সংবরণ করিবেন ইহাতেই আমি যার পর নাই দুঃখিত হইয়াছি। আহা! আমিই কেবল তাহাদের একমাত্র সন্তান, তাহাদের আর সন্তান নাই। আতপত্তাপে পিপাসার্ত হইলে, আমিই তাহাদিগকে জলদ্যন করি, দিনান্তে ক্ষুধা র্ত হইলে আমিই আহার অন্নেসন করিয়া থাকি। জানি না, এক্ষণে আমার অভাবে তাহারা কিরূপে দিন পাত করিবেন। হায়! এমন অধার্মিক ও এমন নির্দয় বালক কে আছে, যে একমাত্র শরে আমাদের সকলেরই প্রাণ বিনাশ করিল।

দেবি! নিশাকালে সেই ঋষিতনয়ের এইরূপ করণ বাক্য শ্রবণ করিয়। আমার হস্তস্থিত শর ও শরাসন

ସ୍ଥଳିତ ଓ ଭୂମିତମେ ନିପତିତ ହଇଲ, ଆମି ମନେ ଘରେ  
ବଡ଼ି ଶକ୍ତି ହଇଲାମ, ଶୋକେ ନିତାନ୍ତ ବିମୋହିତ ହଇଯା  
ପଡ଼ିଲାମ, ଆମାର ବଲବୀର୍ଯ୍ୟ ଯେନ ଏକେବାରେ ବିଲୁପ୍ତପ୍ରାୟ  
ହଇଲା । ତଥନ ଆସି ଏକାନ୍ତ ବିମନାୟମାନ ହଇଯା ସମ-  
ଜ୍ଞମେ ଇତ୍ତତଃ ଅସ୍ଵେଶ କରିତେ କରିତେ ତଥାଯ ଗିଯା  
ଦେଖିଲାମ, ଏକ ତାପମତନୟ ବିଷମ ଶରାଘାତେ ଭୂତମେ ଶ୍ୟାମ  
ଆଛେନ, ତୁହାର ଜଟାକଳାପ ଇତ୍ତତ ବିକିଷ୍ଟ, ଓ ଅଙ୍ଗ-  
ଅତ୍ୟନ୍ତ ସକଳ ଶୋଣିତେ ଲିପ୍ତ ହଇଯାଛେ । ଏବଂ ଜଲପୂର୍ଣ୍ଣ  
କଳମ ଭୂତମେ ପତିତ ରହିଯାଛେ ।

ଶର୍ମି ! ଆମି ସମ୍ମିହିତ ହଇଲେ, ଝମିକୁମାର ଆମାର  
ପ୍ରତି କିମ୍ବଂକାଳ ହିରନ୍ୟେତେ ଦୃଷ୍ଟିପାତ କରିଯା ରହିଲେନ,  
ତଥନ ଆମାର ବୋଧ ହଇଲ, ତଦୀୟ ତପୋମୟ ପ୍ରଦୀପ  
ତେଜୋରାଶି ଆମାକେ ଭୟମାଁ କରିତେଇ ଯେନ ଉଦ୍‌ଯତ  
ହଇଯାଛେ । କିମ୍ବଂକଣ ପରେ ମୁନିକୁମାର କଠୋର ବାକ୍ୟେ  
କହିଲେନ, ମହାରାଜ ! ଆମି ବନବସୀ, ଆମାର ପିତା ମାତା  
ଦିବାନିଶି ତପଃମାଁ ନେ ନିରତ ଆଛେନ, ଆମି ତୁହାଦେର  
ନିମିତ୍ତ ଜଳ ଲାଇତେ ଏହି ସର୍ବ୍ୟୁତଟେ ଆସିଯାଛି, ଆମାର  
ଅପରାଧ କି ? ଆମି କି ଆପନାର କୋନକୁପ ଅପକାର  
କରିଯାଛି ? ତବେ ଅକାରଣେ ଆମାର ପ୍ରାଣ ବିନାଶ କରିଲେନ  
କେନ ? ଆପନି ଏକମାତ୍ର ଶର ଆମାର ହନ୍ଦଯେ ବିନ୍ଦ କରିଯା  
ଆମାର ଏବଂ ଆମାର ଅନ୍ଧ ପିତା ମାତାରଙ୍କ ପ୍ରାଣ ବିନାଶ  
କରିଲେନ । ଆହା ! ମହାରାଜ ! ତୁହାରା ଏକଣେ ନିତାନ୍ତଈ  
ସ୍ଵର୍ଗ ହଇଯାଛେନ, ବିଶେଷତଃ ତୁହାରା ଅନ୍ଧ, ସ୍ଵଶ୍ରଦ୍ଧିତେ

গমনাগমন করিতে সমর্থ নাই। স্বতরাং এতক্ষণ পিপাসার্থ হইয়া নিশ্চয় আমার প্রতীক্ষা করিতেছেন। আমি জল লইয়া গমন করিলে তৃষ্ণা নির্বারণ করিবেন, এই প্রত্যাশায় তাঁহারা বহুক্ষণ ছিলেন, বোধ হয়, এতক্ষণ পিপাসা সংবরণ করিয়া থাকিবেন। নিশ্চয় জামিলাম, আমার ও পিতৃদেবের শাস্ত্রাভিনিবেশ ও তপশ্চর্যার কোন ফলই নাই। নতুবা আমি এই ভীষণ শরাঘাতে ভূতলে পতিত ও শয়ান রহিয়াছি, পিতা তাহা জানিলেন না কেন? অথবা জানিলেই বা কি করিবেন, তিনি স্বয়ং অশক্ত, বিশেষতঃ অক্ষয়নিবন্ধন গমনাগমনে সম্পূর্ণ অক্ষম। একটী বৃক্ষ প্রবল বায়ুভৱে ভিদ্যমান হইতেছে, দেখিয়া অন্য বৃক্ষ তাহাকে কোন রূপেই রক্ষা করিতে পারে না। যাহাই হউক, মহারাজ! আপনি এক্ষণে স্বয়ংই পিতার নিকট গিয়া এই শোকাবহ বৃত্তান্ত আদোপান্ত নিবন্ধন করুন। কিন্তু সাবধান, অঘি পরিবর্দ্ধিত হইয়া যেমন সমষ্ট কানন ভস্ত্যসাং করিয়া ফেলে, মেইরূপ তিনি ও যেমন ক্রোধাঙ্ক হইয়া আপনাকে দঞ্চ না করেন। আপনি এই সূক্ষ্ম পথে গমন করুন, কিছু দূর গমন করিলেই পিতৃদেবের আশ্রমপদ দেখিতে পাইবেন। আপনি তথায় গিয়া প্রথমে আমার পিতৃদেবকে প্রসন্ন করিন্নেন, কিন্তু মহারাজ! যহুর্ধিরা ক্রোধাঙ্ক হইয়া যে অভিশাপ প্রদান করেন, কিছুতেই তাঁহার অন্তর্থ হয়

ନା, ଅତ୍ରଏବ ଦେଖିବେନ, ଯେନ ଅଭିସମ୍ପାତ ରୂପ ପ୍ରଦୀପ  
ପାବକଶିଥାୟ ଆପନାକେ ଭସ୍ମମାଁ ହିତେ ନା ହୁଁ । ନର-  
ନାଥ ! ନଦୀବେଗ ସେମନ ଅନ୍ତଃକ୍ଷଫିତ ହଇଯା ମିକତାମୟ ତୀର-  
ଭୂମିକେ ଆହତ କରେ, ତନ୍ଦ୍ରପ ଆପନାର ଏହି ସ୍ଵତୀକୁ ଶର  
ଆମାର ମର୍ମଦ୍ୱାନେ ଅତ୍ୟନ୍ତ ଯାତନା ପ୍ରଦାନ କରିତେଛେ ।  
ଅ ତ୍ରୈବ ସତ ଶୀଘ୍ର ପାରେନ, ଆମାର ବକ୍ଷ ହିତେ ଶଲ୍ୟ  
ଉଦ୍ଧାର କରୁନ ।

ମହିଧି ! ଋଧିକୁମାର ସଥନ ଆମାକେ ଶରାକର୍ଷଣ କରିତେ  
କହିଲେନ, ତଥନ ଆମି ଭାବିତେ ଲାଗିଲାମ, ସଦି ଶଲ୍ୟ  
ଥାକେ, କ୍ରମଶହି ଅଧିକତର ବେଦନା ଦିବେ; ସଦି ଉଦ୍ଧାର  
କରି, ମୁନିକୁମାରେର ଏଥନ୍ତି ପ୍ରାଣ ବିଯୋଗ ହିବେ । ଏହି  
ରୂପ ଚିନ୍ତା କରିତେ କରିତେ ଆମି ଅମୀମ ଶୋକସାଗରେ  
ସନ୍ତରଣ କରିତେ ଲାଗିଲାମ । କ୍ରମେ ମୁନିକୁମାର ଓ ଅବ-  
ସମ୍ମ ହିଇଯା ପଡ଼ିଲେନ । ତାହାର ନେତ୍ରଦୟ ସୁର୍ଣ୍ଣିତ ହିତେ  
ଲାଗିଲ, ଅଙ୍ଗ ପ୍ରତ୍ୟନ୍ତ ସକଳ କ୍ରମଶ ନିଷ୍ପଳ ହଇଲ ।  
ଆହା ଦେବି ! ଋଧିଦିଗେର ସ୍ଵଭାବ କି ନିର୍ମଳ ! ମୁନିକୁମାର  
ଆମା ହିତେହି ଏତ ଯତ୍ର । ଭୋଗ କରିତେଛେନ, ତଥାପି  
ଆମାକେ ହୁଅଥିତ ଓ କାତର ଦେଖିଯା ଅତି କଷ୍ଟେ କହି-  
ଲେନ, ମହାରାଜ ! ଭୟ ନାହି, ଆମି ଧୈର୍ଯ୍ୟର ମହିତ ଚିନ୍ତର  
ଦୈର୍ଘ୍ୟ ସମ୍ପାଦନ ଓ ଶୋକ ମସରଣ ପୂର୍ବକ କହିତେଛି,  
ଅନ୍ଧହତ୍ୟା କରିଲାମ ବଲିଯା ଆପନାର ମନେ ଯେ ଅନୁତାପ  
ଓ ଭୟ ଉପହିତ ହିଇଯାଛେ, ତାହା ପରିତ୍ୟାଗ କରୁନ ।  
ଆମି ବ୍ରାଙ୍ଗ ନହି, ବୈଶ୍ୟର ଓରମେ ଓ ଶୁଦ୍ଧାର ଗର୍ଭେ

জন্ম গ্রহণ করিয়াছি । মুনিকুমার অঙ্কোচ্চারিত গদগদ  
স্বরে কথঞ্চিৎ এই কথা কহিলে, আমি তাহার বক্ষ  
হইতে শল্য উক্তার করিয়া লইলাম । শরাকষ্ট মাঝ  
তাহার সর্বশরীর হৃত্যবাতনায় কম্পিত ও আকুঞ্চিত  
হইতে লাগিল । তিনি যার পর নাই ব্যথিত ও মরণ-  
ভয়ে ভীত হইয়া বারংবার আমার প্রতি দৃষ্টি পাত  
করিতে লাগিলেন । এবং কিয়ৎ কাল পরেই প্রাণ  
ত্যাগ করিলেন । দেবি ! নির্দোষ মুনিবালকের তাদৃশী  
দশা দেখিয়া আমি যে তখন কি পর্যন্ত বিষণ্ণ ও  
বিমনায়মান হইয়াছিলাম, তাহা আর বলিতে পারি না ।

---

### চতুর্থাংশ্চ অধ্যায় ।

এই বলিতে বলিতে রাজা দশরথের শোকসাগর  
অনিবার্যবেগে উচ্ছলিত হইতে লাগিল । একেই ত  
পুত্রশোক দহনে দিবানিশি তাহার অন্তর্দাহ হইতেছে,  
অধুনা মুনিপুত্রের প্রাণস্তুত সময়েও সেই প্রসম দৃষ্টিপাত,  
সেই ম্লেহময় সন্তানণ ও সেই সেই পবিত্রভাব সমস্ত  
অনোমধ্যে উদিত হওয়ায় তাহার উৎকর্থার আর পরি-  
শীমা রাখিল না । তিনি একবার “ হা রাম ! ” বলিয়া

ବକ୍ଷେ କରାଧାତ ପୂର୍ବିକ ରୋଦନ କରେନ, ଆରବାର ମୁନିକୁ-  
ମାରେର ବିଷୟ ଚିନ୍ତା କରିଯା ଶୋକେ ଏକବାରେ ଅବସନ୍ଧ ହଇଯା  
ପଡ଼େନ । ଫଳତଃ ଐ ସମୟେ ତୀହାର ଶୋକ ଓ ପରିତାପେର  
ଆର ପରିସୀମା ରହିଲ ନା ।

ଅନ୍ତର ଦଶରଥ କିଯୁକାଳ ଏଇରୂପ ବିଲାପ କରିଯା  
ପୁନର୍ବାର କୌଶଲ୍ୟାକେ କହିଲେନ, ମହିଷି ! ଦେଖ, ଆମି  
ଅଜ୍ଞାନତଃ ଏହି ଘୋରତର ଗର୍ହିତ କାର୍ଯ୍ୟେର ଅର୍ଦ୍ଧାନ କରିଯା  
ଯାର ପର ନାହିଁ ବିଷକ୍ତ ଓ ବିମନାୟମାନ ହଇଲାମ ଏବଂ ଏଥନ  
ଇହାର ସହପାଯ କି, ଏକାକୀ ବାରଂବାର କେବଳ ଇହାଇ  
ଭାବିତେ ଲାଗିଲାମ । ପରିଶେଷେ ମେହି ବାରିପୂର୍ଣ୍ଣ କୁନ୍ତ ଗ୍ରହଣ  
ପୂର୍ବିକ ଶୁନିତନ୍ୟୋପଦିଷ୍ଟ ପଥେ ଆଶ୍ରମେ ପ୍ରବେଶ କରିଲାମ ।  
ପ୍ରବେଶିଯା ଦେଖିଲାମ, ତଥାର ଜୀର୍ଣ୍ଣକଲେବର ଦୁର୍ବଲ ଅଙ୍ଗ  
ତାପ୍ସ-ଦମ୍ପତ୍ତି ଛିମପକ୍ଷ ପଞ୍ଚମିଥୁନେର ନ୍ୟାୟ ନିତାନ୍ତ  
ଶୋଚନୀୟ ଭାବେ ଉପବିଷ୍ଟ ଆଛେନ । ତୀହାରା ସହାୟିନୀ,  
ପଥ ପ୍ରଦର୍ଶନ କରିଯା ସ୍ଥାନାନ୍ତରେ ଲଇଯା ଯାଯା, ତୀହାଦେର  
ଏମନ ଆର କେହାଇ ନାହିଁ । ଶୁନିଦମ୍ପତ୍ତି ତ୍ୱରିକାଳେ  
ନିଜ ପୁତ୍ରେର କଥା ଆନ୍ଦୋଳନ କରିତେହିଲେନ, ତମ୍ଭିବନ୍ଧ  
ତୀହାଦେର କିଛୁମାତ୍ର ଆଶ୍ରି ଛିଲ ନା । ଆମି ଯଦି ଓ  
ଆଶାଚେଦନ କରିଯାଛି, ତଥାଚ କତକ୍ଷଣେ ପୁତ୍ର ଜଳ ଆନ୍ୟନ  
କରିବେ, ପାନ କରିଯା କତକ୍ଷଣେ ଆମରା ପିପାସା ନିବାରଣ  
କରିବ, ତୀହାରା ଅନାଥେର ନ୍ୟାୟ ଏହି ଆଶାର ଉପର ନିର୍ଭର  
କରିଯା ଉପବିଷ୍ଟ ଆଛେନ, ଦେଖିଯା ଆମାର ମନ ପ୍ରାଣ ଯାର  
ପର ନାହିଁ ବ୍ୟାକୁଳ ହଇଯା ଉଠିଲ । ଆମି ଏକେଇ ତ ଭୀତ

## ଅସ୍ତେଧ୍ୟାକାଣ୍ଡ ।

୩୫୯

ଓ ଶୋକାକ୍ରମ ଛିଲାମ, ଆଶ୍ରମେ ପ୍ରବେଶିଯା ଆମାର ଅଧିକ-  
ତର ଭୟ ଓ ଶୋକ ଉପଶ୍ରିତ ହଇଲ ।

ଅନୁସ୍ତର ଅନ୍ଧମୁନି ଆମାର ପଦଶବ୍ଦ ଶ୍ରବଣ କରିବାମାତ୍ର ପୁରୁ-  
ଭମେ କହିଲେନ, ବେଂସ ! ତୋମାର ଆଜ ଏତ ବିଲମ୍ବ ହଇଲ  
କେବ ? ଶୀତ୍ର ଜଳ ଆନନ୍ଦ କର । ପିପାସାୟ ଆମାଦେର କଞ୍ଚ  
ଶୁକ୍ର ହଇଯା ଯାଇତେଛେ । ତୁମି ବହୁକାଳ ମନୀତେ କ୍ରୀଡ଼ା  
କରିତେଛିଲେ, ବଲିଯା ତୋମାର ଜନନୀ ନିତାନ୍ତ ଉଂକଣ୍ଠିତା  
ହଇଯାଇଛେ । ଶୀତ୍ର ଆଶ୍ରମେ ପ୍ରବେଶ କରିଯା ତୋମାର ଅନ୍ଧ-  
ଜନନୀର ତାପିତ ପ୍ରାଣ ଶୀତଳ କର । ତୋମାର ଜନନୀ  
ଯଦି କୋନ ଅପ୍ରିୟ କଥା କହିଯା ଥାକେନ, ଅଥବା  
ଆମିଇ ଯଦି ତୋମାର ପ୍ରତିକୂଳ ଆଚରଣ କରିଯା  
ଥାକି, ମେଜନ୍ୟ କିଛୁ ଘନେ କରିବ ନା । ତୋମାର ଜନକ  
ଜନନୀର ତୁମିଇ କେବଳ ଏକମାତ୍ର ଗତି । ତୁମିଇ ଏ ଅନ୍ଧ-  
ଦିଗେର ଚକ୍ଷୁ, ଆମାଦେର ଜୀବନ କେବଳ ତୋମାକେଇ ଅବଲମ୍ବନ  
କରିଯା ରହିଯାଇଛେ । ବେଂସ ! ତୁମି ଆମାର କଥାଯ କୋନ  
ଉତ୍ତର ଦିତେଛ ନା କେନ ? ତୁମି କି ଆମାର କଥାର କ୍ରୋଧ  
କରିଲେ ?

ମହିଷି ! ମୁନିବର ତାଦୃଶ ଅପରିଷ୍ଫୁଟ ଗନ୍ଧଗଦ ବଚନେ ଏଇନ୍ରପ  
କହିଲେ, ଆମି ଘନେ ଘନେ ଅତୀବ ଭୀତ ଓ ଉଂକଣ୍ଠିତ ହଇ-  
ଯାଇ ସବିଶେଷ ସତ୍ତ୍ଵ ସହକାରେ ତାଙ୍କାଲିକ ଭାବ ଗୋପନ  
କରିଲାମ, କହିଲାମ, ତପୋଧନ ! ଆମି ଆପନାର ସନ୍ତାନ  
ନହି । ଆମାର ନାମ ଦଶରଥ । ଆମି ଜନ୍ମଗ୍ରହଣ କରିଯା କ୍ଷତ୍ରିୟ-  
.କୁଳ କଲଙ୍କିତ କରିଯାଇ । ସାଧୁଲୋକେରା ନିତାନ୍ତ ଗହିତ

পাপ মনে করিয়া যাহা পরিত্যাগ করেন, এ হতভাগ্য তাহাতেই অগ্রসর হইয়া এখন অতিশয় দুঃখিত ও পরিত্যন্ত হইয়াছে। মহাশয় ! অদ্য আগি মৃগয়ার্থ শর ও শরাসন লইয়া সরযুক্তীরে আসিয়াছিলাম। ইত্যবসরে নদী-মধ্যে কুস্তপূরণৰ অমার কর্ণগোচর হইল। তখন মনে করিলাম, বুঝি কোন বন্যকরী জলপানাৰ্থ আসিয়া জলমধ্যে শব্দ করিতেছে। মুনিবৰ। আমি ভাস্ত হইয়া ঐ শব্দ লক্ষ্য করিয়া শব্দানুসারী এক শর নিষ্কেপ করিয়াছিলাম। তথায় গিয়া দেখিলাম, একজন তাপসকুমার শরবিক্ষ ও মৃত্যু-প্রায় হইয়া ভৃতলে শয়ান রহিয়াছেন। দেখিবাম্বত্ত্ব আমি সন্তুষ্ট হইলাম, কিন্তু শন্ত্য উক্ত হইবাম্বত্ত্ব তিনি বৃক্ষ পিতা মাতার কথা স্মরণ করিয়া শোকাকুল মনে বিলাপ ও পরিতাপ করিতে করিতে প্রাণত্যাগ করিলেন। ভগবন্ম ! আমি না জানিয়াই আপনার সন্তানের প্রাণ নাশ করিয়াছি, এক্ষণে আপনার যাহা হইবার হইয়াছে, অতঃ-পর শেষ কর্তব্য কি, আমায় আদেশ করুন।

মহিষি ! আমি কৃতাঞ্জলি হইয়া যখন অক্ষয়নিকে এই কঠোৱ কথা শনাইলাম, তিনি তৎক্ষণাত তপঃপ্রভাবে আমাকে ভস্মসাং করিতে পারিলেন, কিন্তু করিলেন না ; কহিলেন, মহারাজ ! যদি তুমি এই অসংকার্যের বিষয় স্বয়ং আসিয়া আমার নিকট ব্যক্ত না করিতে, তাহা হইলে তোমার মন্তক অদ্যই সহস্রধা বিনীগ্রহ হইয়া পড়িত। তুচ্ছ ক্ষত্রিয়ের কথা থাক, স্বয়ং ইন্দ্রও

ସଦି ଜୀବନ ପୂର୍ବକ ଅନ୍ତର ଅନ୍ତ ବାନ୍ଧବଦିଗେର ପ୍ରାଣ ବିନାଶ କରେନ, ଅଚିରାଂ ତୀହାକେଓ ପଦ୍ମାତ ହିଇତେ ହୁଏ । ଆମାର ମନ୍ତ୍ରାନ ପରମବ୍ରାହ୍ମବାଦୀ ଓ ତପଃପରାମଣ ; ଜୀବିଯା ଶୁନିଯା ତାଦୂଶ ତାପଦେର ପ୍ରତି ବାଣ ନିକ୍ଷେପ କରିଲେ ତୋମାର ମନ୍ତ୍ରକ ସଦ୍ୟଇ ସମ୍ପଦା ବିଦୀର୍ଘ ହଇଯା ଯାଇତ । ତୁମି ଅଞ୍ଜାନତଃ ଏହି ଅମ୍ବକାର୍ଯ୍ୟର ଅଳୁଠାନ କରି-ଯାଇଛ, ଏଜନ୍ୟ ଏକଷଣ ଜୀବିତ ରହିଯାଇ । ସଦି ଜୀବିଯା କରିତେ, ତାହା ହଇଲେ, କେବଳ ତୁମି କେନ, ଅଦ୍ୟ ମବଂଶେଇ ଧରଂଦ ହଇଯା ଯାଇତେ । ଯାହାଇ ହଟକ, ଏକଣେ ତୁମି ଏକ-ବାର ଆମାଦିଗକେ ମେଇ ଥାନେ ଲାଇଯା ଚଲ । ଆମରା ମେଇ ଶୋଧିତାଙ୍କଳେବର ଭୁତଳଶାୟୀ ଘୃତ ପୁତ୍ରେର ଶୈୟ ଦେଖା ଦେଖିବ ।

ଅନ୍ତର ଆମି ମେଇ ଅନ୍ତ ତାପମଦମ୍ପତୀକେ ମନ୍ତ୍ରି-ବ୍ୟାହାରେ ଲାଇଯା ମର୍ଯ୍ୟାତଟେ ଉପନୀତ ହଇଲାମ ଏବଂ ଘୃତ ପୁତ୍ରେର ଦେହ ସ୍ପର୍ଶ କରାଇଯା କହିଲାମ, ଏହି ଆପନାଦିଗେର ଘୃତମନ୍ତ୍ରାନ ଭୂତଲେ ଶରୀର ରହିଯାଛେନ । ତଥନ ତୀହାରା ମେଇ ପ୍ରିୟପୁତ୍ରେର ଘୃତଦେହ ସ୍ପର୍ଶ କବିବାମାତ୍ର ହାହାକାର କରିଯା ରୋଦନ କରିତେ କରିତେ ତତ୍ତ୍ଵପରି ପତିତ ହଇଲେନ । ଏବଂ ଉଚ୍ଚେଷ୍ଟରେ କହିତେ ଲାଗିଲେନ, ବଂସ ! ତୁମି ଆମାଦିଗକେ ଦେଖିଯାଓ ଆଜ କେନ ପୂର୍ବେର ନ୍ୟାୟ ଅଭିବାଦନ କରିତେଛ ନା ? କେବିବା ଆମାର ସହିତ ବାକ୍ୟାଲାପ କରିତେଛ ନା ? ଆଜ କି ଜନ୍ୟ ଧରାତଲେ ଶଯନ କରିଯା ଆଛ, ଆଜ କି ତୁମି କ୍ରେଧ କରିଯାଇ ? ବଂସ ! ଉଠ ଉଠ, ଏକବାର ନୟନ

ଉଚ୍ଚିଲନ କର, ଆର କ୍ରୋଧ କରିଓ ନା । ସଦି ଆମିହି ତୋମାର ଅପ୍ରିୟ ହଇୟା ଥାକି, ତୋମାର ଜନନୀ ତ ତୋମାୟ କିଛୁଇ ବଲେନ ନାହିଁ । ତବେ ଆଜ ମା ବଲିଯା ତ୍ବାକେ ସମ୍ମୋଧନ କରିତେଛ ନା କେନ ? ମୂର ସଞ୍ଚାମଣେ ଜନନୀ ବଲିଯା ଆଜ ତ୍ବାର ତାପିତ ପ୍ରାଣ ଶୀତଳ କରିତେଛ ନା କେନ ? ଆହା ବାହାରେ ! ତୁମି ରାତ୍ରିଶେଷେ ସ୍ଵମୂର ସରେ ଯେ ଶାନ୍ତାଧ୍ୟୟନ କରିତେ, ସେଇ ସ୍ଵଧାରମାଞ୍ଚିତ ମନୋହର ଧରନି ଆଜ ଆର କାହାର ମୁଖେ ଶୁଣିବ । ଆମାକେ ପୁତ୍ରଶୋକଭରେ ନିତାନ୍ତ ପୀଡ଼ିତ ଦେଖିଯା ସନ୍ଧ୍ୟାବଦମ ଓ ଅଗ୍ରିତେ ଆହୁତି ପ୍ରଦାନ ପୂର୍ବକ କେ ଆମାୟ ଜ୍ଞାନ କରାଇବେ । କନ୍ଦ ମୂଳ ଓ ଫଳ ଆହରଗ ପୂର୍ବକ ଆର କେ ଆମାକେ ଶ୍ରିୟ ଅତିଥିର ନ୍ୟାୟ ଭୋଜନ କରାଇବେ । ହାୟ ! ଆମି ଏକାନ୍ତ ଅକର୍ମଣ୍ୟ, ଦରିଦ୍ର ଓ ମହାୟହୀନ ହଇୟା ଏଥନ କି ରୂପେ ଆମାର ଓ ତୋମାର ଅନ୍ଧ ମାତାର ଭରଣ ପୋମଣ କରିବ । ନିବାରଣ କରି, ତୁମି ନିତାନ୍ତ ବାଲକ ହଇୟା ଏକାକୀ ସମାଲୟେ ଯାଇଓ ନା । ସମାଲୟ ବଡ଼ ଭୟାନକ ହ୍ରାନ, କଲ୍ୟ ଆମରା ମକଳେ ମିଲିତ ହଇୟାଇ ତଥାୟ ଯାଇବ । ଆମରା ଏକେଇ ତ ନିତାନ୍ତ ଦରିଦ୍ର, ତାହାତେ ଆବାର ଏଥନ ଶୋକାକୁଳ ଓ ଅନାଥ ହଇଲାମ, ଶୁତରାଙ୍ଗ ତୋମାର ବିରହେ ଆମରା ଆର ଅଧିକ କାଳ ବଁଚିତ୍ତେ ପାରିବ ନା, ଅଚିରାଙ୍ଗ ହୃଦୟର ପଥଇ ଆଶ୍ରଯ କରିତେ ହଇବେ । ବଂସ ! ଆମି ସମାଲୟେ ଗିଯା ଯମେର ମହିତ ସାଙ୍କାଙ୍ଗ କରିଯା ଏହି ପ୍ରାର୍ଥନା କରିଲ, ହେ ଦର୍ଶରାଜ ! ତୁମି ଆମାର ପ୍ରତି ଅମ୍ବ ହଇୟା ଆମାବ ଏହି ପୁତ୍ରଟୀ ପ୍ରଦାନ କର ।

ଆମରା ନିରୁପାୟ, ଇନି ଭିନ୍ନ ଆମାଦେର ଜୀବିକା ନିର୍ବାହେର ଆର ପଥ ନାହିଁ । ତୁମি ଦିକ୍ପାଳ, ଅନାଥେର ପ୍ରତି ପ୍ରସମ୍ମ ହଇଯା ଏହି ଅକ୍ଷୟ ଅଭୟ ଦକ୍ଷିଣା ଦାନ କରା ତୋମାର କର୍ତ୍ତବ୍ୟ ହଇତେଛେ ।

ହା ବ୍ୟସ ! ତୁମ କଥନ ଅଧର୍ମ ପଥେ ପଦାର୍ପଣ କର ନାହିଁ, କିନ୍ତୁ ଏହି ଅଧାର୍ମିକ କ୍ଷତ୍ରିୟ ଆଜ ତୋମାର ପ୍ରାଣ ନାଶ କରିଲ । ଅତ୍ୟନ୍ତ ତୁମି ଆମାର ସତ୍ୟ ଧର୍ମେର ପ୍ରଭାବେ ଅବିଲମ୍ବେ ବୀର ଲୋକେ ଗମନ କର । ବୀର ପୁରୁଷମେରା ମନ୍ମୁଖ୍ୟ-ସମରେ ଶରୀର ପରିତ୍ୟାଗ କରିଲେ, ଯେ ଗତି ଲାଭ କରିଯା ଥାକେନ ; ମହାରାଜ ସଗର, ଶୈବ, ଦିଲୀପ, ଜନମେଜୟ, ନହୃଷ, ଓ ଧୂକୁମାର ଏହି ସମ୍ମତ ମହାତ୍ମାଦିଗେର ଯେ ଗତି ହଇଯାଛେ ; ବେନୋଧ୍ୟନ, ତପସ୍ୟା, ଭୂମିଦାନ, ଏକପତ୍ରୀବ୍ରତ, ଗୋମହସ ପ୍ରଦାନ, ଗୁରୁମେବା ଏବଂ ପ୍ରାୟୋପବେଶନାଦି ଦ୍ୱାରା ତମ୍ଭୁତ୍ୟାଗ ପ୍ରତ୍ତି ସଂକାର୍ଯ୍ୟେର ଅନୁଷ୍ଠାନ କରିଯା ମାନବେରା ଯେ ସନ୍ଦାତି ଲାଭ କରେନ ; ଆମାର ତପସ୍ୟାର ଫଳେ ତୁମି ଆଜ ତାହାଇ ପ୍ରାପ୍ତ ହୁଏ । ଆହିତାଧିଦିଗେର ଯେ ଗତି, ତୁମି ତାହାଇ ଅଧିକାର କର । ଆମାର ଏହି ପବିତ୍ର ବଂଶେ ଜନ୍ମ ଗ୍ରହଣ କରିଯା କେହ କଥନ ଅସନ୍ଦର୍ଗତି ଲାଭ କରେନ ନାହିଁ ; ସ୍ଵତରାଙ୍କ ତୁମିଓ ଉଂକୁଟ ଗତିଇ ଲାଭ କରିବେ । କିନ୍ତୁ ଯେ ତୋମାକେ ଅକାରଣେ ବିନାଶ କରିଲ, ତାହାର କଦାଚ ସନ୍ଦାତି ହିଁବେ ନା । ଏହି ବଲିଯା ମୁଣି, ଅତି କରୁଣ ସ୍ଵରେ ରୋଦନ କରିତେ ଲାଗିଲେନ ; ପରିଶେଷେ ପଞ୍ଚୀର ସହିତ ଯିଲିତ ହଇଯା ମନ୍ୟୁ ଜଳେ ଘନ ପୁତ୍ରେର

উদ্দেশে তর্পণ করিতে লাগিলেন। এদিকে মুনিকুমাৰ  
স্বীকৃত সংকাৰ্ডোৱে প্ৰভাৱে দিব্য রূপ পৰিগ্ৰহ কৰিয়া  
দেৱৱাজ ইন্দ্ৰেৰ সহিত স্বৰ্গারোহণ কৰিলেন, এবং  
কিয়ৎ কাল পৱে পুনৰাবুৰ্ধ তাহার সহিত প্ৰত্যাগমন  
কৰিয়া অঙ্গ পিতা মাতাকে আশ্বাস প্ৰদান পূৰ্বৰূপ  
কৰিলেন, আমি এতকাল যে আপনাদিগেৱে পৱি-  
চৰ্যা কৰিয়াছিলাম, দিব্য স্থান অধিকাৰ কৰিয়া এখন  
তাহারই পুণ্যপৰিণাম ভোগ কৰিতেছি। এক্ষণে আপ-  
নারাও আৱ বিলম্ব কৰিবেন না, স্বৱাম আমাৰ নিকট  
আগমন কৰুন। এই বলিয়া তাপসকুমাৰ দিব্য বিশ্বান  
ঘোগে স্বৰ্গে আৱোহণ কৰিলেন।

মহিষি ! আমি একক্ষণ্য কৃতাঙ্গলি পুটে তথায় দণ্ডায়মান  
ছিলাম। মুনিবৰ ভাষ্যা সমভিব্যাহারে পুত্ৰেৰ উদক ক্ৰিয়া  
সম্পদান কৰিয়া পৱে আমাকে কৰিলেন, মহারাজ ! তুমি  
এখনই আমাৰ প্ৰাণ বিনাশ কৰ। আমাৰ আৱ সন্তান নাই।  
একটিমাত্ৰ সন্তান ছিল, তুমিই তাহার প্ৰাণ মাশ কৰিলে,  
স্বতৰাং মৰতে। আমাৰ কিছুয়াত্ৰ যাতনা হইবে না। তুমি  
অজ্ঞান বশত আমাৰ শিশু তময়েৰ প্ৰাণ বিনাশ কৰিয়াছ,  
এজন্ম তোমাকে এই অভিশাপ দিতেছি, যে তুমি  
যেমন বৃক্ষ দশায় আমাকে এই ঘোৱতৰ দুঃখ প্ৰদান  
কৰিলে, তোমাকেও যেন শেষাবস্থায় আমাৰ মত  
হা পুত্ৰ ! হা পুত্ৰ ! বলিয়া আমি পৱিত্যাগ কৰিতে হয়।  
তুমি ক্ষত্ৰিয় হইয়া অজ্ঞান বশতঃ এই অকাৰ্ডোৱে অহু-

ତୀନ କରିଯାଇ, ଏଜନ୍ୟ ବ୍ରଙ୍ଗହତ୍ୟା ମଦୃଶ ଘୋରତର ପାପ ତୋମାଯ ସ୍ପର୍ଶ କରିଲ ନା । କିନ୍ତୁ ପୁତ୍ରବିଯୋଗଦୁଃଖେ ଅଟିର କାଳ ଘର୍ଦେହି ତୋମାକେ କାଳକବଲେ ପତିତ ହଇତେ ହିବେ । ଏହି ବଲିଆ ତାପମ ଭାର୍ଯ୍ୟାର ସହିତ ବହୁବିଧ ବିଲାପ ଓ ପରିତାପ କରିତେ ଲାଗିଲେନ, ପରିଶେଷେ ପତ୍ନୀର ସହିତ ଜ୍ଵଳନ୍ତ ଚିତାଯ ଅଧିରୋହଣ ପୂର୍ବକ ବିମାନ୍ୟାନେ ସ୍ଵର୍ଗାଭି-ମୁଖେ ପ୍ରସିଦ୍ଧ ହିଲେନ ।

ଦେବି ! ଆମି ଅଞ୍ଜାନବଶତଃ ଶବ୍ଦାନୁସାରେ ଲକ୍ଷ୍ୟ ଶର ନିକ୍ଷେପ କରିଯା ଯେ ପାପରାଶି ସଞ୍ଚୟ କରିଯାଛିଲାମ, ଅଦ୍ୟ ଚିତ୍ତ କରିତେ କରିତେ ତାହା ଆମାର ଶୃତିପଥେ ସ୍ଵର୍ମକ୍ଷତ ଭାବେ ଉଦ୍ଦିତ ହିତେଛେ । ଅପଥ୍ୟ ବ୍ୟଞ୍ଜନେର ସହିତ ଅନ୍ତଭୋଜନେ ଯେମନ ବ୍ୟାଧି ଜନ୍ୟେ, ତତ୍ତ୍ଵପ ମେହି କୁକାର୍ଯ୍ୟର ଫଳ ଫଳିତ ହିଲ । ମେହି ତେଜସ୍ଵୀ ମର୍ହର୍ଷୀ ଯେ ରୂପ ଅଭିଶାପ ପ୍ରେଦାନ କରିଯାଛିଲେନ, ଏକଣେ ତଦନୁରୂପ ଘଟନାଇ ସଟିଆ ଉଠିଲ ।

ଏହି ବଲିଆ ବୃଦ୍ଧ ରାଜା ଜଲଧାରାକୁଳ ଲୋଚନେ ଓ ଭୀତ ମନେ ମହିମୀକେ କହିତେ ଲାଗିଲେନ, ଦେବି ! ପୁତ୍ର-ଶୋକେହି ଆମାର ପ୍ରାଣ ବିଯୋଗ ହିବେ । ଆମି ଆର ଏଥନ ଅଧିକ କାଳ ବାଁଚତେ ପାରିବ ନା । ଆମାର ଶରୀର ଅବସନ୍ନ ହିଯା ଆସିତେଛେ । ଇନ୍ଦ୍ରିୟ ସକଳ ବିକଳ ଓ ମର୍ବ ଶୋଷିତ ଶୁକ ହିଯା ଯାଇତେଛେ । ଏକଣେ ଆମାର ମୁମୂର୍ଖ ଦଶା ଉପର୍ଦ୍ଧିତ, ଆମି ଆର ତୋମାଯ ଦେଖିତେ ପାଇତେ-ଛି ନା । ତୁମି ଆମାକେ ସ୍ପର୍ଶ କର । ଯମାଲୟେ ଗମନ

କରିଲେ, ବନ୍ଧୁ ବାନ୍ଧବେର ମଙ୍ଗେ ଆର ସାଙ୍ଗାଂ ହଇବାର ମନ୍ତ୍ରୀ-  
ବନା ନାହିଁ । ଆହା ! ମହିମି ! ଯଦି ଆମାର ରାମ ଏ ସମୟେ  
ଏକବାର ଆମାକେ ପିତା ବଲିଯା ସମ୍ବୋଧନ କରିତେନ, ତାହା  
ହଇଲେ ବୋଧ ହୟ, ଆମି ବାଁଚିତ୍ତେ ପାରି । ଆମି ରାମେର  
ପ୍ରତି ଯେବୁପ ନିର୍ଷ୍ଟୁର ଆଚରଣ କରିଯାଛି, ତାହା ଆମାର  
ଉଚ୍ଚିତ ହୟ ନାହିଁ, କିନ୍ତୁ ଆମାର ରାମ ଯେ କୃପ ବ୍ୟବହାର  
କରିଯାଛେ, ତାହା ତ୍ାହାରଇ ଉପ୍ୟୁକ୍ତ ହଇଯାଛେ । ପୁତ୍ର  
ଦୁର୍ବଳ ହଇଲେଓ ଏହି ଜଗତେ କୋନ୍ ବିଚକ୍ଷଣ ବ୍ୟକ୍ତି  
ଅପରିହାର୍ଯ୍ୟ ଅପତ୍ୟମ୍ଭେହେ ଜଳାଞ୍ଜଳି ଦିଯା । ତାହାକେ ପରି-  
ତ୍ୟାଗ କରିତେ ପାରେ ? ଆର କୋନ୍ ପୁତ୍ରଇ ବା ନିକାରଣେ  
ନିର୍ବାସମେର ଆଦେଶ ପାଇୟାଓ ପିତାର ପ୍ରତି ଅସୂୟା  
ପ୍ରକାଶ ନା କରେ ? ଦେବି ! ଆମି ଆର ତୋମାର ଦେଖିତେ  
ପାଇ ନା । ଆମାର ଦର୍ଶନଶକ୍ତି ଓ ସୃତିଶକ୍ତି ବିଲୁପ୍ତ  
ହଇଯା ଆସିତେଛେ । ସମ୍ବୂତେରା ପ୍ରଚଣ୍ଡ ମୂର୍ତ୍ତି ଧାରଣ  
କରିଯା ଆମାୟ ହୁରାସିତ କରିତେହେ । ହାୟ ! ଏକଠେ  
ଆମାର ମୁହଁମୁହଁ କାଳ ଉପାସିତ । ଏମଗୟେ ଏକବାର ଆମାର  
ରାମଚନ୍ଦ୍ରେର ଅକଳକ୍ଷ ଚନ୍ଦ୍ରାନନ ନିରୀକ୍ଷଣ କରିତେ ପାରିଲାମ  
ନା, ଅନ୍ତଃକରଣେ ବଡ଼ଇ ଆକ୍ଷେପ ରହିଲ, ଏ ଯାତନା ହଇତେ  
ଆମି ଜୟାନ୍ତରେ ଓ ମୁକ୍ତି ପାଇବ ନା । ଯେମନ ପ୍ରଚଣ୍ଡାତ୍ମପେ  
ଜଳାଶୟ ଶୁକ୍ର ହଇଯା ଯାଯ, ତଜପ, ରାମେର ଅଦର୍ଶନଶୋକ  
ଆମାର ଜୀବନକେ ଶୁକ୍ର କରିତେଛେ । ଏହି ଚତୁର୍ଦ୍ଦିଶ ବଂସର  
ଅତୀତ ହଇଲେ ଯାହାରା ଆବାର ଆମାର ରାମଚନ୍ଦ୍ରେର ସ୍ଵଧାଂଶୁ  
ନିନ୍ଦିତ ସହାୟ ବଦନ ସ୍ଵଚକ୍ର ନିରୀକ୍ଷଣ କରିବେନ, ତ୍ବାହାରା

## ଅଯୋଧ୍ୟାକଣ୍ଠ ।

୩୬୭

ଅନୁମ୍ୟ ନହେନ--ଦେବତା । ସାହାରା ଆବାର ମେଇ ନବଘନ-  
ଶ୍ୟାମ ରାଜୀବଲୋଚନେର ସ୍ଵଚ୍ଛାକୁ-ଦଶମ-ଶୋଭିତ ପଦ୍ମ-ବିନିନ୍ଦିତ  
ବଦନମ୍ବଗୁଲେର ଶ୍ରଦ୍ଧାମ୍ବ ବଚନବିନ୍ୟାସ ସ୍ଵକର୍ଣ୍ଣେ ଅବଣ କରିବେନ,  
ତୀହାରାଟି ଧନ୍ୟ ଓ ସଥାର୍ଥ କୃତପୁଣ୍ୟ । ସାହାରା ଉଚ୍ଚଦେଶସ୍ଥିତ  
ଶୁଭ୍ର ଗୁହର ନ୍ୟାୟ ଆମାର ମେଇ ସତ୍ୟୋକତ୍ତବ ଦାଶରଥିକେ  
ପୁମର୍ବାର ଅଯୋଧ୍ୟାଯ ଆସିତେ ଦେଖିବେନ, ତୀହାରାଇ ଭାଗ୍ୟ-  
ବାନ୍ । ଅୟି କୌଶଳ୍ୟେ ! ଶୋହବଶତଃ ଆମାର ମନ ଅବସନ୍ଧ  
ଛଇଯା ଆସିତେଛେ । କ୍ଲପ, ରମ, ଗନ୍ଧ, ସ୍ପର୍ଶ ଓ ଶବ୍ଦ,  
ଏଗନ ଆର କିଛୁଇ ଅନୁଭବ କରିତେ ପାରି ନା । ତୈଲା-  
ଭାବେ ଦୀପଦଶା ଯେମନ ଦୀନଦଶାୟ ପତିତ ହୟ । ତଙ୍କପ  
ଜ୍ଞାନଭାବେ ଆମାର ଇଞ୍ଜିନ୍ୟୁ ମକଳ ନିଷ୍ଟେଜ ହଇଯା ଆସି  
ତେବେ । ନଦୀପ୍ରବାହ ଯେମନ ତୀରତୁମିକେ ନିପାତିତ କରେ,  
ତଙ୍କପ ଆତ୍ମକୃତ ଶୋକଇ ଆମାଯ ବିମାଶ କରିଲ । ହା !  
ବଂସ ରାମଚନ୍ଦ୍ର ! ହା ପିତୃବଂସଲ ରଘୁବୀର । ହା ସତ୍ୟୋକତ୍ତବ  
ଦାଶରଥେ ! ହା ବଂସ ଲକ୍ଷ୍ମଣ ! ହା ବଂସେ ଜାନକି ! ଏଥିନ  
ଆମାର ପ୍ରାଣ ସାଯ, ଆମାର ପ୍ରାଣାନ୍ତମଯେ ତୋମରା  
କୋଥାଯ ରହିଲେ । ହା ଦେବି କୌଶଳ୍ୟେ ! ହା ତପସ୍ତିନୀ  
ଶୁଭିତ୍ରେ ! ଆମି ଏକେବାରେ ଦୃଷ୍ଟିହୀନ ହଇଲାମ, ଆର ଦେଖିତେ  
ପାଇ ନା । ହା ମୃଶଂସେ କୈକେଯି ! ଇଙ୍କାକୁବଂଶ ତୋମା  
ହଇତେଇ ଧରଣ ହଇଲ । ରାଜା ଦଶରଥ କୌଶଳ୍ୟ ଓ  
ଶ୍ରମିତାର ମମକ୍ଷେ ଏଇକୁପ ବିଲାପ, ପରିତାପ ଓ ଉଚ୍ଛେଷ୍ମରେ  
ଝୋଦନ କରିତେ କରିତେ, ରଜନୀ ଦିପ୍ରହର ଅତୀତ ହଇଲେ  
ପ୍ରାଣ ପରିତ୍ୟାଗ କରିଲେନ ।

## ପଞ୍ଚ ସର୍ବିତ ଏ ଅଧ୍ୟାୟ ।

———— \* ——

ଅନ୍ତର ମେହି ଯାତନାମୟୀ ଯାମିନୀ ଅବସନ୍ନ ହଇଲେ,  
ପ୍ରଭାତ ସମୟେ ସୁଶିଳିତ ସୂତ, କୁଳପରିଚୟ-କୁଶଳ ମାଗଧ,  
ତନ୍ତ୍ରୀନାଦ-ନିର୍ଗାୟକ ଗାୟକ, ଓ ବନ୍ଦୀଗଣ ରାଜଭବନେ ଆଗ-  
ମନ ପୁର୍ବକ ସ୍ଵ ସ୍ଵ ନିୟମାନ୍ତ୍ରମାରେ ଦଶରଥକେ ଆଶୀର୍ବାଦ  
ଓ ସ୍ତ୍ରତିବାଦ କରିତେ ପ୍ରବୃତ୍ତ ହଇଲ । ତାହାଦେର ସ୍ଵଗଭୀର  
ଶବ୍ଦେ ସମ୍ପୂର୍ଣ୍ଣ ରାଜପ୍ରାସାଦ ପ୍ରତିଧବନିତ ହଇଯା ଉଠିଲ ।  
ପାଣିବାଦକେରା ଭ୍ରତପୂର୍ବ ଭ୍ରମପତିଗଣେର ଅନୁତ କାର୍ଯ୍ୟକଳାପ  
ଉଲ୍ଲେଖ କରିଯା କରତାଲି ପ୍ରଦାନ କରିତେ ଲାଗିଲ । ମେହି  
କରତାଲି ଶବ୍ଦେ ରାଜଭବନେର ପିଞ୍ଜରନ୍ତିତ ଓ ବୁନ୍ଦଶାଖା-  
ନ୍ତିତ ବିହଙ୍ଗମକୁଳ ଜାଗରିତ ହଇଯା ଚତୁର୍ଦ୍ଦିକ୍ ହିତେ କଳ-  
ରବ କରିଯା ଉଠିଲ । ପରିତ୍ରଛାନ ଓ ପୁଣ୍ୟତୀର୍ଥ ସମୁଦ୍ରରେ  
ନାମକୀର୍ଣ୍ଣନ ହିତେ ଲାଗିଲ । ବୀଗାବାଦକେରା ତ୍ରିତନ୍ତ୍ରୀଷ୍ଵରେ  
ଧୀଗାଧବନି କରିତେ ଲାଗିଲ । ଦେବାକାର୍ଯ୍ୟକୁଶଳ ବିଶୁଦ୍ଧା-  
ଚାବ ବହସଂଖ୍ୟ ଶ୍ରୀଲୋକ ଓ ବର୍ଷବର ପ୍ରଭୃତି ପରିଚା-  
ରକଗଣ ଆଗମନ କରିଲ । ସ୍ନାନକାର୍ଯ୍ୟ ନିୟମିତ ପରିଚାର-  
କେରା ଯଥାମୟେ ହରିଚନ୍ଦନାକ୍ତ ସ୍ଵର୍ଗକ ମଲିଲେ ସ୍ଵର୍ଣ୍ଣକଳନ

পরিপূর্ণ করিয়া আনয়ন করিল। বহুসংখ্য কুমারী ও পতিত্রতা মহিলারা স্পর্শনীয় ধেনু প্রভৃতি মাঙ্গল্যদ্রব্য, পানার্থ গঙ্গাজল, দর্পণ, আভরণ ও বস্ত্রাদি বস্ত্রজাত আনয়ন করিতে লাগিল। প্রাতঃকালে নৃপতির নিমিত্ত যে সমস্ত পদাৰ্থ আহত হইল, তৎসমুদায়ই স্ফুলক্ষণ, স্ফুলৰ ও সদ্গুণসম্পন্ন। ঐ সমস্ত বস্ত্রজাত লইয়া সকলেই সূর্যোদয়কাল পর্যন্ত রাজদর্শনার্থ উৎসুক হইয়াছিল, পরিশেষে তত্ত্বিষয়ে নিতান্ত নিরাশ হইয়া মনে মনে নানাপ্রকার আশঙ্কা করিতে লাগিল।

অনন্তর যে সকল মহিষীরা কোশলপতির শয্যার সম্মিহিত ছিলেন, তাহারা প্রথমত নিদ্রাভঙ্গেচিত ঘৃত-মধুৰ ও বিনীত বচনে তাহাকে প্রবোধিত করিতে প্ৰবৃত্ত হইলেন। কিন্তু কিছুতেই কৃতকাৰ্য না হইয়া পরিশেষে তদীয় শয্যায় অবিষ্ঠান পূৰ্বক তাহার হৃদয়-প্ৰদেশ, হস্ত ও মূলনাড়ী স্পৰ্শ করিয়া দেখিলেন, কিন্তু স্পন্দনাদি জীবিত চেষ্টার কোন লক্ষণই উপলব্ধ করিতে পারিলেন না। তখন তাহারা রাজাৰ জীবনে নিতান্ত শঙ্কাকুল হইয়া প্ৰবাহম্যথে পতিত বেতসনতাৰ ন্যায় কম্পিত হইতে লাগিলেন। পূৰ্ব রঞ্জনীতে মহারাজ যে অনিষ্টের আশঙ্কা করিয়াছিলেন, তাহা বুঝি সত্যই হইল, এই বলিয়া তাহারা যথপতি-বিৱহিত করেণুকাৰ ন্যায় আৰ্তস্বরে ঢীংকাৰ করিয়া উঠিলেন।

রামজননী কৌশল্যা ও স্বগিৎী পুঞ্জশোকে সাতি-

শয় কাতর হইয়া নিন্দিত ছিলেন, অধিক রাত্রি জাগ-  
রণ করিয়াছিলেন, বলিয়া এপর্যন্তও তাঁহাদের নিদ্রা  
ভঙ্গ হয় নাই। কৌশল্যা রাঘশোকে ত্রিমুহূরত  
তারকার ন্যায় প্রতাশ্ন্য, অবসন্ন ও বিনর্ণ হইয়া  
হস্ত পদ সঙ্কুচিত করিয়া রাজাৰ পাশ্বদেশে শয়ান  
ছিলেন। সুমিত্রা তাঁহারই সম্মিলিত হইয়া নিদ্রা  
যাইতে ছিলেন। পৌরমহিলাগণেৰ ঝৰ্ণন শব্দ  
কর্ণকুহরে প্ৰবিষ্ট হইবাগত্ত তাঁহাদেৱ নিদ্রা  
ভঙ্গ হইল। তাঁহারা জাগৰিত হইয়া রাজাৰ তাদৃশী  
অবস্থা দৰ্শনে হাহাকার করিয়া উচৈঃস্বরে রোদন  
কৰিতে লাগিলেন। রামজননী কৌশল্যা শোকে নিতান্ত  
বিস্মল হইয়া, “ হা নাথ ! এ চিৰছুঁথিনীকে পবি-  
ত্যাগ কৰিয়া কোথায় চলিলেন, অভাগিনীৰ আৱ কে  
আছে, প্ৰিয়পুত্ৰ পৰিত্যাগ কৰিয়া গিয়াছেন, এখন  
কি আবাৱ আপনি পৰিত্যাগ কৰিলেন,” এই বলিয়া  
মুক্তকণ্ঠে রোদন কৰিতে কৰিতে ধৰাতলে পতিত  
হইলেন। তাঁহার সৰ্ব শৱীৰ ধূলিধূসৱিত ও আকাশ-  
চুত তারকার ন্যায় নিষ্পত্ত হইয়া গেল। সুগিত্রা  
ছুৰ্বিষহ শোক-ভৱে অভিভূত হইয়া “ হায় ! কি সম-  
নাশ হইল,” এই বলিয়া মুছিত ও ভূতলে পতিত  
হইলেন। কৈকেয়ী প্ৰভৃতি মহিসীগণ তর্তুশোকে নিতান্ত  
নিপীড়িত হইয়া রোদন কৰিতে কৰিতে জ্ঞানশূন্য হইয়া  
পড়িলেন। তৎকালে সমশ্ব নাৱিগণেৰ রোদন ধৰনি

একত্র মিলিত ও বদ্ধিত হইয়া পুনরায় রাজত্বন প্রতি-  
ধ্বনিত করিয়া তুলিল। রাজত্বনের সমস্ত লোকই  
এন্ত, তটস্থ, সপ্ত্রাস্ত ও অন্তঃপুরবৃত্তাস্ত জানিবার  
নিমিত্ত একাস্ত উৎসুক হইয়া উঠিল। সর্বত্রই তুম্ব-  
রোদন ধ্বনি, আজ্ঞিয় স্বজন শোকসন্তাপে সাতিশয়  
কাতর। কাহারই মনে আনন্দের লেশমাত্র নাই।  
রাজধানীর শোভা নিতাস্ত মলিন হইয়া উঠিল। রাজ-  
মহিষীরা রাজার মৃতদেহ পরিবেষ্টন করিয়া তদীয়  
হৃদয়গল গ্রহণ পূর্বক আর্তবরে রোদন করিতে  
গিলেন।

### ষট্টষষ্ঠিতম অধ্যায় ।

অনন্তর শোকাকুল। কৌশল্যা লোকাস্তরিত রাজা  
দশরথকে প্রশাস্ত ছতাশনের ন্যায়, মলিলশূন্য সাগরের  
ন্যায় ও গতপ্রভ দিবাকরের ন্যায় নিরীক্ষণ করিয়া  
তদীয় মস্তক আপনার অঙ্কে স্থাপন পূর্বক জলধারা-  
কুল লোচনে কৈকেয়ীকে কহিলেন, নৃশংসে! এখন  
তোর মনোবাঞ্ছা পূর্ণ হইল। তুই এখন নিশ্চিন্ত  
হইয়া নিরাপদে রাজ্য ভোগ করু। আমার রাম আমাকে  
পরিত্যাগ করিয়া গিয়াছেন, স্বামীও পরিত্যাগ করিলেন।

অতঃপর দুর্গম পথে সহায়হীন ব্যক্তির ন্যায় শুল্ক  
কাল ও জীবন ধারণ করিতে পারিব না । তুই পাতি অত্য  
পবিত্র ধর্মে অকাতরে পদাঘাত করিলি, তুই ভিন্ন  
কোন্ নারী প্রত্যক্ষ দেবতা পরমারাধ্য পতিকে পরি-  
ত্যাগ করিয়া পরম স্বর্থে পুত্ররাজ্যে প্রণধারণ করিতে  
অভিনাম কবিবে ! তুই যে এই জগদ্বিখ্যাত ইঙ্গাকু-  
কুল উসম করিলি, ইহার মূলই কুজা । যেমন লুক  
ব্যক্তি লোভবশতঃ অন্যকে বিষপান করাইয়া আত্মকৃত  
হত্যাদোষ বুঝিতে পারে না । তোর পক্ষেও তজ্জ-  
পই ঘটিয়াছে । হায় ! মহারাজ কৈকেয়ীর কুমন্ত্রণায়  
পড়িয়া জানকীর সুরিত রাজ্ঞীবলোচনকে নির্বাসিত  
করিয়াছেন, একথা রাজমি জনক শুনিলে কি তাহার  
দেহে আর জীবন থাকিবে ? আমার ন্যায় শোকে  
শোকে আকুল হইয়া তিনি নিশ্চয়ই দেহ ত্যাগ  
করিবেন । হায় ! মেই মৃগরাজগতি দাশরথি আজ  
কোথায় রহিয়াছেন । এখানে আমি যে বিধবা ও অনাথা  
হইলাম, তাহা তিনি জানিতেও পারিলেন না । আহা !  
বিদেহ-রাজনন্দিনী তপস্থিনীবেশে দীনমনে বনে বনে  
ভ্রমণ করিয়া এত দিন যে কতই মনোবেদনা ভোগ  
করিতেছেন, তাহার আর পরিসীমা নাই । যিনি রাজধি  
জনকের কন্যা ও উত্তরকোশলেশ্বরের পুত্রবধু ; বনে-  
চর বধূর ন্যায় বনে বনে বিচরণ ও রঞ্জনীযোগে ভিষণ-  
মূর্তি মৃগ পক্ষিগণের ভয়ঙ্কর কঠোর নিমাদ শ্রেণ করিয়া'

তাহার কোমলাঙ্গ ভয়ে একেবারে মলিন হইয়া যাই-  
তেছে। আহা ! জানকী বৃক্ষ জনকের জীবনসর্বস্থ ও  
একমাত্র সন্তুতি হইয়াও, অনাধার ন্যায় বনে গমন করি-  
য়াছেন, ইহা শুনিলে বিদেহরাজ তৎক্ষণাতঃ শরীর ত্যাগ  
করিবেন। যাহাই হউক, কৈকেয়ি ! আমি যখন পতি-  
ত্রতা, তখন পতিবিয়োগে আমি আর কোন মতেই জীবন  
ধারণ করিতে পারিব না। আমি, স্বামীর এই ঘৃতদেহ  
আলঙ্কুন পূর্বক জ্বলন্ত হৃতাশনে প্রবেশ করিব। এই  
বলিয়া কৌশল্যা বিলাপ করিতে লাগিলেন।

অনন্তর, অমাত্যেরা বশিষ্ঠ মহাশয়ের আদেশে অন্তঃ-  
পুরাধ্যক্ষ রমণীগণ দ্বাবা কৌশল্যাকে তথা হইতে অন্যত্র  
লইয়া গেলেন। এবং রাজা দশরথের সেই ঘৃতদেহ  
তৈলপূর্ণ কটাহে সংস্থাপন পূর্বক সাবধানে রক্ষা করিতে  
প্রসংগ আছেন ? তাহারা ত প্রাণান্তেও তোমার কোন অশুভ কামনা করেন না ? যে সকল ব্যক্তি বিদ্বান, যথোর্থবাদী, শুভানুধ্যায়ী, প্রভৃতিপ্রমতি ও স্বরাজ্যে বসতি করে, তাহারাই ত তোমার দৌত্যকার্যে নিযুক্ত আছে ? পর-পক্ষীয় মন্ত্রী, পুরোহিত, যুবরাজ, সেনাপতি, দ্বৌবারিক, অন্তঃপুরাধ্যক্ষ, বন্ধনাগারাধ্যক্ষ, ধনাধ্যক্ষ, রাজাজ্ঞাপ্রচারক, ব্যবস্থাবিজ্ঞাপক, ধর্মাসনাধিকারী, ব্যবহারনির্ণয়ক সভ্য, দানাধ্যক্ষ, নগরাধ্যক্ষ, কর্মান্তে বেতনগ্রাহী, আট-বিক, দণ্ডনাধিকারী, ও হৃগ্রামে, এই অষ্টাদশ তীর্থে এবং মন্ত্রী, পুরোহিত ও যুবরাজ ভিন্ন অপর পঞ্চদশবিধি স্বপক্ষীয় তীর্থে; পরম্পর অধিদিত তিন তিন জন প্রতিনিধি প্রেরণ করিয়া তুমি ত তাহাদের সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া থাক ? শক্রপক্ষীয়েরা রণছলে একবার পর্বাঞ্চুখ হইয়া আবার সম্মুখীন হইলে, বিচক্ষণ ভূপ্তিরা দুর্বল বলিয়া তাহাদিগকে কদাচ উপেক্ষা করেন না, এ নিয়ম কি তুমি প্রতিপালন করিয়া থাক ? যাহারা পণ্ডিতাত্ত্বিকানী অথচ নাস্তিক, তাহাদের সঙ্গে ত তোমার কোন সং অব নাই ? এ সমস্ত অপকৃষ্ট পণ্ডিতেরাই বালকের ন্যায় অনর্থোৎপাদনে এবং ধর্মশাস্ত্রকেও পরিত্যাগ পূর্বক কেবল তর্কবিদ্যোৎ-পম কুসুম্বি আশ্রয় করিয়া অনর্থক বাধিতণ্ডা করিতে প্রয়ুক্ত হয়। ভরত ! যে স্থানে নানাবিধি সুরম্য হর্ম-মালা শোভা পাইতেছে, যথায় অসংখ্য রথ ও নানা প্রকার গজবাজি বিরাজ করিতেছে, স্বধর্মানুরক্ত বহুসংখ্যক

জিতেক্ষ্য আর্থেরা যেখানে পরমশুধে অধিবাস করিতেছেন, আমাদের পূর্ব পুরুষ-পালিত সেই স্থবিধ্যাত অযোধ্যা নগরীত তোমার প্রয়ত্নে ? এখন সম্মেহে প্রতিপালিত হইতেছে ? যে সকল জনপদ সমাজোৎসবে পরিশোভিত ও সামন্দ নর নারীগণে নিরস্তর স্পর্শ-পূরিত ছিল, স্থানে স্থানে স্ত্রম্য স্ত্রালয় ও সরোবর সকল যাহার শোভা সমৃদ্ধি সম্পাদন করিত, কি হিংসা কি দ্বেষ, কি অসুরা যেখানে একতরেরও সমাবেশ ছিল না, যাহার সামন্ত দেশে হলকর্ষিত ভূমিবিভাগ সমুদায় যথা কালে অচুর শয়ে পরিপূর্ণ থাকিত, অষ্টাচার নষ্ট অভিন্ন নরাধমেরা বেখানে অরস্থান করিতে পারিত না, যেখানে লোকদিগকে কেবল দৈবের উপর নির্ভর করিয়া থাকিতে হইত না, নদীর জলেই সমস্ত কৃষিকার্য নির্বাহ পাইত, আমাদের পূর্ব পুরুষেরা পরমাদরে যাহা শাসন করিয়া গিয়াছেন, যে স্থানের লোক সকল সম্পন্ন ও সমৃদ্ধিশালী ছিল, অধুনা সেই সমস্ত প্রসিদ্ধ জনপদের তকোন রূপ উপদ্রব ঘটে নাই ? কৃষীবল গোরক্ষকেরা ত এখন তোমার প্রিয়কার্য ও ক্রয় বিক্রয়াদি কার্য সম্পাদন করিয়া স্থথস্থচ্ছদে কালাতিপাত করিতেছে ? ইষ্টসাধন ও অনিষ্ট নিবারণ পূর্বক ভূমি ত এখন কৃষি-দিগের রক্ষণাবেক্ষণ করিয়া থাক ? বৎস ! অধিকারস্থ সমস্ত লোকদিগকেই ধর্মানুসারে ও একত্বে প্রতিপালন করা রাজাৰ কর্তব্য, এই রাজনীতি তোমার অন্তঃকরণে

ত সতত জাগরুক আছে ? স্ত্রীলোকদিগকে ত \*সর্বদা  
সাবধান পূর্বক প্রতিপালন করিয়া থাক ? তাহাঙ্গকে  
বিশ্বাস করিয়া ভূমেও ত কোন গুপ্ত কথা তাহাদের কর্ণ-  
গোচর কর না ? তোমার অধিকার মধ্যে অনেক বনে  
হস্তীর আকর আছে, তুমি ত অবহিত চিন্তে তাহার  
তস্বাবধান করিয়া থাক ? বৎস ! অশ্বাদি পশু সংগ্রহে  
কি তোমার আলস্য আছে ? রাজসভায় প্রবেশ কালে  
তুমি ত রাজবেশ পরিধান করিয়া থাক ? প্রতিদিন  
প্রভাতে প্রবোধিত হইয়া রাজপথে কি ভ্রমণ করিয়া থাক ?  
ভৃত্যগণ কি তোমার নিকট নির্ভয়ে আগমন করে ? না,  
ভয় হেতু সন্ধিত হইতে পারে না ; ভরত ! এই উভয়  
বিধ রীতিই নিতান্ত ঘৃণাকর, কারণ ছির্ভয়ে মানের হানি  
ও সভয়ে কার্যহানির সন্তাননা, অতএব ইহার স্বধ্য-  
রীতি অবলম্বন করাই ত তোমার অভিমত ? তোমার  
ছুর্গসকল ত ধন ধান্যে, অন্ত শস্ত্রে জলযন্ত্রে ও শিল্পকো-  
বিদ বীরগণে পরিপূরিত রহিয়াছে ? তোমার ব্যয়  
অপেক্ষা আয়ের ভাগ ত অধিক ? অপাত্তে অর্থদান  
করিয়া ত ধনক্ষয় কর না ? দৈবকার্যে ও পিতৃকার্যে অভ্যা-  
গত ব্রাহ্মণগণের পরিচর্যায় এবং বন্ধু ও যোকৃবর্গের  
প্রতিগু ত যথোচিত বদাম্যভাব প্রকাশ করিয়া থাক ?  
কোন সাধুশীল ব্যক্তির উপর চৌর্যাদি দোষারোপ  
করিয়া কেহ অভিযোগ করিলে, এবং কোন সন্ধিচার-  
কের সন্ধিধানে সেই দোষ সপ্রমাণ না হইলে, তুমি

ତ ଅର୍ଥଲୋକେ ପଡ଼ିଯା ତାହାର ଅମୁଚିତ ଦଶ ବିଧାନ କରନା ? ତୋମାର ଅଧିକାର ମଧ୍ୟେ ଅପହତ ବନ୍ଧୁର ସହିତ କୋନ ଅପହାରକ ଧୂତ ହିଲେ, ଏବଂ ବଳ୍ବିଧ ଅଶ୍ଵ ଦ୍ଵାରା ତାହାର ଚୌର୍ଯ୍ୟାପରାଧ ସପ୍ରମାଣ କରିଲେଓ ଉତ୍କୋଚ ଦାନେ ମେ ଅପରାଧୀ କି ମୁକ୍ତ ହିଲ୍ଲା ଥାକେ ? ବିବାଦ ଉପହିତ ହିଲେ, ତୋମାର ବିଚାରକୁଶଳ ଅମାତ୍ୟରୀ ବିଚାର ସମୟେ କି ଧନୀ; କି ଦୀନ, କାହାର ପ୍ରତିଓ ତ ପଞ୍ଚପାତ କରେ ନା ? ଭରତ ! କୋନ ପ୍ରଜା ମିଥ୍ୟା ରୂପେ ଅଭିଯୁକ୍ତ ହିଲେ, ରାଜୀ ତାହାର ଉପଯୁକ୍ତ ବିଚାର ନା କରିଯା ଅନବଧାନତଃ ସଦି ନିର୍ଦ୍ଦେଶେରୁ ଦଶ ବିଧାନ କୁରେନ, ତାହା ହିଲେ, ମେହି ଅକାରଣଦିଗ୍ନିତ ନିଷ୍ଠାପ ସାଧୁଜନେର ନେତ୍ର-ନିପତିତ ନୀରବିନ୍ଦୁ ଭୋଗାନୁରକ୍ତ ନରପତିର ପୁତ୍ର ଓ ପଞ୍ଚ ସକଳକେ ନିଃଶେଷେ ବିନଷ୍ଟ କରିଯା ଫେଲେ, ଅତଏବ ସାବଧାନ, ରାଜ୍ୟମଧ୍ୟେ ଯେନ ନିର୍ଦ୍ଦେଶ ବ୍ୟକ୍ତିର କଦାଚ ଦଶ ବିଧାନ ନାହୟ । ଭରୁତ ! ଅଧିକାର ମଧ୍ୟେ ବୁନ୍ଦ ବୈଦ୍ୟ ଓ ସନ୍ତ୍ରାନ୍ତ ଲୋକଦିଗକେ ଶୁଭିଷ୍ଟ ବାକ୍ୟେ ସମ୍ବ୍ୟବହାରେ ଓ ଅଭିଲାଷମୁକୁଳପ ଅର୍ଥଦାନେ ଆୟତ୍ତ କରିଯା ରାଖିଯାଇ ତ ? ଗୁରୁ, ବୁନ୍ଦ, ତାପମ, ଅଭ୍ୟାଗତ ଓ ମିଳି ପୁରୁଷଦିଗକେ ବିଧି ପୂର୍ବକ ନମକ୍ଷାର କରିଯା ଥାକ ତ ? ତୁମି ଅର୍ଥଲୋକେ ପଡ଼ିଯା ଆମାଦେର ବଂଶୋଚିତ ପବିତ୍ର ଧର୍ମେର ତ ବିଲୋପ କର ନାହିଁ ? ସାମାନ୍ୟ ଅର୍ଥ ଲାଲସାଯ ପରିବାର ବର୍ଗେର ପୋଷ-ଗୋପ୍ୟୁକ୍ତ ଅର୍ଥ ପ୍ରଦାନେ ତ କୃପଣତା କର ନା ? ତୋମାର ଅଭିଲାଷ ତ ଅର୍ଥ କାମେର ଅବିରୋଧେ ପରିତୃପ୍ତ ହିଲ୍ଲା ଥାକେ ? ତୁମି

ত যথা সময়ে ধর্ম, অর্থ, কাম এই ত্রিবর্গের সেবা করিয়া থাক ? ধর্মশাস্ত্রার্থদলী মহাপুরুষেরা পৌরবর্গের সহিত মিলিত হইয়াই ত তোমার শুভামুধ্যান করিয়া থাকেন ? নাস্তিকতা, অসত্যভাষিতা, অনবধানতা, দীর্ঘসূত্রতা, সৎ-সঙ্গরাহিত্য, আলস্য, ইন্দ্রিয়াসংক্ষিপ্তি, ক্রোধ, একজনের সহিত অর্থ চিন্তা, অজনিদিগের সহিত মন্ত্রনা, কর্তব্য কর্ষের অননু-ষ্ঠান, মন্ত্রনাপ্রকাশ, প্রাতঃকালে মঙ্গল কার্য্যের অপ্রয়োগ এবং সকল রিপুদ্দেশে যুগপৎ দণ্ড যাত্রা ; বৎস ! এই চতু-র্দশবিধি রাজদোষে ত তুমি দৃষ্টিত হও ন হি ? যুগয়া, অঙ্গ-ক্রীড়া, দিবাস্বপ্ন, পরীবাদ, স্তৰসন্তোগ, মততা, (১) তৌর্য-ত্রিক, ও বৃথাভয়ন, এই দশবিধি বর্গ ; জলচুর্গ, গিরিচুর্গ, বেণুচুর্গ, (২) ঝিরিচুর্গ ও (৩) ধাত্রিচুর্গ এই পঞ্চবিধি বর্গ ; সাম, দান, ভেদ, ও দণ্ড এই চতুর্বিগ ; স্বামী, অমাত্তা, স্বহৃদ, কোষ, রাষ্ট্র, ছুর্গ ও বন এই সপ্ত বর্গ ; ৪ পৈশুন্য, সাহস, দ্রোহ, ঈর্যা, অসুয়া, অর্থদুর্বল, বাক-পারুষ্য ও দণ্ডপারুষ্য এই অষ্টবিগ এবং উৎসাহ, প্রভু-শক্তি ও মন্ত্রশক্তি এই ত্রিবর্গের বিষয় ত বিলক্ষণভাবে

১ মৃত্যু গীত বাদ্য

২ সর্বশস্ত্রশূন্য প্রদেশস্থ ছুর্গ, খাদ্য স্মারকীর অভ্যাবে তথ্যা বিপক্ষেরা সহস্য অন্তর্মণ করিতে পারে না ।

৩ গুরুকালের জন্য প্রস্তুত । ৪ পর্য নিম্না কথন ।

অবগত হইয়াছ ? আর ( ১ ) ত্রয়ী ( ২ ) বার্তা ও ( ৩ ) দণ্ডনীতি এই ত্রিবিধ বিদ্যা সম্যক্ত আয়ত্ত হইয়াছে ত ? ইল্লিয়-বিজয়, সঙ্কি, বিগ্রহ, যান, আসন, বৈধীভাব ও আশ্রয় এই ছয় গুণ, দৈবিক ও মানুষিক ব্যসন, রাজকুল্য, বিংশতিবর্গ<sup>১</sup>, প্রকৃতিবর্গ<sup>২</sup>, দ্বাদশ রাজমণ্ডল, যাত্রা, দণ্ড বিধি, সঙ্কি এবং বিগ্রহ এই সকল বিষয়ে ত তোমার সম্পূর্ণ দৃষ্টি আছে ? দৈবিক কার্য্যে তুমি ত বিশেষ অনুরাগ প্রকাশ করিয়া থাক ? তোমার রাজ্য মধ্যে ক্রিয়া-কলাপ ও শান্ত জ্ঞান ত কখন নিষ্ফল হয় না ? তোমার অধিকার মধ্যে বনিতারা ত বস্ত্র্যা-দোষে দৃষ্টিত নহে । বৎস ! আমি তোমার নিকট যে সকল প্রশ্ন করিলাম, প্রমাদ বা অন্বধান বশতঃ তৎ সমুদায়ের মধ্যে একটীও ত পরিত্যক্ত হয় না ? ইহাতে পরমায়ু, নিশ্চল যশঃ ও ধর্ম অর্থ কাম, ত্রিবর্গের লাভ হইয়া থাকে । আমাদের পূর্বতন পুরুষেরা যে নিয়মে রাজকার্য্য কলাপের অনুর্ধ্বান করিয়া গিয়াছেন, প্রয়োগিতার সহকারে তুমি ত তৎ তৎ কার্য্যের অনুর্ধ্বান করিয়া থাক ? অভিনব ও সুস্থান কোন ভঙ্গবস্ত পাইলে, তাহা তুমি কি একাকীই তোজন করিয়া থাক ? না, অগ্রে বন্ধুবর্গ<sup>৩</sup> ও বিপ্রবর্গকে প্রদান করিয়া থাক ? ভরত ! দেখ, যে সকল যৌবালেরা যথা বিধি প্রজালোকের প্রতি দণ্ডবিধান ও যথানিয়মে

১ বেদতরী । ২ কৃষ্ণদি । ৩ বীতিশাস্ত্র ।

তাহাদের প্রতিপালন করিয়া থাকেন, তাহারা ইই লোকে  
সমস্ত ভূমগুলের একাধিপত্য লাভ করিয়া পরিণামে  
পরমানন্দ রসাস্বাদনে স্বর্খে সময়াতিবাহিত করেন ।

### একাধিক শততম অধ্যাগ্নি ॥

পুরুষোভ্য রাম প্রশংস্তলে ভরতকে এইরূপ উপ-  
দেশ প্রদান করিয়া পুনর্বার লক্ষণের সহিত আদ্যো-  
পান্তি সমস্ত সমাচার জিজ্ঞাসিয়া কহিলেন, বৎস ভরত !  
তুমি যে রাজ্য পরিত্যাগ করিয়া চীরবসনে ও নিতান্ত  
দীন বেশে গহন কাননে আগমন করিলে, ইহার কারণ  
কি ? কি কারণেই বা তুমি উচ্চেঃস্বরে এত রোদন করি-  
তেছ ? আমরা শুনিবার জন্য বড়ই ব্যাকুল হইয়াছি,  
ত্বরায় বল !

পুরুষোভ্য রাম নিরতিশয় স্মেহর সহিত এইরূপ  
জিজ্ঞাসা করিলে, ভরত শোকাবেগ কথঙ্গিৎ সংবরণ  
করিয়া বিনয়বাক্যে নিবেদন করিলেন, আর্য ! আমার

অপরাধ মার্জনা করুন। এই হতভাগ্য এই নরাধমই  
আপনার একাপ শোচনীয় দশার একমাত্র কারণ। হায় !  
আমি যদি কুলপাংশুলা পাপীয়সী, কৈকেয়ীর দন্তোদরে  
জম্ব গ্রহণ না করিতাম, ভূমিষ্ঠ হইবামাত্রই যদি এ হত-  
ভাগ্যের দন্তজীবন বহিগর্ত হইয়া যাইত, তাহা হইলে  
আর আমাকে আর্য্যের একাপ অভাবিত ভাব দেখিতে  
হইত না। আমি আর আপনার এ প্রকার অবস্থা দেখিতে  
পারি না, আমার হৃদয় বিদীর্ঘ হইয়া যাইতেছে। আর্য্য !  
যদি আপনার নরাধম ভরতের প্রতি মমতা থাকে,  
যদি হতভাগ্যের এ পাপজীবন রক্ষা করিতে অগ্রান্ত ও  
অভিপ্রায় থাকে, যদি এ চীরানুগত দাসানুদাসের দীন  
দশা দর্শনে কিঞ্চিত্তাত্ত্ব করণার উদ্দেক হইয়া থাকে,  
তবে আপনি অচিরে এ শোকাবহ ঝুঁঝিবেশ পরিত্যাগ  
করিয়া গৃহে চলুন। দেবরাজ ইন্দ্রের ঘ্যায় অদ্যই আপনি  
নিজ রাজ্য গ্রহণ করুন। আপনি সর্বজ্যোষ্ঠ, লোকতঃ  
ও ধর্ম্মতঃ নিয়মানুসারে আপনিই অভিষেকের যথার্থ  
পাত্র ! চন্দসমাগমে শারদীয়া। রঞ্জনীর ঘ্যায় বস্ত্রকরা দেবী  
আজ আপনাকে পত্রিকৃপে লাভ করিয়া অসহ বৈধবা  
যন্ত্রনা হইতে পরিমুক্ত হউন। আর্য্য ! এই সমস্ত পরম্প-  
রাগত সন্ত্বান্ত সচিবমণ্ডলের প্রার্থনা আমাদের কুলে কখনই  
নিষ্কল হয় না, আপনি ইইন্দ্রের প্রার্থনায় কদাচ উপেক্ষা  
করিবেন না ! এই বলিয়া ভরত দরদরিত ধারে বারি-  
ধারা বিসর্জন করিতে লাগিলেন, এবং অগ্রজের চরণতলে

ପତିତ ହଇଯା ଦୁଃଖବେଗେ ମାତସ୍ତେର ଶ୍ରାୟ ସନ ସନ ନିଶ୍ଚାସ ଭାର ପରିତ୍ୟାଗ କରିତେ ଲାଗିଲେନ ।

ତଥମ ରାମ ଭାତାକେ ଶୋକେ ଏକାନ୍ତ କାତର ଓ ସାରପର ନାହିଁ ବିଷଖ 'ଦେଖିଯା କହିତେ ଲାଗିଲେନ, ବ୍ୟସ ! ଯାହାଇ କେନ ନା ହ୍ରତ୍କ, ସାମାନ୍ୟ ରାଜ୍ୟଭାବ-ଲାଲସାମ୍ ଆମି କଦାଚ ଅପଥେ ପଦାର୍ପଣ' କରିତେ ପାରିବ ନା । ଭବୁତ ! ତୁମି ଏତ କୁକୁ ହଇତେଛ କେନ ? ଅକାରଣେ ଜନନୀର ପ୍ରତିଇ ବା ଦୋଷାରୋପ କରିଯା ଆପନାର ଅମ୍ବଳ କାମନା କରିତେଛ କେନ ? ଇହାତେ ତୋମାର ଅନଭିଜ୍ଞତା ପ୍ରକାଶ ଭିନ୍ନ ତ ଆର କିଛୁଇ ଦେଖିତେଛି ନା ? ଭରତ ! ଦେଖ, ମାତ୍ରନିନ୍ଦା ବଡ଼ି ପାପଜନକ, ଓ କଥା ଆର ଭ୍ରମେ ମୁଖେର ବାହିର କରିଓ ନା, କରିଲେ, ମହାପାତକୀ ହଇବେ । ଦେଖ ଭାଇ ! ତାହାର ଦୋଷ କି ? ତିନି କି କରିବେନ, ଆମି ଆପନ ହୁରଦୂଷେର ପରିଣାମ ଭୋଗ କରିତେଛି । ସଦି ବିଧାତା ଆମାର ଦୁର୍ଭାଗ୍ୟ ଏତ ଦୁଃଖ ଭାର ନା ଦିତେନ, ତାହାହିଲେ, ଆମାକେ କଦାଚ ଏ ସନ୍ତ୍ରଣା ଭୋଗ କରିତେ ହିତ ନା । ଆର ଦେଖ, ବ୍ୟସ ! ତୁମି ମନେ କରିଯାଇ, ସନ୍ବାସ-ନିବନ୍ଧନ ଆମି ଅସୁଖୀ ହଇଯାଇଁ, କିନ୍ତୁ ଆମି ପ୍ରତିଜ୍ଞା କରିତେ ପାରି, ଆମାର ଅନ୍ତରେ ଅଣୁମାତ୍ର ଓ ଅସୁଖ ସଙ୍କାର ହୟ ନାହିଁ । ବଲିତେ କି, ଆମି ଗୁହେତେ ଯେ ଭାବେ ଛିଲାମ, ଅରଣ୍ୟେ ଆସିଯା ବରଂ ତଦପେକ୍ଷା ମୁଖେଇ ସମୟ ଯାପନ କରିତେଛି । ଭରତ ! ଆମାର ଦୁର୍ବିହ ରାଜ୍ୟଭାର ଅଛଣ କରା କେବଳ ତୋମାଦେର ମୁଖେର ନିମିତ୍ତ, ସଦି ତୋମରା ସ୍ଵର୍ଣ୍ଣି ମେଇ ମୁଖ ଲାଭ କରିତେ ସମର୍ଥ ହୋ, ତବେ ଆମାକେ

ଅନର୍ଥକ କେନ ଅନୁରୋଧ କର । ଆର ଦେଖ ତାଇ ! ପ୍ରଗତପୁତ୍ର  
ଓ ପତିଆଗା ପଞ୍ଚୀର ପ୍ରତି ପିତା ଓ ସ୍ଵାମୀର ସର୍ବତୋଯୁଧୀ  
ପ୍ରଭୂତା ଆଛେ, ଶୁତରାଂ ପିତୃଦେବ ଆମାକେ ଜଟାଚୀର ଧାରଣ  
କରାଇଯା ବନବାସୀଓ କରିତେ ପାରେନ, ଏବଂ ରାଜାସନେ ବସାଇଯା  
ରାଜାଓ କରିତେ ପାରେନ । ଆର ସନ୍ତାନେର ପ୍ରତି ସ୍ଵେଚ୍ଛାଚାର  
ବିଷୟେ ପିତାର ନ୍ୟାୟ ମାତାର ଓ ସମ୍ପୂର୍ଣ୍ଣ ସ୍ଵାଧୀନତା ଆଛେ ।  
ପିତା ଓ ମାତା ଉଭୟେଇ ଗୌରବ ସମାନ, ଏମନ ହୁଲେ  
ତ୍ବାହାରା ସଥନ ଉଭୟେଇ ଆମାକେ ବନବାସୀ କରିଯାଛେନ, ତଥନ  
ଆମି କୋନ ମତେଇ ତ୍ବାହାଦେର ବାକ୍ୟ ଉଲ୍ଲଙ୍ଘନ କରିତେ  
ପାରିବ ନା । ବିଶେଷତଃ ଆମି ସଥନ ମେଇ ପରମା-  
ରାଧ୍ୟ ପିତାମାତାର ନିକଟ ବନବାସୀ ହିଁବ ବଲିଯା ଅଙ୍ଗୀ-  
କାର କରିଯାଛି, ତଥନ ଆମି ତୋମାର ପ୍ରଥମାୟ ସମ୍ମତ  
ହିଁଯା ଛୁରପନେଯ ଦୁଷ୍ଟତିପକ୍ଷେ କୋନ କ୍ରମେଇ ଲିପ୍ତ ହିଁତେ  
ପାରିବ ନା । ଅତଏବ ଭରତ ! ତୁମି ଅଯୋଧ୍ୟାଯ ପ୍ରତିଗମନ  
କର, ପିତୃଦେବ ତୋମାର ହଞ୍ଚେ ରାଜ୍ୟଭାର ଅର୍ପଣ କରିଯାଛେନ,  
ତୁମି ପିତୃରାଜ୍ୟ ଗ୍ରହଣ କରିଯା ପୁତ୍ର ବିଶେଷେ ପ୍ରଜାପାଳନେ  
ତ୍ବେପର ହୁଏ । ଆମି ଜଟା ବଙ୍କଳ ଧାରଣ ପୂର୍ବକ ଝଷିବେଶେ  
ଅରଣ୍ୟ କାଳକ୍ଷେପ କରି । ପିତୃଦେବ ଚିରକାଳେର ନିର୍ମିତ  
ଆମାକେ ବନବାସୀ କରେନ ନାହିଁ । ଚତୁର୍ଦ୍ଦଶ ବ୍ୟସରମାତ୍ର  
ଆମାର ନିର୍ବାସନେର ଅବଧି, ଏବଂ ଏତାବଂ କାଳ ମାତ୍ରରେ  
ତୋମାକେ ରାଜ୍ୟ ଭୋଗେର ଅଧିକାରୀ କରିଯାଛେନ, ମାତା  
କୈକେଯୀରଙ୍କ ତାହାଇ ଅଭିମତ, ଅତଏବ ବ୍ୟସ ! ତୋମାର  
ରାଜ୍ୟଶାସନ କରା ସର୍ବତୋଭାବେଇ ଉଚିତ ବୋଧ ହିଁତେହେ ।

আর এতাবৎ কাল আমাৰও দণ্ডকারণ্যে অবস্থান কৱা  
ধৰ্ম্মতঃ উচিত বোধ হইতেছে। ভৱত ! আৱ অনৰ্থক  
ৱোদন কৱিও না, পিতা তোমাৰ জন্য যে ভাগ নিৰ্দিষ্ট  
কৱিয়া দিয়াছেন, তুমি অযোধ্যায় প্ৰতিগমন পূৰ্বক তাহা  
উপভোগ কৱিয়া পিতাৰ আদেশ প্ৰতিপালন কৱ।  
আমিও দণ্ডকারণ্যে অবস্থান কৱিয়া আমাৰ ভাগ ভোগ  
কৱিতে থাকি।

---

### দ্ব্যাধিকশততম অধ্যায়।

ভাতুবৎসল ভৱত অগ্ৰজেৰ ঐক্লপ নিৱাশ বাক্য  
শ্ৰবণে ষৎপৱোনাস্তি বিষণ্ঠ হইলেন, এবং অশ্রুপৱীত  
নেত্ৰে কাতৰ স্থৰে কহিলেন, আৰ্য্য ! আমি যখন রাজ্য-  
পালনে অনধিকাৰী, তখন উষৱৰক্ষেত্ৰে বীজ ৰপনেৰ  
ন্যায় আমাৰ প্ৰতিপাদ্যাজধৰ্ম্মেৰ উপদেশ নিষ্ফল। আপনি  
জ্ঞেষ্ঠ, জ্ঞেষ্ঠ বিদ্যমানে কনিষ্ঠ কথনই রাজ্যভাৱ গ্ৰহণেৰ  
অধিকাৰী হইতে পাৱে না, অতএব আৱ বিলম্ব কৱি-

বেন না । আমার সহিত সেই স্বসংযুক্তিমতী অযোধ্যা-নগরীতে প্রতিগমন পূর্বক আমাদের কুল মঙ্গলের জন্য স্বয়ং রাজপদে অভিষিঞ্চ হউন । আর দেখুন আর্য ! তপশ্চরণ দেবত্ব লাভের কারণ; অতএব এমন মহাফল-জনক তপঃসাধন পরিত্যাগ করিয়া সামান্য রাজ্যসুখ লালসায় অযোধ্যায় প্রতিগমন করিবার প্রয়োজন কি, ইহা মনে করিয়াও আপনি ক্ষান্ত থাকিতে পারেন না, কারণ সামান্য লোকেরাই পৃথীপতিকে মানুষ বলিয়া জানে, কিন্তু আমি তাহা মনে করি না, আমার মতে রাজা-ও প্রত্যক্ষ দেবতা ; বিশেষতঃ ধর্মার্থদর্শী পণ্ডিতেরাও ধর্মার্থ-সঙ্গত রাজ চরিতকে অমানুষিক বলিয়াই কীর্তন করিয়া থাকেন । অতএব আর্য ! আপনাকে অযোধ্যায় গিয়া অবশ্যই রাজ্য-তাৰ গ্রহণ করিতে হইবে ।

এই বলিয়া ভৱত রোদন করিতে করিতে আবার কহিলেন, আর্য ! দেখুন, আমি যৎকালে মাতামহত্বনে ছিলাম, তৎকালে আর্য ! জনকাঞ্জনা লক্ষণের সহিত আপনার বনবাস-ত্রত-নিবন্ধন দুঃসহ শোকানন সহিতে না পারিয়া পিতৃদেবও আমাদিগকে পরিত্যাগ করত স্রগ্ণ-ক্রঢ় হইয়াছেন, এক্ষণে আবার আপনি যদি অযোধ্যা, গমনে অমত করেন, তবে আর আমরা কাহার মুখপানে চাহিয়া জীবনধারণ করিব । আমাদের যে আর কেহই নাই । বিপদে পড়িলে এখন কে আমাদিগকে সান্ত্বনা করিবেন, অধর্মপথে পদার্পণ করিলে, কে আমাদিগকে সৎপথ

প্রদর্শন করাইবেন। আর্য ! আপনার অভাবে অষ্টাধ্যার আর পূর্বের ন্যায় শোভা নাই। আমি আর শুন্য অষ্টাধ্যায় প্রতিগমন করিতে পারিব না। আপনি গৃহে চলুন। পিতার উদ্দেশে তর্পণজলাঞ্জলি প্রদান করিয়া তাহার রাজ্যে অভিষিক্ত হউন। আমি আপনার পূর্বেই আমার কর্তব্য কার্যের অঙ্গুষ্ঠান করিয়াছি। মহারাজ আপনাকে বড়ই স্নেহ করিয়া থাকিতেন, এমন কি আসন্ন সময়ে তিনি কেবল “হা রাম ! হা রাম !” বলিয়া তন্মুক্ত্যাগ করিয়াছেন।

---

### অ্যাধিক শততম অধ্যায়।

ভরতমুখে পিতার অতর্কিত বজ্রসম মৃত্যু সংবাদ শ্রবণ করিয়া কিয়ৎকাল মুচ্ছিতের ন্যায় রহিলেন, পরে সংজ্ঞালাভ হইলে, তিনি “হায় ! কি হইল !” বলিয়া উর্দ্ধকরে কুঠারছিঙ্গ শাল তরুর ন্যায় স্তুপৃষ্ঠে নিপত্তি হইলেন। তটাঘাতে পরিশ্রান্ত ও নিদ্রিত কুঞ্জরের ন্যায় রাম কিয়ৎকাল ধৰাতলে অধীর হইয়া রহিলেন। তদ-

শনে আত্মগণ জানকীর সহিত হাহাকার শব্দে রোদন করিতে করিতে চতুর্দিকে তাঁহাকে বেষ্টন ও তাঁহার সেই স্বকোমল কল্পবেনে সলিল মেক করিতে লাগিলেন। তখন রাখ অতি কষ্টে চেতনা লাভ করিয়া শোকে একপ কাতর হইয়া পড়িলেন, যে তখন তিনি কি করিবেন, কাহাকেই বা কি বলিবেন, কিছুই স্থির করিতে না পারিয়া অনিবার্য বেগে কেবল অঙ্গধারিই বিসজ্জন করিতে লাগিলেন। এবৎ কিয়ৎকাল পরে অতিকষ্টে ভরতকে সম্মোধিয়া সজল নেত্রে ও কাতর বচনে কহিতে লাগিলেন, বৎস ভরত ! যখন সেই জগতীপতি মর্ত্য-লীলা সংবরণ পূর্বক স্বর্গারোহণ করিয়াছেন, তখন আর শোকময়ী অযোধ্যা পুরী প্রবেশের প্রয়োজন কি ? পিতৃদেব যে রাজ্য পরিত্যাগ করিয়া গিয়াছেন, আমি পিতৃহীন হইয়া প্রাণান্তেও তথায় যাইব না। হায় ! আমি কি দুর্ভাগ্য, আমি কি নরাধম, কেনই বা আমি দুর্লভ মানবকুলে জন্ম পরিগ্রহ কবিয়াছিলাম। যিনি বাল্যকালাবধি আমার প্রতি অপার ম্লেচ্ছ প্রকাশ করিতেন, এমন কি আমার অদর্শনেই যিনি পরলোক যাত্রা করিয়াছেন, অস্তিত্ব সময়ে সেই পরমারাধ্য মহাত্মার সেবা শুঙ্গবংশ কিছুই করিতে পারিলাম না, সর্বধা আমার এ পাপ জন্মে ধিক্, দন্ত জীবনেও ধিক্। ভরতরে ! তুমি যখন অহস্তে পিতৃ দেৰের প্রেতকৃত্যাদি সংস্কারণ সকল ব্যথাবিধি নির্বাহ করিয়াছ, তখন তুমিই ধন্য, তুমিই কৃতপুণ্য।

তুমিই মানব জন্মের সাফল্য লাভ করিয়াছ । জানিলাম,  
তুমিই পিতার সৎপুত্র, তোমারই সার্থক জন্ম । ভরত !  
তুমি আর আমার নিষিদ্ধ অনুরোধ করিও না । যখন  
পিতৃদেব আমার শোকেই লোকলীলা সংবরণ করিয়াছেন,  
তখন এ চতুর্দশ বৎসর অতীত হইলেও কি আমি আবার  
সেই প্রধান-পুরুষ-বিহীন শোকপরীত অযোধ্যাপুরী প্রবেশ  
করিতে পারি ? দেখ ভাই ! বনবাসাবসানে অযোধ্যায়  
প্রতিগমন করিলে আর কে আমাকে হিতাহিত বিষয়ের  
উপদেশ প্রদান করিবেন, কে আমাকে সম্মেহ মধ্যে  
সন্তানগে বৎস বলিয়া সম্মেধন করিবেন । ইতি পূর্বে  
সুনিয়োগ-পালনে সন্ধান দেখিয়া পিতৃদেব আমাকে যে  
সকল শ্রতিমধুর কথা কহিতেন, এখন তাঁহার অভাবে  
আর কাহার মুখে তৎসমুদায় শ্রবণ করিয়া শ্রতিস্মৃথ  
অনুভব করিব । এই বলিতে বলিতে রাম পিতৃশোকে  
একেবারে অধীর হইয়া পড়িলেন । তাঁহার কণ্ঠস্বর অবরোধ  
হইয়া আগিল, মুখবর্ণ বিবর্ণ ও নিতান্ত মলিন হইয়া  
গেল । তখন আর তিনি কাহারও সহিত বাক্যালাপ  
করিতে পারিলেন না ।

তদৰ্শনে ভাতৃগণ অতি কষ্টে অগ্রজের চৈতন্য  
সম্পাদন করিয়া নানা প্রকার আশ্঵াস বাক্যে আশ্বস্ত করত  
কহিলেন, আর্য ! আর হৃথি শোক করিয়া কি হইবে !  
যদি শোক করিলেই মহারাজের পদপত্র আবার দেখিতে  
পাইতাম, তবে না হয় শোকই করা যাইত । আর্য !

গ্রেকণে যাহা হইবার, হইয়াছে, এখনকার কর্তব্য কার্য্য সম্পাদন করাই এখন উচিত, অতএব আর বিলম্ব করিবেন না, স্বরায় গাত্রোথান করিয়া পিতৃউদ্দেশে তর্পণাদি কার্য্যের অনুষ্ঠান করুন। এইস্থলে ভাতারা চারি দিকে রামচন্দ্রকে আশ্বাস প্রদান করিতে লাগিলেন।

এদিকে জানকী ভরতের মুখে মহারাজের মৃত্যু সংবাদ শুনিয়া অপার বিষাদসাগরে নিমগ্ন হইয়া নিরস্ত্র বারিধারা বিসর্জন করিতে লাগিলেন, বাপ্পবেগে তদীয় অশ্রুনযুগল একপ আবিল হইয়া উঠিল, ষে তিনি কাহারও প্রতি দৃষ্টিপাত করিতে সমর্থ হইলেন না। তদর্শনে রাম প্রিয় কথায় প্রিয়তমাকে সান্ত্বনা করিয়া নিরানন্দ মনে লক্ষ্যণকে কহিলেন বৎস ! স্বরায় ইঙ্গুদীকল ও অভিনব চীরবসন আহরণ কর। পিতার তর্পণ কার্য্য নির্বাহ করিবার নিনিত আমাদিগকে এখন নদীতীরে গমন করিতে হইবে। জানকী সর্বাত্মে গমন করিবেন, তৎপর্ণাত্ম ভূমি, সর্বশেষে আমি তোমাদের অনুসরণ করিব।

কুলক্রমাগত অনুচর সুমন্ত রামের একান্ত আজ্ঞাবহ ছিলেন, তিনি তদীয় তাঙ্কালিকী দীনদশা দর্শনে নিরতিশয় শোকাভিভূত হইলেন এবং অনুজের সহিত রামচন্দ্রকে নানা প্রকার আশ্বাস প্রদান করিয়া হস্তধারণ পূর্বক মন্দাকিনীর রমণীয় স্নেকত পুলিনে অবতারিত করিলেন, তাহারা সেই শ্রোতৃস্বত্তী মন্দাকিনীর অকর্দম অবতরণ

প্রদেশে অবতীর্ণ হইয়া পিতৃদেবের নাম গোত্র উল্লেখ পূর্বক তর্পণকরিতে আরম্ভ করিলেন । রামদক্ষিণাম্য হইয়া অঞ্জলিপূর্ণ নির্মাল জল গ্রহণ করত পিতৃউদ্দেশে কহিলেন, হে পিতৃলোকবাসিন ! এই অঙ্গয় বিমল সন্ধিল আপনার তৃপ্তি সাধন করুক, এই বলিয়া রাম সজলনেত্রে পিতার উদ্দেশে তর্পণজল প্রদান করিলেন, তৎপরে ভাতৃগণের সহিত তীরভূমিতে উঠিয়া বদরীফল-মিশ্রিত ইঙ্গুদী বীজে পিণ্ড নির্মাণ করিয়া দক্ষিণাগ্নির্ভূতরণে তাহাও প্রদান করিলেন, এবং বাঞ্চাকুল লোচনে রোদন করিতে করিতে কহিলেন, পিত ! পুরুষেরা যাহা আহার করিয়া থাকে, দেবতারাও তাহাতেই তৃপ্তিলাভ করিয়া থাকেন, অতএব আমরা এখন যাহা ভোজন করি, তাহাই পিণ্ডরূপে আপনাকে প্রদান করিতেছি, আপনি ইহাতেই প্রীত ও পরিত্পু হউন ।

এই বলিয়া রাম তীরভূমি হইতে, যে পথে আগমন করিয়াছিলেন, জানকী ও লক্ষ্মণের সহিত সেই পথেই শৈলোপরি আরোহণ করিলেন, এবং কুটীরম্বারে উপনীত হইয়া ভরত ও লক্ষ্মণের হস্তধারণ পূর্বক উচ্চেঃস্বরে রেদন করিতে লাগিলেন । তন্দৰ্শনে ভাতৃগণের শোক ও পরিতাপের আর পরিসীমা রহিল না । তাহারা পর্বতগুহা প্রতিষ্ঠানিত করিয়া সীতার সহিত সাঙ্গনেত্রে ও মুক্তকঠে ক্রন্দন করিতে প্রবৃত্ত হইলে, দুর হইতে সৈন্যেরা সেই সিংহ গর্জনের ন্যায় অতি বিশাল তুমুল রোদনধৰণি

শ্রবণে মনে ঘনে নানা প্রকার আশঙ্কা করিয়া কহিতে  
লাগিল, দেখ, বোধ হয়, কুমার, রামের সহিত মিলিত  
হইয়াছেন, তাহারা একত্রিত ও পিতৃস্থরণ নিবন্ধন  
শোকে অধীর হইয়া উচ্ছেস্ত্বরে যে রোদন আরম্ভ করি-  
য়াছেন, আমরা নিশ্চয় তাহাই শুনিতে পুঁইতেছি, এই  
বলিয়া তাহারা নিজনিজ বাহন পরিহার পূর্বক সেই  
রোদনস্থলি লক্ষ্য করিয়া মহাবেগে ধাবমান হইল। তাহা-  
দের মধ্যে যাহারা কোষলকায় ও দুর্বল ছিল, তাহারা কেহ  
রথে, কেহ গঙ্গে, ও কেহ কেহ অথে অধিরোহণ পূর্বক অটীর-  
প্রবাসী রামচন্দ্রকে যেন চির-প্রবাসীই মনে করিয়া দর্শন-  
লালসাম্র উৎকৃষ্ট মনে গমন করিতে লাগিল। তৎকালে  
সেই বনবিভাগ রথনেমি এবং অশ্বখুরে স্কুল ও আকু-  
লিত হইয়া বর্ষাকালীন নভোমগুলের ন্যায় তুমুল শব্দ  
করিতে লাগিল। সেইঘোরতর নিমাদ শ্রবণে করী ও করে-  
ণুকা সকল ত্রস্ত ও যার পর নাই ভীত হইয়া সদগুর  
বিজ্ঞার পূর্বক বনাস্তরে প্রবেশ করিল। যগ, বরাহ,  
মহিষ, সিংহ, শার্দুল, সর্প, গোকর্ণ ও গবয় প্রভৃতি  
আরণ্যজন্মগণ চকিত ও ভীত হইয়া উঠিল। হংস, সারস,  
চক্ৰবাক ও পুঁক্ষোকিল প্রভৃতি বিহঙ্গমকুল ক্ষয়ে  
আকুল হইয়া চারি দিকে পলায়ন করিতে লাগিল।  
ঐ সময়ে আকাশমণ্ডল-পক্ষিকূলে আকুল হইয়া ও  
ভূমগুল লোকসঙ্কূল হইয়া নিরতিশয় শোভা "পাইতে  
লাগিল।

ক্রমে অনুবাতিক পুরুষেরা সমিহিত হইয়া রামচন্দ্রকে স্বত্ত্বালোপণি উপবিষ্ট দেখিয়া ঘনে ঘনে মহুরা ও কৈকেয়ীর প্রতি তিরস্কার সূচক বাক্য প্রয়োগ করিতে লাগিলেন। রামচন্দ্রের তাদৃশী শোচনীয় দশা দর্শন যাত্র তাহাদের চক্ষ অঙ্গজলে পরিপূর্ণ হইয়া উঠিল। রাম তাহাদিমকে শোকাকুল দেখিয়া গাত্রোথান পূর্বক আলিঙ্গন ও সাদর সন্তান্বণ দ্বারা সংকার করিলেন, তখন কেহ কেহ রামের ও রাম ও শুরুজনের চরণে প্রণত হইলেন।

---

### চতুর্থিকশততম অধ্যায়।

এদিকে মহৰ্ষি বশিষ্ঠ মহাশয় কৌশল্যা প্রস্তুতি রাজমহিষীদিগকে সমভিব্যাহারে লইয়া রামদর্শন-লালশায় তথ্য আগমন করিতে লাগিলেন। আসিতে আসিতে মহিষীরা দেখিলেন, মক্ষাফিনীর পুলিমে রাম ও লক্ষ্মণের অবতরণাৰ্থ সুরম্য সোপান সকল প্রস্তুত রহিয়াছে। দেখিয়া কৌশল্যা সাক্ষনেত্রে ও শুক্রমুখে শুদ্ধীনা শুচিজ্ঞা এবং অপরাপর মহিষীদিমকে কহিলেন, দেখ, যে পুণ্য-

জ্ঞানা রাজ্যস্থথে বঞ্চিত হইয়া ক্লেশময় বনবাসত্ত্বত অবলম্বন করিয়াছেন, এই তাঁহাদের পবিত্র তীর্থ। সুমিত্রে ! তোমার স্বভাবস্থন্দের তনয় আমার রামের নিমিত্ত নিয়ত এই তীর্থ হইতে সলিল আহরণ করিয়া থাকেন। যদিও তিনি জলাহরণাদি মৌচ কার্য্যের অনুষ্ঠান করিতেছেন, তথাচ তিনি নিম্নার পাত্র নহেন। কারণ তিনি অগ্রজের আদেশে নিতান্ত গর্হিতকার্য্যও অন্যায়ে সম্পূর্ণ করিতে পারেন, বিশেষতঃ যে কার্য্যে রামের প্রয়োজন নাই, লক্ষণ তাহাতেই ঘৃণা বোধ করিয়া থাকেন। যাহাই হউক, তোমার সন্তান যেরূপ ক্লেশকর কার্য্যে বৃত্তি হইয়াছেন, ইহাতে তাঁহার কৈর্তি ত্রিলোকে চিরস্থায়ীরূপে বিদ্যমান থাকিবে, সন্দেহ নাই।

এই বলিয়া সেই বিশাল-লোচনা কৌশল্যা গমন করিতে করিতে কিয়দুর গিয়া আবার দেখিলেম, আদুরে দক্ষিণাগ্র কুশোপরি ইঙ্গুদী ফলের পিণ্ড নিপত্তি রহিয়াছে; তদৰ্শনে সুদীর্ঘ নিখাস ভার পরিত্যাগ করিয়া কহিলেন, সুমিত্রে ! বোধ হয়, আমার রাজীবলোচন এই স্থানে পিতার উদ্দেশে যথাবিধি পিণ্ডান করিয়াছেন। আহা ! যিনি এতকাল রাজভোগ্য উপভোগ করিয়াছেন, জানিনা এখন এই তাঁপসজনোচিত সামান্য ফলে কিরূপে তাঁহার ভোজনস্পৃহা পরিত্তপ্ত হইয়াছে। হাঁহ ! যিনি সসাগরা সর্বীপা ধরায় একাধিপত্য করিয়াছেন, তিনি কিরূপে বন্যলোকের ভোজ্য বস্তু ভোজন

করিতে সমর্থ হইলেন। ভগিনীগণ ! আমার রাম রাজ-পুত্র হইয়া, উত্তর কোশলের অধিপতি রাজাধিরাজ মহারাজ দশরথের উরসে জন্মগ্রহণ করিয়া আরণ্য লোকের ন্যায় ইঙ্গুদীকলে পিতার পিণ্ডান নির্বাহ করিলেন, দেখিয়াও কি হতভাগ্য কৌশল্যার পাপজীবন বহিগত হইল না। দন্ধহৃদয় ! তোমার কি আরও জীবিত থাকিবার আশা আছে ? এমন শোকাবহ, এমন লোমহর্ষণ ব্যাপার অবলোকন করিয়াও যখন শতধা বা সহস্রধা বিদীর্ণ হইলে না, তখন নিশ্চয় জানিলাম, বিধাতা তোমাকে বজ্র বা ততোধিক কঠিনতর কোন বস্তু দ্বারা নির্মাণ করিয়াছেন, নতুবা বজ্র হইলে অবশ্যই বিদীর্ণ হইত, পায়াণ হইলেও দেখিবামাত্রই দ্রব হইয় যাইত। লোকে যাহা ভোজন করে, তাহাদের দেবতারাও তাহাতেই হৃষিলাভ করেন, এই লোক প্রসিদ্ধ জনশ্রুতি আজ আমার যথার্থই বোধ হইল।

এইরূপ বিলাপ করিতে করিতে শোকাকুল। কৌশল্যা সপত্নীগণে পরিষ্কৃত হইয়া আশ্রমপদের অভ্যন্তরে প্রবেশ করিলেন, দেখিলেন, রাম স্বগভুষ্ট দেবতার ন্যায় ধরাতলে উপবিষ্ট আছেন। দুর্বিসহ পিতৃশোক দহনে তাহার সর্বাঙ্গ জর্জরিত, ও মুখবর্ণ বিবর্ণ হইয়া গিয়াছে। কাদিতে কাদিতে নেতৃজনে বক্ষস্থল তাসিয়া যাইতেছে। রাজপত্নীরা রামচন্দ্রের তাদৃশী দীমদশা দেখিয়া অমনি উচ্ছেস্বরে হাহাকার করিয়া উঠি-

ଲେନ । ରାମ, ଦଶମିତାତ୍ତ୍ଵ ଗାତ୍ରୋଧାର କରିଯା ଯାହାଗଣେର ଚରଣୋପକ୍ଷେ ନିପତିତ ହିଲେନ । ତାହାରାଓ ସୁକୋମଳ କରେ ରାମେର କୋମଳ କଲେବରେର ଧୂଳି ସକଳ ମୁହଁଇତେ ଲାଗିଲେନ । ଏଦିକେ ପୁରୁଷୋତ୍ତମ ଲକ୍ଷଣ ଯାହାଗଣକେ ସଥାବିଧି ପ୍ରଥିପାତ କରିଲେନ । ତାହାରା ରାମେର ନ୍ୟାୟ ଲକ୍ଷଣଗେର ପ୍ରତିଶ୍ରୀ ଅପାର ସେହ ପ୍ରକାଶ କରିତେ ଲାଗିଲେନ । ଜାନକୀ ଲଜଳନେତ୍ରେ ଅ ଗ୍ରାହିତିନୀ ହିର । ମହିମାଦିଗେର ଚରଣାରବିନ୍ଦେ ପ୍ରଥିପାତ କରିଲେନ । ଶୋକବିହୁଲା ମହିମା କୌଶଳ୍ୟ ! ସେହତରେ ତଦୀର କୋମଳ କଲେବର ମୁହଁରୁହୁଃଆଲି-ଶ୍ଵର କରିଯାଇଲେନ, ଅଯି ସଂସେ ଜାମକି ! ବିଧାତା ପରି-ଶାୟେ ତୋରାର ଲଜାଟେ ସେ ଏତତୁଃଖ ଲିଖିଯାଇଲେନ, ତାହା ଆୟି ଏକଦିନେର ଭରେତେ ଭାବି ନାହିଁ । ତୁମି ରାଜର୍ଭିଜନ-କେର କନ୍ୟା, ଉତ୍ତର କୋଶଲେଖରେର ପୁତ୍ରବଧ ; ରାଜକୁମାର ରାମେର ଅସ୍ତର୍ଯ୍ୟମ୍ପରାକ୍ରମା ଭାର୍ଯ୍ୟା ; ତୁମି କୋଥା ଚିରକାଳ କମଳାର ନ୍ୟାୟ ଅନ୍ତଃପୁରଚାରିଣୀ ହଇଯା ଥାକିବେ, ନା, ଏକେବାରେ ନି-ଷାଦ-ମେବିତ କ୍ଷରାୟହ ବନ୍ଦିଭାଗେ ଭ୍ରମ କରିଯା ଓ ବନେର କଟୁ, ତିଙ୍କ, କର୍ଯ୍ୟର କଲମୁଲମାତ୍ରେ ଜୀବନ ଧାରଣ କରିଯା ନି-ଜାତ୍ମକରେଣେ ଦିବପାତ କରିତେହ । ଆହା ! ସଂସେ । ତୋରାର ଶୁଦ୍ଧଧାରି ମଲିମ କମଳକଲିକାର ନ୍ୟାୟ, ମର୍ଦିତ ଉତ୍ୟପଳେର ନ୍ୟାୟ, ଧୂଳିପଟଳାଜହାଜ କ୍ଷରମନମରୀ ପ୍ରତିକାର ନ୍ୟାୟ, ଓ ସେଷା-ହତ ଶାରଦୀର ହୃଦୀଂଶୁର ନ୍ୟାୟ ବିହର ଓ ଜ୍ଞାନ ଦେଖିଯା ଆମାର ସମ ପ୍ରାପ ବଢ଼ିଇ ଉତ୍ୟକର୍ଷିତ ହଇଯାଛେ । ବଲିତେ କି, ହୃତା-ହତ ବହି ସେବନ ରମ୍ବିହୀନ ଭୃଗୁନାଶିକେ ମଞ୍ଚ କରେ, ତତ୍ତ୍ଵପ-

তোমার বনবাসসন্তুত শোকানল আগার হৃদয়কে দপ্ত  
করিয়া ফেলিতেছে ।

এই বলিতে বলিতে রাজমহিমীর শোকসাগর প্রবলবেগে  
উচ্ছুলিত হইতে লাগিল । রাম অতি কষ্টে এতক্ষণ  
নিষ্ঠক ভাবে ছিলেন, কিন্তু আর থাকিতে পারিলেন না,  
অমনি উঠিলেন, এবং সুরপতি যেমন বৃহস্পতির, তেমনি  
কুলপতি ভগবান् বশিষ্ঠের পাদপদ্মে প্রণিপাত করিয়া  
বিনীতভাবে তথায় অবস্থান করিলেন । ভাতৃবৎসল ভরতও  
মন্দীর, স্বীয় মেনাপতি ও হৃধার্জিক পুরবাসীগণে পরি-  
বৃত হইয়া অগ্রজের পশ্চাত সমন্বকরণপূর্বে উপবিষ্ট হই-  
লেন । তিনি উপবেশন করিলে, তদীয় পার্শ্ববর্তী লোক  
সকল কৌতুহলাক্রান্ত হইয়া ঘনে ঘনে কহিতে লাগিল ।  
এখন বোধ হয়, ভরত অযোধ্যাগমনের নিমিত্ত অগ্রজকে  
আবার অঙ্গুরোধ করিবেন । আহা ! আমাদের কি আর  
এমন সৌভাগ্য হইবে ? জন্মান্তরে আমরা কি এতই সৎ-  
কার্যের অনুষ্ঠান করিয়াছিলাম ; যে, রাজকুমার রাজা-  
সনে বসিবেন, দেখিয়া আমরা মানবজন্মের সফলতা  
সম্পাদন করিব । ফলত, তৎকালে রামের প্রতিগমন-  
সম্বন্ধীয় কথাবার্তা শুনিবার জন্য সকলের ঘনেই কৌতু-  
হলশিখা প্রদীপ্ত হইয়াছিল । অনন্তর যজসত্তায় সদস্য-  
গণ-বৈষ্ণব অগ্নিত্রয়ের ম্যায় উপবিষ্ট হইয়া তাহারা  
পিতার উদ্দেশে শোক ও বিলাপ করিতে লাগিলেন ।  
ক্রমে দিবা অবসান, রাজমী উপস্থিত ।

## পঞ্চাধিক শততম অধ্যায় ।

---

অতি কষ্টে সেই যাতনাময়ী যামিনী অবসর হইল।  
রাজকুমারেরা স্বহৃদ্গণের সহিত গাত্রোথান পূর্বক  
পৰিত্ব মন্দাকিনীজলে প্রাতঃস্নান ও জপ হোমাদি প্রাতঃ-  
কৃত্য সমাপন করিয়া পুনরায় রাম সমীপে সমাগত হই-  
লেন। পাছে রাম অশোধ্যাগমনে অমত করেন, এই  
ভয়ে সকলেই তাঁহার প্রতি অনিমেষ নেত্রে দৃষ্টিপাত  
পূর্বক মৌনবল্বন করিয়া রহিলেন। কেহই আর  
কোন কথার উত্থাপন করিতে সাহসী হইলেন না।

তখন অবসরোচিত-বক্তা মহাত্মা ভরত হৃতাঙ্গলিপুটে  
কহিলেন, আর্য ! পিতৃদেব নিজরাজ্য প্রদান করিয়া  
আমার পাপজননীর প্রার্থনা পূরণ করিয়াছেন, কিন্তু এক্ষণে  
আমি আমার রাজ্য আপনার কোমল করে অর্পণ  
করিতেছি, আপনি অসঙ্গচিত চিত্তে তাহা উপভোগ  
করুন। আর দেখুন, ইহাতে উভয় দিকই রক্ষা পাইবে।  
পিতৃদেব আমাকেই রাজ্য প্রদান করিবেন বলিয়া যে  
প্রতিজ্ঞা করিয়াছিলেন, তাহারও ভঙ্গ হইবে না ; আর

আমাদিগেরও চিরসংক্ষিত অভিলাষ অমায়াসে সিদ্ধ হইতে পারিবে। আর্য ! দেখুন বর্ধাগমে প্রবল জল-প্রবাহে পরিভ্রম মহাসেতুর ন্যায় এই প্রকাণ্ড রাজ্য খণ্ড প্রতিপালনে আপনি ভিন্ন আর কে সাহসী হইবেন ? যেমন গদ্দিভ অশ্বগতির অনুসরণ করিতে সক্ষম হয় না, পক্ষিগণ কোন ক্রমে পক্ষিরাজ গরুড়ের অনুগমন করিতে পারে না; তজ্জপ আমিষ আপনার অতুল্য রাজ-শক্তির অনুসরণ করিতে কদাচ সাহসী হইব না। অন্য লোকে নিত্য নিত্য যাহার শুণগরিমা গান করে, তাহার জীবনই সুজীবন আর যাহাকে প্রতিনিয়ত পরের অনু-বৃত্তি করিতে হয়, তাহার জীবনই ক্লেশের কারণীভূত ও শোচনীয়। আর দেখুন আর্য ! কোন ফলার্থী পুরুষ পরম যত্নে প্রথমতঃ একটী বৃক্ষ রোপণ করিল, কিয়দিন-মাস্তে বহু পরিশ্রমে ঐ তরুর পল্লবিত ও বর্দ্ধিত হইয়া এমন উচ্চ হইয়া উঠিল যে, উহাতে বামন পুরুষের অধিরোহণ করিতে আর সমর্থ হয় না। কাঞ্জক্রমে ঐ তরু পুষ্পিত হইয়া উঠিল। কিন্তু ফল কালে ফল প্রদান করিল না। এমন স্থলে সেই রোপণকারী ব্যক্তি কি প্রীত ও পূর্ণমনোরথ হইতে পারে ? আর্য এই দৃষ্টান্তটা আপনার মিমিত্তই প্রদর্শিত হইল। আপনি বিবেচনা করুন, আপনি আমাদের সর্বজ্যেষ্ঠ ও ভর্তা, আমরা আপনার একান্ত নিদেশান্তকারী চিরানুগত ভূত্য, কোথা আপনি আমাদিগকে সত্ত্বপথ প্রদর্শন করিয়া হিতোপদেশ প্রদান

করিবেন, না, একেবারে ঔদাসিন্যই অবলম্বন করিয়া রহিলেন। ইহাতে কি স্বর্গীয় পিতার প্রয়াস ও প্রয়ত্নের নিষ্ফলতা হইতেছে না ? আর্য ! আপনাকে আর অধিক কি কহিব, এ হতভাগ্যের এইমাত্র অভিলাষ, নানা শ্রেণীর প্রধান প্রধান লোকেরা অদ্য আপনাকে জ্বলন্ত হৃতাশনের ন্যায় পৈতৃক রাজসিংহাসনারুচি অবলোকন করুক, অদ্য মদমত মাতঙ্গেরা আনন্দধনি করিতে করিতে আপনার অনুগমনে প্রবৃত্ত হউক, অদ্য অন্তঃপুরচারিণী পৌর মহিলারা আপনার স্বশাসনে সাতিশয় প্রীত হইয়া নিরন্তর আনন্দবারি বিসর্জন করুন,। এই বলিয়া মহাভা ভরত মৌনাবলম্বন করিলে, তত্ত্ব সকলেই তাঁহার বাক্যে অনুমোদন করিল, এবং উদ্বিবাহু হইয়া তাঁহার ভুরি ভুরি প্রশংসা করিতে লাগিল।

অনন্তর রাম ভাতাকে একান্ত আকুল দেখিয়া এবং তাঁহার ছুঁথে ঘারপর নাই ছুঁথিত হইয়া আশ্চর্য প্রদান পূর্বক কহিলেন, ভাতৎ ! দেখ, কি রাজা, কি প্রজা, যাহাই কেন না বল, পুরুষমাত্রই পরায়ত, পরত্বের ন্যায় কেহই স্বাধীন নহেন। সাতস্ত্র অবলম্বন করিয়া কেহই কোন বিষয়ে প্রবৃত্ত হইতে পারেন না ! সর্বনিয়ন্ত্রণ ও সর্বান্তর্যামী অথগু দণ্ডায়মান কালই ইহলোকে ও পরলোকে জীবগণকে কর্মানুকূল ফল প্রদান করিতেছেন। অতএব ভাই ! কি মহারাজ, কি আর্যা কৈকেয়ী ইঁহারা কেহই আমার নির্বাসনের হেতুভূত

নহেন। কালেতেই সকল ঘটে, কালই সকল কার্যের  
মূল। কালে যাহা হইবে, বিধাতা ও তাহার অন্যথা  
করিতে পারেন না। ভরত! এই সমস্ত পর্যালোচনা  
করিয়া আপনিই আপনাকে প্রবোধ দেও। পিতৃদেব  
মানবলীলা সংবরণ করিয়াছেন, তজ্জন্য আর অনর্থক  
শোক করিয়া কি হইবে। এই সংসারমধ্যে সকল  
বস্তুই নশ্বর, কিছুই চিরস্থায়ী নহে। যেখানে উন্নতি,  
সেই খানেই অবনতি; যেখানে সংযোগ দেইখানেই  
বিয়োগ; এবং যেখানে জন্ম, সেই খানেই মৃত্যু আছে।  
সুপক ফলের পতনভয় যেমন অপরিহার্য; তজ্জপ  
জীবমাত্রেরই, মরণভয় অনিবার্য। যেমন দৃঢ়স্তুতসং-  
রক্ষিত এই সকলও জীর্ণ হইলে পতিত হয়, তজ্জপ  
জীবগণ জরামরণের বশবর্তী বলিয়া নিয়মিত সময়ে  
অবশ্যই অবস্থ হইবে, সন্দেহ নাই। যে রজনী  
একবার অতীত হয়, তাহা আর কোন ক্রমেই  
প্রত্যামন করে না। যে নদীর প্রবাহ মহাসাগরে গিয়া  
পতিত হইয়াছে, তাহা আর ফিরিয়া আইসে না। যেমন  
নিদায় কালে প্রচণ্ডাতপ জলাশয়ের জল, শুক করিয়া  
ফেলে, তজ্জপ দিবা রাত্রি পুনঃ পুনঃ গতায়াত করিয়া জীব-  
লোকের জীবিত কাল ক্ষয় করিতেছে। তুমি একস্থানে  
নিষিদ্ধস্তুতাবেই বসিয়া থাক, বা কার্যপ্রসঙ্গে নানাস্থানে  
পর্যটনই কর, তোমার পরমায়ু ক্রমেই ক্ষয় হইয়া যাই-  
তেছে। অতএব ভরত! দুর্নির্বার মৃত্যু যে পক্ষাংস্কিকে

ମୁଖବ୍ୟାଦନ କରିଯାଇ ରହିଯାଛେ, ତୁମি ଦେଖିତେଛ ନା ? ପରିଗାମେ ଆପନାର ଗତି କି ହିଇବେ, ଦିବା ନିଶି ତାହାଇ ଚିନ୍ତା କର । ଅନ୍ୟେର ବିଷୟ ଲେଇଯା ଏତ ବ୍ୟାକୁଳ ହିବାର ପ୍ରୋଜନ କି ? ତୁମି ସେଥାନେ ଯାଇବେ, ଯତ୍ତୁ ଓ ତୋମାର ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ଗମନ କରିବେ, ତୁମି ସେଥାନେ ବସିବେ, ଯତ୍ତୁ ଓ ତୋମାର ଅପେକ୍ଷାଯ ତଥା ସମ୍ମାନ ଥାକିବେ । ବହୁଦୂର ଗମନ କରିଲେଓ ସହଚର ହିଇବେ, ଆବାର ତଥା ହିତେ ପ୍ରତ୍ୟାଗମନ ସମୟେଓ ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ଆସିବେ । ଅତ୍ରେବ ବୃଦ୍ଧ ! ଯତ୍ତୁ ଅପରିହାର୍ୟ, ଉହାର ସୀମା ଅତିକ୍ରମ କରିତେ କେହି ସମର୍ଥ ନହେନ । ଭରତ ! ଅଦୂରଦଶୀ ଯୁବକେରା ଯୌବନ-ମଦେ ଗର୍ବିତ ହିଇଯା ଏହି ବିନ୍ଦୁର ଶରୀରେର କତହି ଯେ ଗର୍ବ ଓ କତ ଯେ ଅହଂକାର ପ୍ରକାଶ କରେ, ତାହା ଆର ବଲିବାର ନହେ, କିନ୍ତୁ ଜାନେ ନା, ଅବଶ୍ୟକ୍ତାବିନ୍ମୀ ଜରାର ପ୍ରଭାବେ ଦେହେ ସଥନ ବଲୀ ପ୍ରକାଶିତ ହିଇବେ, ସୁଚିକଳ ସୁରମ୍ଯ ଶ୍ରାମଳ କେଶରାଶି ସଥନ ଶୁଳ୍କଭାବ ଧାରଣ କ ରିବେ, ଅନ୍ତର ପ୍ରତାଙ୍ଗେ ସଥନ ଅବସନ୍ନ ହିଇଯା ପଡ଼ିବେ ତଥନ ଏହି କ୍ଲେଶମ୍ୟ ବିନ୍ଦୁର ଶରୀର କେମନ ଶୋଚନୀୟ ଦଶାଯ ପରିଣତ ହିଇବେ । ବୃଦ୍ଧ ! ସୂର୍ଯ୍ୟାଦୟେ, ସୂର୍ଯ୍ୟାସ୍ତେ ଓ ନବନବ ଋତୁର ସମାଗମେ ମାନବେରା ମୁହଁରେ ଘାୟ ଆନନ୍ଦ ଅନୁଭବ କରିଯା ଥାକେ, କିନ୍ତୁ ପରମାୟୀ ଯେ ଦିନ ଦିନ ନିଃଶେଷିତ ହିତେଛେ, ତାହା ଏକ ମୁହଁର୍ତ୍ତର ଜନ୍ମ ଓ ତାହାଦେର ମନୋମଧ୍ୟେ ଜାଗରକ ହୟ ନା । ଯେମନ ମହାସାଗରମଧ୍ୟେ ଏକଥାନି କାଷ୍ଟ ଭାସିତେ ଅପର କାଷ୍ଟର ସହିତ ମିଳିତ ହିଇଯା କ୍ଷଣକାଳ ପରେ ଆବାର ବିଯୁକ୍ତ ହିଇଯା ଯାଏ,

ତଜ୍ଜପ ପୁତ୍ର କଲତ୍ର ଭାଇ ବନ୍ଦୁ ସକଳେର ସହିତି କ୍ଷମାତ୍ର ସମ୍ବନ୍ଧ । ଜନ୍ମ ମୃତ୍ୟୁ ବନ୍ଧମେ ସକଳଇ ଆବଶ୍ୟକ ଆଛେ, କେହିଁ ଉତ୍ଥାକେ ଅତିକ୍ରମ କରିତେ ପାରେ ନା । ସେ ବ୍ୟକ୍ତି ଅନ୍ୟର ମରଣେ ଶୋକୋକୁଳ ହ୍ୟ, ଦେ ଆପନାକେ ମୃତ୍ୟୁପାଶ ହିତେ କଥନଇ ମୁକ୍ତ କରିତେ ପାରେ ନା । ସେମନ ପଥି ମଧ୍ୟେ ଏକଜନ ଅଗ୍ରେ, ଅପର ଜନ ତାହାର ଅନୁଗମନ କରେ ଏହି ଜୀବଲୋକେ ସକଳେଇ ସେଇରପ ପୂର୍ବପୂରୁଷଦିଗେର ଅବଲମ୍ବନ । ପଥିଇ ଅବଲମ୍ବନ କରିଯା ଚଲେ । ସୁତରାଂ ସଥନ ଆମାଦିଗକେଓ ପୂର୍ବପୂରୁଷେର ଆଚରିତ ପଥିଇ ଆଶ୍ରାୟ କରିତେ ହିବେ, ତଥନ ଆର ଅନର୍ଥକ ଶୋକ କରିବାର ପ୍ରୟୋଜନ କି । ଜଳପ୍ରବାହେର ଘାୟ ସେ ପଥେର ପ୍ରତିନିର୍ବତ୍ତି ନାଇ ! ତାହାର ନିମିତ୍ତ ଦୁଃଖ ନା କରିଯା ବରଂ ସୁଧୀ ହୋଇଥାଇ ଉଚିତ । ଅତଏବ ବନ୍ସ ! ପିତୃଦେବ ସମ୍ମାନେର ସହିତ ଜୀବିତ କାଳ ଅତିବାହିତ କରିଯା ଶାନ୍ତିତ ସଂକାର୍ଯ୍ୟେର ଫଳେ ପରିଣାମେ ସ୍ଵର୍ଗାରୋହଣ କରିଯାଇଛେ, ତ୍ାହାର ନିମିତ୍ତ ଶୋକୋକୁଳ ହିବାର ପ୍ରୟୋଜନ କି ? ତିନି ଜରାଜୀର୍ଣ୍ଣ ବିନଶ୍ଵର କଲେବର ପରିତ୍ୟାଗ କରିଯା ବ୍ରନ୍ଦଲୋକେ ଗମନ ପୂର୍ବକ ଦୈବୀ ସୁମଙ୍କି ଉପଭୋଗ କରିତେଛେ, ତ୍ାହାର ନିମିତ୍ତ ଶୋକ ପ୍ରକାଶ କରାତୋମାର ନ୍ୟାୟ ବିଚକ୍ଷଣେର କର୍ତ୍ତବ୍ୟ ନହେ । ପ୍ରାଞ୍ଜଲୋକେରା କଥନଇ ଏକପ ଅଲିକ ଶୋକମୋହର ସଶୀଭୂତ ହନ ନା । ଅତଏବ ବନ୍ସ ! ଶୋକ ସଂବରଣ କର, ପିତାର ବିମୋଗ ଦୁଃଖେ ଆର ଅଧୀର ହିଇଥାଇ ନା । ଏକଣେ ଅଷୋଧ୍ୟାଯ ଗିଯା ପିତୃଦତ୍ତ ସାଆଜ୍ୟ ସୁଥେ ଶାସନ କର । ତାହା ହିଲେଇ ପିତୃଦେବ ସୁଧୀ

থাকিবেন। তিনি আমাকে যে কার্যে নিয়োগ করিয়াছেন, আমি তাহারই অনুষ্ঠান করি। তাহার নিদেশ কদাচ উল্লজ্জন করিতে পারিব না। তিনি আমাদের, পরমারাধ্য, তাহার আদেশ পালন করা যেমন আমার তেমনি তোমারও উচিত। কোন ক্রমেই তাহা উল্লজ্জন করা বিধেয় নহে। অতএব ভাই! আমি অরণ্য-বাস আশ্রয় করিয়া তাহার নিদেশ প্রতিপালন করি, তুমি রাজ্যভার বহন করিয়া তাহার আদেশ পালন কর। যে ব্যক্তি পরিণামসূর্যের অভিলাষী হয়, গুরুজনের বশবর্তী থাকা তাহার অবশ্য কর্তব্য। অতএব ভরত! পিতা স্বীয় সৎকার্যের ফলে পরিণামে সন্তোষ লাভ করিয়াছেন, তুমি মনে মনে তাহাই আলোচনা করিয়া ধর্ম কার্যে ঘনোনিষেশ পূর্বক পারত্রিক স্থ চিন্তায় প্রবৃত্ত হও।

পুরুষোত্তম রাম পিতৃসত্য পালনার্থ ভাতা ভতরকে এইরূপ উপদেশ দিয়া মৌমাবলম্বন করিলেন।

---

## বড়ধিকশততম অধ্যায় ।

---

অনন্তর ভৱত শ্রোতৃতী মন্দাকিনীতীরে রাম-  
চন্দকে সম্মোধন করিয়া কৃতাঞ্জলিপুটে কহিলেন, আর্য !  
এই জীবলোকে আপনার ন্যায় গুণভূষণ ও ভবানৃশ সঙ্গ-  
পুরুষ অতি বিরুল । সুখ দুঃখ উভয়ই আপনার সমান,  
দুঃখও আপনাকে দুঃখী করিতে পারে না, সুখও আপ-  
নাকে সুখী করিতে সমর্থ হয় না । যখন জন্ম ও মৃত্যু  
উভয়ই আপনার পক্ষে তুল্য, তখন আপনার আর পরি-  
তাপের বিষয় কি আছে । যখন আপনি এই চরাচর  
প্রপঞ্চ ও আত্মত্ব বিশেষরূপে অবগত আছেন, তখন  
কি সঙ্কট, কি ব্যসন, কিছুতেই আপনার অবিচলিত চিত্তের  
বিকার জন্মাইতে পারে না । আর্য ! আপনি দেবপ্রভাব,  
সর্বজ্ঞ, সর্ববিদশী, সত্যত্বত, ও বুদ্ধিমান, এবং আপনি  
জীবের উৎপত্তি 'বিনাশ সম্যক অবগত আছেন । আপনি  
জিতাঙ্গা ও জিতেন্দ্রিয়, দুঃখ কি পরিতাপ, কেহই আপ-  
নাকে অভিভূত করিতে সমর্থ হয় না । কিন্তু হে পুরুষোত্তম !  
বাল্যকালাবধি আমাকে যেৱেপ স্নেহ করিয়া আসিতেছেন,

সেই স্নেহনিবন্ধনই আমি আপনার নিকট এত বিলাঃ, করিতেছি, দেখুন, এবিষয়ে আমাৰু কিছুমাত্ৰ অপৱাধ নাই। আমি যৎকালে মাতুলালয়ে ছিলাম, আমাৰ পাপী যসী জননী সেই সময়ে অবসর পাইয়া এই অভাবিত ব্যাপারেৱ অনুষ্ঠান কৰিয়াছিলেন। আমি নিৱপন্নাধী, আপনিও বিচক্ষণ, আমাৰ প্রতি প্ৰসন্ন হউন। আমি কেবল ধৰ্ম্মভয়েই আমাৰ রাঙ্গসী জননীৰ মস্তক ছেদন কৰি আই। আমি মহারাজ দশরথেৰ ওৱসে০ জন্ম গ্ৰহণ কৰিয়াছি, এবং ধৰ্ম্মাধৰ্ম্ম ও সৎ অসৎ পৰিজ্ঞান বিষয়েও বৃত্তান্ত অনভিজ্ঞ নহি, বিশেষতঃ আপনি আমাৰ সহিত বাক্যালাপ কৰিবেন না, এই মস্তক পর্যালোচনা কৰিয়া সেই হৃগিত কাৰ্য্যে হস্তক্ষেপ কৰি নাই। আৰ্য্য ! মহারাজ আমাদেৱ পিতা ও পৱনদেবতা এবং স্বয়ং অতি ধাৰ্ম্মিক, সত্য, কিন্তু তিনি যেৱে কাৰ্য্যেৰ অনুষ্ঠান কৰিয়াছেন, ইহা কি সাধুজনেৰ অনুষ্ঠেয়, বুঝি ধৰ্ম্মশাস্ত্ৰাধ্যয়নেৰ পৰিগাম। সামান্যা কামিনীৰ কুম্ভনায় পড়িয়া শোন ধৰ্ম্মাহ্মা ভৰাদৃশ শুণভূবণ সাধুশীল সন্তানকে গহন কৰিবলৈ কৰিবলৈ কৰিতে প্ৰাৰম্ভ অসম সময়ে শঙ্খযন্দিগোৱে বুঁকি বৃত্তি বিপৰীত হয়, মহারাজেৰ এই ব্যবহাৰ দেখিয়া তাহা ষথাৰ্থই বোধ হইল। আৰ্য্য ! আৱ অধিক কি কৰিব। কৈকেয়ীৰ মায়াজালে পড়িয়াই হউক, আৱ অৰ্পিত্যাকাৰিতা নিবন্ধনই হউক, মহারাজেৰ এই কাৰ্য্য সাধুবিগৰ্হিত এবং লোকতঃ ও ধৰ্মতঃ নিতান্ত নিন্দনীয়

ଆମି ନିଶ୍ଚଯ ବଲିତେ ପାରି, ଏହିନ ସୁଖକର କାର୍ଯ୍ୟର  
ଅନୁଷ୍ଠାନ କରିଯା ପ୍ରତିଦିଵ ଦେହକ୍ଷେତ୍ର ମୁଖୀ ହିତେ ପାରେନ୍...  
ନାହିଁ । ଅତଏବ ଆର୍ଯ୍ୟ ! କୋଥ, ଯୋହ ବା ଅବିମୃଦ୍ୟକାରିତା  
ନିବନ୍ଧନ ତାହାର ମେ ବ୍ୟାତିକ୍ରମ ଘଟିଯାଛେ, ଆପନି, ଶୁଭ-  
ସାଧନୋଦେଶେ ତାହାର ପ୍ରତିବିଧାନ କରନ୍ତୁ । ପୂର୍ବ ହିତେ  
ପିତାକେ ରକ୍ଷା କରେ ବଲିଯାଇ ପୁତ୍ରେର ନାମ ଜ୍ଞାପନ୍ୟ  
ହିଇଯାଛେ, ଏବାକ୍ଯଟି ସାର୍ଥକ କରା କି ଆପନାର ଉଚିତ  
ହିତେଛେ ନା ? ଆପନି କି ତାହାର ପୁତ୍ର ନହେନ ? ହୁଗା-  
କର ବିବରେ ଅନୁମୋଦନ କରିଯା ପିତାକେ ନିରୟଗାମୀ  
କରାଇ କି ତମଯେର କାର୍ଯ୍ୟ ? ଆର୍ଯ୍ୟ ! ଏ ଚିବ୍ରଦାଦେର ଅନୁ-  
ରୋଧ ରକ୍ଷା କରନ, ଆପନି ଏ ଦୃଢ଼ତର ଅନ୍ୟବସାୟ ସ୍ଵରି-  
ତ୍ୟାଗ କରିଯା ପୌରକୁଳେର ଶୋକାମ୍ବି ନିର୍ବାଣ କରନ ।  
ଆହା ! ଇହାଓ କି ଦେଖା ବାଯ ! କୋଥାଯ ହିରକମଣିତ  
ଦିଂହାସନେ ଆସୀନ ହିଇଯା ଧର୍ମାନ୍ତମାରେ ରାଜଧର୍ମାନୁଶ୍ରମନ,  
ଆର କୋଥାଯ ଅତ୍ମଳ୍ୟ ବୈଭବେ ଜଳାଞ୍ଜଳି ଦିଯା ଦୀନବେଶେ  
ଦିବାନିଶ ଭଗନ ; କୋଥାଯ ମୂର୍ଯ୍ୟକାନ୍ତମଣି-ନିନ୍ଦିତ ପ୍ରଭାଜାଳ-  
ଜଡ଼ିତ ସୁରଗମ୍ୟ ମୁକୁଟ ଧାରଣ କରିଯା ଅପ୍ରତିହତ ପ୍ରଭାବେ  
ପ୍ରଜାବର୍ଗେର ପ୍ରତିପାନ୍ତା, ଆହ୍ନ, କୋଥାଯ ଧ୍ୱିଜନୋଚିତ  
ଶୋକାରହ ଜଟାତାର ବହନ କରିଯା ଧରେ ବରେ ବନ୍ୟ ଜନ୍ମ-  
ଦିଗେର ଘୋରତର ଗର୍ଜନ ଶ୍ରବନ, ଆର୍ଯ୍ୟ ! ଏମନ ବିମୁଦ୍ରଶ  
କାର୍ଯ୍ୟ କୋନ ଘରେଇ \*ଆପନାର ସାଜିବେ ନା । ଯଦିଏ  
ବାନପର୍ବତ ସର୍ପ କ୍ଷତ୍ରିଯଜାତିର ଅଧିକାର ଆଛେ, ତଥାପି  
ପୌର୍ବାପର୍ଯ୍ୟେର ବିପର୍ଯ୍ୟୟ କରିଯା ଅସମ୍ୟେ ଉହା ଆଶ୍ରମ

କରାନ୍ତିବାଦୃଶ ବିଚକ୍ଷଣେର କାର୍ଯ୍ୟ ନହେ । ରାଜ୍ୟ ଅଭି-  
ଷେକ ଓ ପ୍ରଜାପାଲନରୂପ ଧର୍ମଇ କ୍ଷତ୍ରିୟଦିଗେର ପ୍ରଥାନ  
ଓ ପ୍ରଥମ ଧର୍ମ, ଏମନ ପ୍ରତ୍ୟକ୍ଷ ଧର୍ମେ ଉପେକ୍ଷା କରିଯା  
କୋନ୍‌କ୍ଷତ୍ରିୟାଧିମ, ନିତାନ୍ତ ସଂଶୟାଜ୍ଞକ କ୍ଷେତ୍ରଦାୟକ  
ବାର୍ଦ୍ଦକ୍ୟଧର୍ମେର, ଅନୁସରଣ କରିତେ ଅଭିଲାଷ କରେ ? ଅଥବା  
ସୁଦି କ୍ଷେତ୍ରସାଧ୍ୟ ଧର୍ମଇ ଆପନାର ଅଭିମତ ଓ ପ୍ରତିପାଳନ  
ବୋଧ ହଇଯା ଥାକେ, ଗୃହେ ଥାକିଯା ଧର୍ମାନୁସାରେ ବର୍ଣ୍ଣଚତୁ-  
ଷ୍ଟରେର ପ୍ରତିପାଳନ କରନ୍ତି, ତାହାତେ ଓ ତ ବିନ୍ଦୁର କ୍ଷେତ୍ର,  
ମେ କ୍ଷେତ୍ର ଭୋଗ କରିଯା କି ଆପନି ପରିତ୍ରପ୍ତ ହଇବେନ  
ନା ? ଆର ଦେଖୁନ, ଧାର୍ମିକ ପୁରୁଷେରା କହିଯା ଥାକେନ,  
ଯେ, ଆଶ୍ରମ ଚତୁଷ୍ଟରେ ମଧ୍ୟେ ଗାର୍ହସ୍ଥ ଆଶ୍ରମଇ ସର୍ବାପେକ୍ଷା-  
ଉତ୍ସକ୍ଷଟ, ତବେ ଆପନି କି କୌରଣେ ତାହା ପରିତ୍ୟାଗ  
କରିଯା ଆସିଲେନ । ଆର୍ଯ୍ୟ ! ଆମି ବିଦ୍ୟାଯ ଆପନାର ନିକଟ  
ବାଲକ ଓ ବୃଦ୍ଧିହୀନ, ବିଶେଷତ ଜନ୍ମେତ କନିଷ୍ଠ, ବଲିତେ କି, ଆପ-  
ନାର ସାହାଯ୍ୟ ବ୍ୟତୀତ ପ୍ରାଣ ଧାରଣ କରାଓ ଆମାର ପକ୍ଷେ ଦୁର୍ଘଟ ;  
ତବେ ବଲୁନ ଦେଖି, ଆପନି ବିଦ୍ୟମାନେ ଏହି ପ୍ରବଲଧୂତ  
ଦୁର୍ବିହୁ ରାଜ୍ୟଭାର କି ଦୁର୍ବିଲ୍ଲ ଭରତେର ଯୋଗ୍ୟ ? ଆର୍ଯ୍ୟ !  
ଆମି ଗଲାମୀ-କୁତବାସେ ଭିକ୍ଷୁ : କରି, ଆର ବିଲଦ୍ଵ  
କରିବେନ ନ, ଆପନି ବାନ୍ଧବଗଣେ ପରିବୃତ ହଇଯା କ୍ଷତ୍ରିୟ  
ଧର୍ମାନୁସାରେ ପିପତ୍ତକ ସ୍ଥାର୍ଯ୍ୟରେ ଶାମନ କାର୍ଯ୍ୟେ ଦୀକ୍ଷିତ  
ହଉନ, ଏଥାନେ ଭଗବାନ୍ ବର୍ଷିଷ ପ୍ରଭୃତି ମନ୍ତ୍ରବିଦ୍ବିନ୍ଦୁ-  
କୈରା ମନ୍ତ୍ରମେହି ଉପହିତ ଆଛେନ, ଇହାରା ଏହି ହ୍ରାନେଇ ଆପ-  
ନାକେ ଅଭିଷିକ୍ତ କରିବେନ, ଅଭିଷେକାନ୍ତେ ଆପନି ଅଯୋଧ୍ୟାଯ

গমন পূর্বক বাহুবলে প্রতিপক্ষকুল আকুল কুরিয়া  
দেবরাজ ইন্দ্রের ন্যায় রাজ্যশাসনে প্রবৃত্ত হউন এবং  
সর্বৈঙ্গিক গার্হস্থ্য ধর্ম প্রতিপালন পূর্বক দেবগণ,  
ঝয়িগণ ও পিতৃগণ হইতে আপনাকে মুক্ত করিয়া  
শক্রকুলের দুঃখ ও মিত্রকুলের সুখ বর্দ্ধন করুন ।  
আর্য ! আজ আপনার অভিষেক দুর্শন করিয়া আমা-  
দের মিত্রপক্ষীয়েরা হর্ষভরে মৃত্য ও শক্রপক্ষীয়েরা  
সতয়ে চতুর্দিকে পলায়ন করিতে থাকুক । আজ  
আপনি রাজ্যে অভিষিক্ত হইয়া আমার পাপজননী  
কৈকেয়ীর কলঙ্কভার ঘোচন করুন এবং ছুরপনেয়  
মরক হইতে মরপতিকেও রক্ষা করুন । আমি আপ-  
নার পাদপদ্মে প্রশিপাত পূর্বক বারংবার প্রার্থনা  
করিতেছি, পরমেশ্বর যেমন সমস্ত জীবগণের প্রতি দয়া  
করিতেছেন, তদ্বপ আপনিও আমার প্রতি কৃপা-  
বিতরণ করুন । যদি একান্তই আমার অনুরোধ রক্ষায়  
পরামুখ হইয়া বনান্তরে প্রবেশ করেন, নিশ্চয় কহি-  
তেছি, শূন্য অযোধ্যায় আমি প্রাণান্তেও গমন করিব ন্ম,  
যেখানেই যান, আমি কোনমতেই আপনার সঙ্গ  
ছাড়িব না ।

ত্বরত প্রশিপাত পূর্বক বারংবার এইরপ প্রার্থনা করিলে  
সত্যসন্ধি রাখ কোনক্রিমেই তাঁহার প্রার্থনা পূরণে সম্মত  
হইলেন না । তখন তত্ত্বত্য সমস্ত লোক তাঁহের পিতৃ-  
আজ্ঞা পালনে দৃঢ়তর অধ্যবসায় ও অন্তুত দৈর্ঘ্য দর্শনে

যুগুপৎ হৰ্ষ ও বিষাদ প্রাপ্ত হইল । অনন্তর ঝঃস্থিক  
ও পুরবাসীগণ এবং রাজমহিষীরা বাস্পাকুল লোচনে  
আত্মক ভরতের ভূষণী প্রশংসা করিয়া অবোধ্যায়  
প্রতিগমন করিবার নির্মত বারংবার রামকে অনুরোধ  
করিতে লাগিলেন ।

---

### সুপ্রাধিক শততম অধ্যায় ।

তখন রাম ভাতৃবৎসল ভরতকে সন্দেখন করিয়া কহি-  
লেন, বৎস ! তুমি যে বৎশে জন্ম গ্রহণ করিয়াছ, তোমার  
স্বভাব যেমন নির্মল, তোমারি কথা শুলিও তাহার অনু-  
ক্রম, তুমি আহা কহিলে, সমুদ্রায় সত্য ও মুক্তিসিদ্ধ ; কিন্তু  
ভরত ! আমি শুনিয়াছি, পূর্বে পিতৃদেব যখন আর্যা  
কৈকেয়ীর পাণিগ্রহণ করেন, তৎকালে তোমার মাতা-  
মহ কেকয়রাজের মিকট প্রতিশ্রুত হইয়া কহিয়াছিলেন,

---

\* রামের অভ্যন্তরীক্ষার রক্ষার বিশেষ আশ্রিত দেখিতে হৰ্ষ এবং  
অবোধ্য গবেষ্টু অসম্ভব দেখিয়া বিষাদ ॥

রাজন् । আপনার এই কন্যাতে যে পুত্র উৎপন্ন হইবে, আমি তাহাকেই সমস্ত মাত্রাজ্ঞের অধীশ্বর করিব । তাহার পরে দেবাস্তুরের সংগৃহ উপস্থিত হইলে, তিনি তোমার জননীর সেবায় সন্তুষ্ট হইয়া দুইটী বর অঙ্গীকার করেন । আর্যা কৈকেয়ী তদনুসারে তোমার রাজ্য ও আমার বনবাস প্রার্থনা করিয়াছেন, মহারাজও অগত্যা তাহাতে সন্তুষ্ট হইয়া চতুর্দশ বৎসরের নিমিত্ত আমাকে বনবাসে নিয়োগ করিয়াছেন । বৎস ! আমি সেই সত্যপরায়ণ মহারাজের সত্যধর্ম রক্ষা করিবার জন্যই আতা ও ভার্যার সহিত এই ঘোরতর অরণ্যে আসিয়াছি । এক্ষণে আমার ন্যায় তুমিও অযোধ্যারাজ্ঞে অভিষিক্ত হইয়া তাঁহার সত্যধর্ম সাধন করিতে সত্ত্বর হও । ভরত ! আমার প্রীতির নিমিত্ত মহারাজকে ঝণমুক্ত ও দেবী কৈকেয়ীকে অভিনন্দন করা কি তোমার কর্তব্য নহে ? দেখ, গয়াপ্রদেশে মহাত্মা গবাস্ত্র যজ্ঞামুষ্ঠান সময়ে পিতৃলোকের প্রীতি কামনায় এই শ্রতি গান করিয়াছিলেন । “ যিনি পুরায় নরক হইতে পিতাকে পরিত্রাণ করেন, অথবা যিনি পিতাকে সর্ব প্রকার বিপ্রতি হইতে মুক্ত করেন, তিনিই পুত্র ” আর দেখ, শোকে যে জ্ঞানী ও গুণবান বহুপুত্রের কামনা করিয়া থাকেন, তাহার কারণও এই—তাহাদের মধ্যে অন্তত একজনও গয়াক্ষেত্রে গয়ন করিয়া ন্যৰক যন্ত্রনা মোচন করিতে পারিবে । বৎস ! পূর্বতন রাজধর্মগণের ঐইত্বপই বিশ্বাস ছিল । অতঙ্গের

তুমি এক্ষণে পিতৃদেবকে নরক হইতে রক্ষা কর ; এবং অযোধ্যায় গিয়া শক্রস্থ ও ব্রাহ্মণ বর্গের সহিত প্রজারঞ্জনে প্রবৃত্ত হও । অতঃপর ভাতা ও ভার্য্যার সহিত আমাকেও দণ্ডকারণ্যে প্রবেশ করিতে হইবে । ভাই ! তুমি মানব কুলের রাজা হও, আমি বন্য যুগকুলের রাজাধিরাজ হইয়া থাকিব । সিতাতপত্র আতপ নিবারণ পূর্বক আজ তোমার মন্তকে শীতল ছায়া প্রদান করুক, আমি আজ এই সকল আরণ্য তরুলতার শীতলতার ছায়া আশ্রয় করিব । তোমার সহায় শক্রস্থ, অরণ্যে আমার সহায় লক্ষণ ; এক্ষণে আইস, আমরা চারি ভাতায় মিলিত হইয়া এইরপে পিতৃসত্য পালনে প্রবৃত্ত হই ।

---

### অষ্টাধিক শততম অধ্যায় ।

অনন্তর জাবালি, রামের অযোধ্যাগমনে নিতান্ত অসম্মতি দেখিয়া কহিতে লাগিলেন, রাম ! তুমি অতি সুবোধ ও শিশিক্ষিত, অধচ তোমার বুদ্ধিবৃত্তি, অশিক্ষিত শিশুর ব্যায় অলীক বিষয়ের অমুগামিনী দেখিয়া আমি বড়ই আশ্চর্য্যাপ্নিত হইয়াছি । ভাবিয়া দেখ, কে কাহার

বন্ধু, কোন্ সম্বন্ধের বলে কোন্ ব্যক্তির কি আপ্য হইয়া থাকে ? জীবগণ একাকীই জন্মগ্রহণ করে, চরম সময়ে একাকীই কালগ্রামে নিপত্তি হয় দেখিয়াও ইনি আমার মাতা, ইনি আমার পিতা ও ইনি আমার বন্ধু, এই ভ্রাতৃস্তুতি বিষয়ে যাহার স্মেহাশঙ্কি জন্মে, সে নিতান্ত উচ্ছত ; যেমন কোন লোক প্রবাসে যাত্রা করিয়া পথিমধ্যে রাত্রি হইলে, কোন এক গৃহ অবলম্বন পূর্বক রজনী অতিবাহিত করে, আবার পরদিন সেই আবাস সম্বন্ধ পরিত্যাগ পূর্বক স্থানান্তরে প্রস্থান করিয়া। থাকে, দেহীদিগের পক্ষে পিতা, মাতা, ভাতা ও ধন সম্পত্তি তজপই জানিবে। যাহারা প্রকৃত জ্ঞানী, তাহাদের চিন্ত উহাতে কদাচ আসন্ত বা কল্পিত হয় না। অতএব রাম ! পিতার অমুরোধে পরম সুখাস্পদ পৈতৃক রাজ্য পরিত্যাগ পূর্বক বহু কষ্টকারীর ক্লেশময় দুর্গম অরণ্য আশ্রয় করা তোমার কদাচ উচিত হইতেছে না। আমার কথা রাখ, অযোধ্যায় গিয়াপৈতৃক রাজাসনে আপনাকে অভিষিক্ত কর। সেই একবৈশীধরা নগরী তোমার প্রতীক্ষা করিতেছে, তুমি তথায় বিবিধ রাজতোগ উপভোগ করিয়া, দেবলোকে দেবরাজ ইন্দ্রের ন্যায় পরম সুখে প্রজা পালন করিবে। ক্লেশময় বনবাস ব্রত অবলম্বন করিয়া বৃথা কেন নষ্ট হইতেছে। রাজা দশরথ তোমার কেহ নহেন, তুমি তাহার কেহ নও ; তিনি অন্য, তুমিও অন্য, তাহাতে এবং তোমাতে কিছুমাত্র

ଆଜୀଯତା ବା ସ୍ଵଭୁତା ନାହିଁ । ଅତଏବ ଆମି ଯେଇପକିଛି, ତୁମି ତାହାରଇ ଅନୁଷ୍ଠାନ କର । ଆରା ଦେଖ ଉତ୍ସପନ୍ତି ବିଷୟେ ପିତା ମାତା କେବଳ ନିମିତ୍ତ ମାତ୍ର, ବସ୍ତୁ ଅତୁକାଲେ ମାତା, ଗର୍ତ୍ତେ ସେ ଶ୍ରକ୍ଷମୋଧିତ ଧାରଣ କରେନ, ତାହାଇ ଜୀବୋଂପନ୍ତିର ଉପାଦାନ । ଯହାରାଜ ଏଥିନ ନିଜ ଗନ୍ଧବ୍ୟ ଥାନେ ଗିଯାଛେନ, ଅର୍ଥାତ୍ ସେ ପଞ୍ଚ ଭୂତ ହିତେ ଉତ୍ସପନ୍ନ ହିଯାଛିଲେନ, ଆବାର ତାହାତେଇ ବିଲୋନ ହିଯାଛେନ, ଜୀବ-ମାତ୍ରେରଇ ଏଇରପ ସ୍ଵଭାବ । କିନ୍ତୁ ବୃଦ୍ଧ ! ତୁମି ନିଜ ବୁଦ୍ଧି ଦୋଷେ ବୃଥା କେନ କ୍ଲେଶ ପାଇତେଛ । ଯାହାରା ଅତ୍ୟକ୍ଷମିନ୍ଦ୍ରିୟ ପୁରୁଷାର୍ଥ ପରିତ୍ୟାଗ କରିଯା କେବଳ ଅଦୃଷ୍ଟକଳ ଧର୍ମ ଲଈଯା ଥାକେ, ଆମି ତାହାଦେର ନିମିତ୍ତ ବଡ଼ଇ ବ୍ୟାକୁଳ ହିତେଛି, ତାହାରା ଇହଲୋକେ ଅସୀମ ସତ୍ତ୍ଵା ଉପଭୋଗ କରେ, ପରିଗାମେଓ ସନ୍ତ୍ଵାନି ଲାଭ କରିତେ ପାରେ ନା । ସେ ସକଳ ଲୋକ ପିତୃଦେବେର ଉଦ୍ଦେଶେ ଅଟକାଦି ଶ୍ରାନ୍ତ କରିଯା ଥାକେ, ତାହାରା କେବଳ ସଭୋଗସାଧନ ଅନ୍ତରେ ଅନ୍ତରେ ଅନ୍ତରେ ନକ୍ତ କରିଯାକୁଣ୍ଡଳେ, କାରଣ କେ କୋଥାର ଶୁନିଯାଛେ ସେ, ଯୁତ ବ୍ୟକ୍ତି ଆହାର କରିତେ ପାରେ ? ପାରିଲେଓ ଏକଜନ ଆହାର କରିଲେ ଅନ୍ୟେର ଶରୀରେ କି କଥନ ଉହାର ସଂଧାର ହିଯା ଥାକୁ ? ସଦି ହିତ, ତବେ ପ୍ରବାସୀର ଉଦ୍ଦେଶେ ଏକ ବ୍ୟକ୍ତିକେ ଭୋଜନ କରାଇଲେ, ଉହାତେ ଐ ପ୍ରବାସୀର କେବ ତୃପ୍ତି ନା ହୁଯ । ରାମ ! ତୁମି ନିଶ୍ଚଯ ଜାନିଓ, କତକଣ୍ଠି ଧୂତ ଲୋକେରା ସ୍ଵାର୍ଥର ଅନୁରୋଧେ ଅଭିଲୋକନିଗକେ ସଞ୍ଚନ ଦ୍ୱାରା ବଶୀଭୂତ କରିବାର ନିମିତ୍ତ ମାନାପ୍ରକାର ବଚନ ପ୍ରମାଣ

প্রস্তুত করিয়া গিয়াছেন, দেবার্চনা, দান, যজ্ঞ, তপস্য  
ও অতাদি কার্য্যের বিধান তাহাতেই দেখিতে পাওয়া  
যায়, ফলতঃ পরলোক-সাধন ধর্মনামে কোন পদার্থই  
নাই। অতএব রাম ! আমি বারংবার কহিতেছি, তুমি  
আমার যুক্তি অনুসারে প্রত্যক্ষের অনুষ্ঠান ও অপ্রত্যক্ষের  
অনুষ্ঠানে প্রবৃত্ত ইও। ভরত তোমাকে প্রসন্ন করিবার  
নিমিত্ত বিস্তর অনুরোধ করিতেছেন, তুমি সর্বসম্মত সাধু-  
বৃক্ষের অনুসরণ পূর্বক সর্বস্মুখাস্পদ রাজতোগ উপ-  
ভোগ কর ।

### নবাধিক শততম অধ্যায় ।

তখন অসাধারণগন্তৌর-প্রকৃতি রাম জাবালির কথার  
কিছুমাত্র বৈপরীত্য ভাব অবলম্বন না করিয়া পবিত্র  
ধর্মের অনুসরণ পূর্বক কহিতে লাগিলেন, তপোধন !  
আপাতরম্য অথচ পরিণামবিরস সামান্য ভোগস্মুখলাল-  
সায় আপনি অজ্ঞের ন্যায় যাহা কহিলেন, তাহা বস্তুত  
অকার্য, কিন্তু শুনিতে কর্তব্যবৎ সপ্রমাণ হইতেছে ।  
বস্তুত অপধ্য হইলেও যেন পথ্যের ন্যায় প্রতীয়মাণ  
হইতেছে । যে সকল পামর পুরুষেরা বেদাচার-বিহীন,

বিপথগামী ও সাধুসমাজে শাস্ত্র বিরক্ত যত প্রচার করে, যাহাদের মনোৰূপ নিরস্তর অধর্ম পথেই পদার্পণ করিয়া থাকে, আমি নিশ্চয় কহিতে পারি, তাহারা সাধুলোকের নিকট কখনই সম্মান লাভ করিতে পারে না। সব্রংশ বা অসব্রংশ সম্মুতই হইক, বীর বা পৌরোহিত্যানীই হইক, পবিত্র বা অপবিত্রই হউক, চরিত্রই তাহাদের পরিচয় প্রদান করিয়া থাকে। আপনি যে ইন্দু যত প্রচার করিলেন, উহা অত্যন্ত অপ্রশস্ত ও নিতান্তই ঘৃণাকর, এই যত আশ্রয় করিলে, পদে পদে অনর্থ ঘটিবার সম্ভাবনা। যাহারা ঐইন্দু অবৈধ যত অবলম্বন করিয়া চলে, তাহারা কার্য্যত কদাচার হইলেও যেন সদাচার-সম্পন্ন, অসাধু হইলেও যেন পরম সাধু, এবং দুঃশীল হইলেও যেন সুশীল বলিয়া আপনাকে অনুমান করিয়া থাকে। আমি যদি আপনার এই লোকদুর্বণ ঘৃণাকর অধর্মকে ধর্মবেশে আশ্রয় করি, এবং পূর্বপুরুষ-প্রতিপালিত প্রকৃত শ্রেষ্ঠ পরিত্যাগ পূর্বক নিতান্ত আস্তিমূলক অবৈধ ব্যবহারে প্রবৃত্ত হই, তাহা হইলে সাধুসমাজে নিশ্চয় অনাদৃত ও কুলাচার হইতে নিতান্তই পরিভ্রষ্ট হইব। পিতৃসত্ত্ব উল্লজ্জন জন্য তখন আর উৎকৃষ্ট গতিলাভের অভ্যাশ থাকিবে না। এবং প্রজাবর্গেরাও আমায় ধর্মবিপ্লবকারী ও স্বেচ্ছাচারী জানিয়া অকুতোভূমে আমার অনুসরণ করিবে। কারণ রাজাৰ যেৱেপ আচার

প্রজাদিগেরও তক্ষণ ঘটিয়া থাকে, অতএব তপোধম !  
আপনি যেৱপ কহিলেন, উহা কোন মতেই আমার প্রীতি-  
কর বা প্রতিপাল্য বোধ হইতেছে না !

ভগবন् ! দেখুন, সত্যের প্রভাব অতি চমৎকার, এই  
অনাদি শাস্ত্রসিদ্ধ দয়াপ্রধান রাজধর্মই স্বয়ং সত্য, এই  
নিমিত্ত মহাপুরুষেরা রাজধর্মকে কেবল সত্যস্বরূপ বলি-  
য়াই নির্দেশ করিয়াছেন। আর এই সমস্ত লোক কেবল  
সত্যের প্রভাবেই প্রতিষ্ঠিত রহিয়াছে। কি দেবগণ, কি  
মুনিগণ সকলেই সত্যের সবিশেব সমাদর করিয়া থাকেন,  
সত্যবাদী লোকেরা পরিণামে ভ্রঙ্গলোক লাভ করেণ,  
সত্যই স্বয়ং স্বীত্ব, সাধুলোকের আচরিত ধর্ম ও সেই  
সত্যস্বরূপ দীর্ঘে প্রতিষ্ঠিত আছে। সত্যই সকল বিষ-  
য়ের মূল, সত্য অপেক্ষা পরম পদ আৱ কিছুই নাই। দান,  
যজ্ঞ, হোম ও তপঃ প্রভৃতির প্রতিপাদক যে বেদ, তাহাও  
সত্যকে আশ্রয় করিয়া আছে। অতএব তুচ্ছ রাজ্যসুখ-  
লালনায় এমন পরম পবিত্র সত্যধর্মকে উল্লঝন করা  
কোন মতেই শ্রেয়স্ত্ব নহে। দেখুন, ইহ লোকে কেহ  
পরম স্থথে সমস্ত মেদিনীমণ্ডল শাসন করিতেছেন, কেহ  
কেবল নিজ পরিবারবর্গের প্রতিপালনেও সক্ষম হইতেছেন  
না, কেহ নৱকানলে নিরস্ত্র দণ্ড হইতেছে, কেহ স্বোপাঞ্জিত  
স্বর্গলোকে গমন পূর্বক পরম যত্নে পূজিত হইতেছেন ;  
ইহার কারণ কি ? জন্মান্তরীন স্বৰূপি বা দ্রুক্ষতির পরিণাম  
তিষ্ঠত আৱ কিছুই নয়। লোকে যেৱপ শুভাঙ্গত

କାହେର ଅନୁଷ୍ଠାନ କରେ, ଜମ୍ବାନ୍ତରେ ଅବାର ତାହାରି ଫଳ-  
ଭୋଗ କରିଯା ଥାକେ; ଅତଏବ ଆପନାର ଉପଦେଶେ ଏହି  
ଆପାତରମ୍ୟ ପରିଗାମବିରସ ବିଷସ୍ତରମେ ମତ ହଇଯା ଯଦି ପିତୃ-  
ଦେବ ସତ୍ୟଧର୍ମ ରକ୍ଷାର ନିମିତ୍ତ ଆମାୟ ଆଦେଶ କରିଯାଛେ,  
ବିଶେଷତ ଆମିଙ୍କ ଯଥନ, “ଅବଶ୍ୟ ପାଲନ କରିବ” ଏଲିଯା । ଦେଇ  
ଆଦେଶ ଶିରୋଧାର୍ୟ କରିଯା ଲାଇଯାଛି, ତଥନ ନିଶ୍ଚଯ ଜାନିବେନ,  
ଆମି ପ୍ରାଣ ଥାକିତେ କୋନକ୍ରମେଇ ତାହା ଲଞ୍ଜନ କରିତେ  
ପାରିବ ନା । ସେ ସଂକଳିତ ମିଥ୍ୟାବାଦୀ ଓ ଯାହାର ବୁଦ୍ଧି-ବ୍ରତ୍ତି  
ନିତାନ୍ତ ଚଞ୍ଚଳା, ଆମି ଶୁଣିଯାଛି, ପିତୃଲୋକେରା ତାହାର  
ନିକଟ କିଛୁଇ ଗ୍ରହଣ କରେନ ନା; ଆର ଯିନି ସତ୍ୟବାଦୀ ଓ  
ଯୀହାର ବୁଦ୍ଧିବ୍ରତ୍ତି ନିୟତ ସତ୍ୟ ଧର୍ମେ ଅବସ୍ଥିତ ରହିଯାଛେ, କି  
ପିତୃଲୋକ, କି ଦେବଲୋକ, ତାହାର ନିକଟ ସକଳ ବସ୍ତୁଇ  
ଆଗ୍ରହ ପୂର୍ବକ ଗ୍ରହଣ କରିଯା ଥାକେନ ଏବଂ କୌର୍ତ୍ତି, ଯଶ ଓ ବୟସ-  
କ୍ରମା ଦେବୀଓ କେବଳ ତାହାକେଇ କାମନା କରେନ । ବସ୍ତୁତ ଓ  
ଏହି ସତ୍ୟପାଲନ ରୂପ ଜୀବଧର୍ମରେ ସକଳ ଧର୍ମର ମାର, ଇହା  
ଅପେକ୍ଷା ଉତ୍କଳ ଆର କିଛୁଇ ନାହିଁ । ନୌଚାଶୟ ଓ ନୂସଂଖ୍ୟ  
ଲୁକ ପାମରେରା ଯାହାର ମେବା କରେ, ନିଶ୍ଚଯ କହିତେଛି,  
ଆମି ଅତଃପର ଦେଇ ନାମମାତ୍ର ଧର୍ମ କ୍ଷତ୍ରିଯଧର୍ମକେ  
ନିତାନ୍ତରେ ପରିତ୍ୟାଗ କରିବ । ଦେଖୁନ, କର୍ମଜନିତ ପାପ  
ତିନ ପ୍ରକାର; କାଯିକ, ବାଚନିକ, ଓ ମାନସିକ; କ୍ଷତ୍ରିଯ-  
ବ୍ରତ୍ତି ସାମାନ୍ୟତ ଦେହମାଧ୍ୟ, କିନ୍ତୁ ନିଜେର ଚିନ୍ତା ଓ ଶୈଖ୍ୟର

সহিত পরামর্শ এই সমস্কে উহাতে অপর ছাইটা পাত-  
কেরও সমাবেশ আছে। সুতরাং ক্ষত্রির ধর্ম্ম ত্রিবিধ  
পার্শ্বেরই সন্তাননা, বলুন দেখি, জানিয়া শুনিয়া আমি  
কিরূপে ঐ পাপরাশিতে পরিলিপ্ত হইব ? যাহা সত্য  
ও সাধুদিগের মেব্য, তাহাই আশ্রয় করা সর্বতো-  
ভাবে শ্রেয় ; কিন্তু আপনি যুক্তিযুক্ত বলিয়া আমায়  
যে কথা কহিলেন, তাহা নিতান্তই গর্হিত বোধ হই-  
তেছে। আমি পিতৃদেবের নিকট অঙ্গীকার করিয়া  
বনবাস ভ্রতে দীক্ষিত হইয়াছি, বিশেষত আমায় সত্য-  
পাশে নিবন্ধ দেখিয়া দেবী কৈকেয়ী বড়ই আহ্লাদিত  
আছেন, বলুন দেখি, এখন কি রূপেই বা আবার তাহার  
অসন্তোষ জন্মাইব ? অতএব এক্ষণে আমাকে শ্রাঙ্কা-  
বান्, শুন্ধসত্ত্ব ও যিতাহারী হইয়া ফলমূলগাত্রে পিতৃ-  
লোকের তৃপ্তিসাধন পূর্বক লোক্যাত্মা নির্বাহ করিতে  
হইবে। এই সংসার কর্মসূচি, এখানে আনিয়া শুভকর্মের  
অনুষ্ঠান করাই কর্তব্য। অগ্নি, বায়ু ও চন্দ্ৰ অভূতি  
দেবতারা যে স্ব স্ব উৎকৃষ্ট পদ লাভ করিয়াছেন,  
শুভকার্যাই তাহার নিদান। ইন্দ্রদেব শত্যজ্ঞের অনু-  
ষ্ঠান করিয়া ইন্দ্ৰ লাভ করিয়াছেন, মহৱিরাও স্বীয়  
তপস্যার ফলে উৎকৃষ্ট লোকে বাস করিতেছেন।

তপোধন ! আমি মহাপুরুষের মুখে শুনিয়াছি, সত্য  
ধর্ম্ম, তপস্যা, প্রিয়বাদিতা দীনলোকের প্রতি দয়া,  
দেবপূজা ও অতিথিসেবকার এই সকল শুভ কার্যাই

স্বর্গারোহণের সোপান। সাধুলোকেরা ঐ সমুদায় কার্য মুখ্যফলপ্রদ বলিয়া গ্রবণ ও তর্ক দ্বারা সম্যক অবধারণ করিয়া, যথাবিধি ধর্মাচরণ পূর্বক অভীষ্ঠ লোক কামনা করিয়া থাকেন। আপনার বুদ্ধি বেদ-শাস্ত্র বিরোধিনী, আপনি নিতান্ত পাপ-পরায়ণ ও ধর্মভূষ্ট নাস্তিক। পিতৃদেব আপনাকে যে ধাজকত্বে বরণ করিয়াছেন, আমি তাঁহার ঐ কার্যে যথোচিত ঘৃণা করি, যেমন বৌদ্ধেরা তন্ত্রের ন্যায় দণ্ডাহ, ধর্মভূষ্ট পাপাজ্ঞা নাস্তিকদিগকেও তদ্দপ দণ্ড ও বেদ-বহিষ্কৃত বলিয়া একেবারে পরিহার করাই কর্তব্য। অধিক কি, সাধুপুরুষদিগের নাস্তিকের সহিত সম্ভাবণ করাও কর্তব্য নহে। যাঁহারা আপনার অপেক্ষা সাধু ও সুধার্মিক, তাঁহারা নিষ্কাম হইয়া এই বেদোক্ত শুভ কার্য সম্পাদন করিয়াছেন এবং এখনও অনেকে নিষ্কাম হইয়া অহিংসা, তপস্ত্বা ও যজ্ঞাদির অনুষ্ঠান করিতেছেন। বস্তুত ও যাঁহারা ধর্মপরায়ণ, দানশীল, সচরিত্র ও হিংসা-ব্রেষাদি রহিত; সেই সমস্ত শুক্রান্তঃকরণ মহর্ষিরাই জনসম্যাজে পূজনীয় হইয়া থাকেন। আপনার আয় অধার্মিক ও নাস্তিক খবিরা কদাচ সম্মানের পাত্র নহেন।

অসাধারণগন্তীর-প্রকৃতি রাম রোষভরে এই রূপ বাক্য প্রয়োগ করিলে, জাবালি বিনীত ভাবে কহিলেন,  
রাম! আমি নাস্তিক নহি, এক্ষণে আর নাস্তিকের

কথাও কহিতেছি না, পরলোক প্রত্যন্তি সমস্ত অলিক  
বলিয়া যে নাস্তিকের মত প্রচার করিয়াছিলাম, বস্তুত  
তাহাও মিথ্যা । আমি সময় বুবিয়া নাস্তিক হই, আবার  
সময় বুবিয়াই আস্তিক হই, যে কালে নাস্তিক হওয়া  
আবশ্যক, সেই সময় উপস্থিত, আমিও নাস্তিক হইয়া  
ছিলাম, অর্থাৎ তোমাকে কোনৱাপে গৃহে লইয়া গাই  
বার জন্মই আমি নাস্তিকতা প্রচার করিয়াছিলাম, এখন  
আবার তোমাকে প্রসর করিবার নিমিত্ত তাহার প্রত্যা-  
হার করিলাম ।

---

## দশাধিক শততম অধ্যায় ।

তখন মহর্ষি বশিষ্ঠ মহাশয় রামকে নিতান্ত ক্লোধ  
বিট দেখিয়া কহিলেন, রাজকুমার ! মহর্ষি জাবালি  
লোকের গতাগতির বিষয় বিলক্ষণ অবগত হইয়াও  
যে তোমার প্রতি নিতান্ত ঘৃণাজনক বাক্য প্রয়োগ  
করিয়াছিলেন, তোমাকে প্রতিনিবৃত্ত করাই তাহার  
একমাত্র উদ্দেশ্য । যাহা হউক, এক্ষণে আমি মোকোৎ-  
পত্তির বিষয় কীর্তন করিতেছি, মনোনিবেশ পূর্বক  
আবণ কর ।

ପୂର୍ବେ ଜଗନ୍ନାଥ ଜଳମୟ ଛିଲ, ମେଇ ଜଳେର ଅଭ୍ୟନ୍ତରେ  
ପୃଥିବୀ ନିର୍ଦ୍ଧିତ ହସ; ପରେ ଭଗବାନ୍ ସ୍ୱଯଞ୍ଜୁ ଦେବଗଣେର  
ସହିତ ସ୍ୱଯଂ ଉତ୍ତପ୍ନ ହଇଯା ବରାହ ମୂର୍ତ୍ତି ପରିଗ୍ରହ ପୂର୍ବକ  
ଜଳ ହଇତେ ବନ୍ଧୁକରାକେ ଉନ୍ଧାର କରିଲେନ ଏବଂ ପ୍ରଜା-  
ଗଣେର ସହିତ ସମନ୍ତ ଚରାଚର ହସ୍ତି କରିତେ ଲାଗିଲେନ ।  
ଏହି ଭଙ୍ଗା ନିତ୍ୟ, ଅବିନାଶୀ ଓ ସ୍ୱଯଂ ଈଶ୍ୱର ହଇତେ ଜନ୍ମ-  
ଅହଣ କରେନ । ଇହା ହଇତେ ମରୀଚି ଓ ମରୀଚି ହଇତେ  
କଶ୍ୟପ ଉତ୍ତପ୍ନ ହନ । କଶ୍ୟପେର ପୁତ୍ର ବିବଧାନ୍ । ଏହି  
ବିବଧାନ୍ ହଇତେ ବୈବଧତ ମନୁ ଉତ୍ତପ୍ନ ହଇଯାଛେ ।  
ଇନି ପ୍ରଜାପତି ନାମେ ବିଖ୍ୟାତ । ମହାତ୍ମା ଇକ୍ଷ୍ୱାକୁ ଏହି  
ମନୁ ହଇତେ ଜନ୍ମ ପରିଗୁହ ଓ ପୈତୃକ ସାତ୍ରାଜ୍ୟ ସମୁଦ୍ରାୟ  
ଅଧିକାର କରିଯାଛିଲେନ । ଇନିଇ ଅମୋଦ୍ୟାର ଆଦି ରାଜୀ ।  
ଇକ୍ଷ୍ୱାକୁର କୁକ୍ଷି ନାମେ ଏକ ପୁତ୍ର ଜୟେ । କୁକ୍ଷିର ପୁତ୍ର ବିକୁକ୍ଷି,  
ବିକୁକ୍ଷିର ପୁତ୍ର ମହାପ୍ରତାପ ବାଣ । ବାଣେର ପୁତ୍ର ମହାତପ୍ତା  
ଅନରଣ୍ୟ, ଇହାର ଅଧିକାର ସମୟେ କି ଅନାହସ୍ତି, କି ଦୁର୍ଭିକ୍ଷ,  
ସମୁଦ୍ରାୟ ତିରୋହିତ ଛିଲ । ତକ୍ଷରେର ନାମ ଶୁଣିତେ ପାତ୍ରା-  
ଧ୍ୟ ନାହିଁ । ଅନରଣ୍ୟେର ପୁତ୍ର ପୃଥ୍ଵୀ, ଇହା ହଇତେ ମହାତ୍ମା ତ୍ରିଶଙ୍କୁ  
ଜନ୍ମ ଗୁହଣ କରେନ, ଇନି ସ୍ତ୍ରୀଯ ସତ୍ୟେର ପ୍ରଭାବେ ସଶାରୀରେ  
ସ୍ଵର୍ଗରୋହଣ କରିଯାଛିଲେନ । ମହାରାଜ ତ୍ରିଶଙ୍କୁର ଧୁନ୍ଦୁମାରେ  
ନାମେ ଏକ ପୁତ୍ର ଜୟେ । ମହାରଥ ଯୁବନାସ ଏହି ଧୁନ୍ଦୁମାରେର  
ପୁଣ୍ୟ ପରିଣାମ । ଇହା ହଇତେ ଶ୍ରୀପ୍ରସିଦ୍ଧ ମାନ୍ଦାତା ଜନ୍ମ  
ପରିଗ୍ରହ କରେନ । ମାନ୍ଦାତାର ପୁତ୍ର ଶୁଗଙ୍କି, ଏହି ଶୁଗଙ୍କିର  
ଡ୍ରାଇ ମନ୍ତ୍ରାନ୍ତ, ଏକେର ନାମ ଶ୍ରୀବନ୍ଦନି, ଅପାରେର ନାମ ପ୍ରଦେଶଜିଃ

তথ্যে ঝুঁকি হইতে সুবিধ্যাত যহারাজ ভৱত  
জন্ম গ্রহণ করেন। ভরতের পুত্র যহাতেজা অসিত।  
হৈছয়, তালজঙ্গ ও শশবিন্দু নামে ইহার তিন জন প্রবল  
শক্ত ছিল, রাজা উহাদিগের সহিত যুক্ত প্রবল হইয়াও  
দেৰ্বল্য বশতঃ জয়লাভ করিতে পারিলেন না, একেবারে  
রাজ্যভূষ্ট হইয়া মহিষীদ্বয়ের সহিত হিমালয় পর্বতে  
গিয়া বাস করিতে লাগিলেন, কিন্তু কিছুকাল পরেই  
তিনি মানবলীলা সংবরণ করিলেন। এইরূপ প্রবাদ  
আছে, তৎকালে তাঁহার ঢাইটি মহিষীই সমস্তা ছিলেন,  
তথ্যে একজন সপ্তলীভুত হিংসাদেৰাদির বশীভৃত  
হইয়া অপরের গর্ভ নষ্ট করিবার জন্য ভক্ষ্যদ্বয়ে বিষ  
সংযোগ করিয়া দেন।

এই সময়ে ভুগনন্দন ভগবান্ন চ্যবন মেই রমণীর পিতৃ  
রাজ শিথরে অবস্থান করিতেন। পাতিবিহোগকাতৰা  
অসিত-মহিষী কালিন্দী পুত্র কামনায় মেই দেবপ্রভাব  
ভগবান্ন ভাগবের সন্নিধানে গমনপূর্বক বিনীতভাবে তদীয়া  
পাদপদ্মে নিপত্তি হইলেন। ভুগনন্দন তাঁহার বিনীত-  
ভাব অবলোকনে প্রসম হইয়া পুত্রোৎপত্তি প্রসঙ্গে কহি-  
লেন, অযি ভাগ্যবেতৌ কমলুচানে! তোমার গর্ভে মহা-  
বল পরাক্রান্ত প্রমমুন্দর বৎশধর এক পুত্র অবস্থান  
করিতেছে, অচিরাং গরমের সহিত তুমি ত্রিত হইবে, ভূমি  
শোকাকুল হইও না। তথম পতিদেবতা কালিন্দী ভাগ-  
বের বাক্যে আশ্চর্ষ ও প্রীত হইয়া ভক্ষ্যভাবে তৃপ্তি

পাদপদ্মে প্রশিপাত পূর্বক পুত্রোৎপত্তি প্রত্যাশায় তথায়  
বাস করিতে লাগিলেন।

অনন্তর যথাসময়ে রাজমহিষী পরমসুন্দর পদ্মপলাস-  
লোচন মহাবীর এক পুত্র প্রস্ত করিলেন। তাহার সপটী  
গর্ভবিনাশ বাসনায় যে বিষ প্রয়োগ করিয়াছিলেন, পুত্র  
ভূষিষ্ঠ হইবার সময় তাহাও রিগ্রত হইল। এই সন্তান  
“গৱ” অর্থাৎ গরলের সহিত ভূষিষ্ঠ হইয়াছিলেন বলিয়া  
সপ্তরূ নামে বিখ্যাত হইলেন। ইনিই দীক্ষিত হইয়া সক-  
লের মনে তয়োৎপাদন পূর্বক সাগর খনন করেন। ইহার  
অসমঞ্জ নামে এক পুত্র জন্মে। এই অসমঞ্জ নিতান্ত  
পাপপরায়ণ ছিলেন, এজন্য মহারাজ সগর জীবদ্ধাতেই  
ইহাকে নগর হইতে নিকাসিত করিয়া দেন। অসমঞ্জের  
পুত্র অংশমান, অংশমানের পুত্র দিলৌপ। ত্রিলোক-  
বিখ্যাত মহাত্মা ভগীরথ এই দিলৌপের আহুজ। ভগী-  
রথের ককৃৎস্থ নামে এক পুত্র জন্মে। ককৃৎস্থের পুত্র  
রঘু। রঘুর পুত্র তেজস্বী প্রবৃক্ষ। ইনি শাপ প্রভাবে রাক্ষস-  
শরীর ধারণ করিয়া নিরস্তর মাংস ভোজন করিতেন,  
তৎপরে ইহারই নাম কল্যাণপাদ হইয়াছিল। ইহার  
পুত্রের আম সংজ্ঞ। সংজ্ঞের পুত্র সুদর্শন, সুদর্শনের পুত্র  
অগ্নিবর্ষ, অগ্নিবর্ণের পুত্র শীঘ্ৰগ, শীঘ্ৰগের পুত্র মুকু।  
মহীপাল প্রশঞ্চক এই মুকুর ঔরসে উৎপন্ন হন।  
প্রশঞ্চকের পুত্র মহীপাল অশৱীষ, অশৱীষের পুত্র  
নজুর। নজুরের ধ্যাতি নামে এক পুত্র জন্মে। ধ্যাতির

পুত্র নাভাগ, নাভাগের পুত্র মহীপাল অজ । মহাস্থা  
দশরথ এই অজের পুণ্যপরিণাম । রাম ! তুমি সেই  
বিখ্যাতকৌর্তি মহীপাল দশরথের জ্যেষ্ঠ সন্তান, তাহার  
অভাবে এরাজ্য এখন তোমারই প্রাপ্য । তুমি অক্ষুক চিত্তে  
সমস্ত রাজ্য গ্রহণ ও রাজকার্য সমুদায় পর্যবেক্ষণ  
কর । ইঙ্গুলুবৎশীয়দিগের মধ্যে যিনি সর্বজ্যেষ্ঠ,  
সাম্রাজ্য তাহারই প্রাপ্য, জ্যেষ্ঠ বিদ্যমানে কর্তৃত কখন  
সিংহাসনে অধিরোহণ করিতে পারেন না । এই চিরা-  
গত পবিত্র বংশাচার পরিহার করা কোনমতেই  
তোমার কর্তব্য হইতেছে না ; অতএব আমাদের অভি-  
লাব, তুমি একশে পিতার ন্যায় এই প্রভৃতরত্ন-সঞ্চুল  
রাষ্ট্রবহুল বস্ত্রক্রা দেবীকে শাসন কর ।

— — —

### একাদশাধিক শততম অধ্যায় ।

রাজপুরোহিত বর্ণিষ্ঠ মহাশয় এইরূপে বংশকৌর্তন ও  
যথাবিধি উপদেশগৰ্ত্ত বাক্য সকল প্রয়োগ করিয়া  
পুনর্বার বহিসেন, রাম ! পিতা, মাতা ও আচার্য,  
পৃষ্ঠিবৌত্তলে এই তিন জন গুরু । পিতা মাতা উৎপত্তির  
কারণীভূত, এই নিমিত্ত তাহারা গুরু ; এবং আচার্য

ଉପନୟନ ସଂକାର ପ୍ରଦାନ ପୂର୍ବକ ବେଦବିଷୟିନୀ ପ୍ରଜ୍ଞା ପ୍ରଦାନ କରେନ, ଏଜମ୍ୟ ଶାନ୍ତକାରେରା ତୁହାକେଓ ଗୁରୁ ବଲିଯା ଥାକେନ । ବେଳେ ! ଆମି ତୋମାର ଅବଃ ତୋମାର ପରମଣ୍ଡଳ ମହାରାଜ ଦଶରଥେରେ ଆଚାର୍ୟ । ଆମି ବାରଂବାର କହିତେଛି, ଆମାର ବାକ୍ୟ ପାଲନ କରିଲେ ତୁମି କଦାଚ ସନ୍ତ୍ଵାନ ହାତେ ପରିଭ୍ରମିତ ହିବେ ନା । ଏହି ଦେଖ, ତୋମାର ପାରିଷଦଗଣ ଦୌନବେଶେ ଦିବାନିଶି ନୟନବାରି ବିମୁକ୍ତିନ କରିତେଛେ, ବଞ୍ଚୁବାନ୍ଧବ ମକଳ ହାହାକାର କରିଯା ବନ୍ଦେ କରାଘାତ କରିତେଛେ, ଆଶ୍ରିତ ରାଜମଣ୍ଡଳ ସମାଗତ ହିଯା କତଇ କ୍ରମନ କରିତେଛେ, ଇହାଦିଗଙ୍କେ ରଙ୍ଗ କରିଲେ କି ତୋମାର ସାଧୁଗଣେର ଆଚାରପଦ୍ଧତି ଅତିକ୍ରମ କରା ହିବେ ? ତୋମାର ଜନନୀ ଯେ ଆଶ୍ୱାତିନୀ ହିବେନ, ଜନନୀର ବାକ୍ୟ ଉଲ୍ଲଙ୍ଘନ କରାଇ କି ଇକ୍ଷ୍ଵାକୁବଂଶୀୟ ସଂ-ପୁରୁଷଦିଗେର ପ୍ରତିପାଳ୍ୟ ଧର୍ମ ? ରାମ ! ଜନନୀର ଅନୁରୋଧ ରଙ୍ଗ କରିଲେ ତୁମି କଦାଚ ସଂଗ୍ରହ ହିତେ ପରିଭ୍ରମିତ ହିବେ ନା । ଆର ଦେଖ, ଭରତ ଶାନ୍ତାଜ୍ୟମୁଖ ପରିତ୍ୟାଗ କରିଯା ତୋମାର ଜନ୍ୟ ଏତଇ ବୋଦନ କରିତେଛେନ, ଇହାକେ ଉପେକ୍ଷା କରା କୋନ ମତେଇ ସମ୍ଭବ ନହେ । ଏହି ବଲିଯା ଅହରି ମୌନବଳନ୍ଧନ କରିଲେନ ।

ରାମ ତମୀର ଯତ୍ନମୂର ବାକ୍ୟ କର୍ଣ୍ଣଗୋଚର କରିଯା କହିଲେନ, ତପୋଧନ ! ପିତା ମାତା ମନ୍ତ୍ରାନ୍ତର ସେତୁପ ଉପକାର କରିଯା ଥାକେନ, ତୁହାଦେର ମୁଖେର ଜନ୍ୟ ଜୀବନ ପର୍ଯ୍ୟନ୍ତ ବିମୁକ୍ତିନ କରିଲେନ କି ମେ ଉପକାରେର ପାରିଷୋଧ ହିତେ

পারে ? কথনই না । অতএব তপোধন ! সেই পিতৃ-  
দেব একটা সামান্য বিষয়ে আদেশ করিয়াছেন, ইহা ও  
যদি প্রিয়জ্ঞানে পালন না করিব, তাহা হইলে ভূমিষ্ঠ হইবা  
মাত্রই কেব আমার জীবনান্ত হইল না, গর্তেই কেব আমি  
শতধা বিদীর্ঘ হইলাম না, তগবন् ! আপনি নিশ্চয়  
জানিবেন, আমি প্রাণান্তেও তাহার আদেশ লজ্জন করিতে  
পারিব না ।

ভৱত এতকাল নিষ্ঠকতাবে দণ্ডয়মান ছিলেন, তিনি  
অগ্নের এই নিরাশ বাক্য শুনিয়া যারপর নাই দুঃখিত  
ও নিতান্ত বিমনায়মান হইলেন, এবং আর উপায়ান্তর  
না দেখিয়া সন্ধিত সুমন্ত্রকে কহিলেন, সুমন্ত্র ! তুমি  
শীত্র কুশাসন আনয়ন পূর্বক এই স্থানের উপরি ভাগে  
বিস্তৃত করিয়াদেও, যাবৎকাল আর্য্য প্রসন্ন না হন, আমি  
তাবৎ ইহার উদ্দেশে প্রত্যাপবেশন করিয়া থাকিব । উভ-  
র্ম আক্ষণ যেমন স্বধন গ্রহণের নিমিত্ত অধর্মরের দ্বারা  
অবরোধ করেন, আর্য্য যতক্ষণ প্রসন্ন না হইবেন, তজ্জপ  
আমিও সর্বাঙ্গ অবগুণ্ঠিত করিয়া অনাহারে এই পর্ণ-  
কুটীরের সম্মুখে শয়ন করিয়া থাকিব ।

সুমন্ত্র, আদিষ্ট হইলেও রামের মুখাপেক্ষার কুশাসন  
আনয়নে বিলম্ব করিতে লাগিলেন । তদর্শনে দুঃখকাতর  
ভৱত স্বয়ংই কুশাসন আন্তৌর্ধ্ব করিয়া তাহাতে শয়ন করি-  
লেন, দেখিবামাত্র রাম কহিলেন, বৎস ভৱত ! আমি এমন  
কি অকার্য্যের অনুষ্ঠান করিতেছি যে, তমিমিত একেবারে

অনাহারেই শয়ন করিয়া রহিলে। দেখ, তুমি ষেক্স কার্য করিতেছ, উহা ক্ষতিয়দিগের ধর্ম নহে, আক্ষণেরাই স্বধনের জন্য এই ক্লপ প্রায়োপবেশন করিয়া থাকেন। অতএব ভাই! তুমি এ দারুণ ব্রত পরিত্যাগ কর, এবং অষেধ্যায় প্রতিগমন পূর্বক পিতৃদেবের আদেশ পালন কর।

অমস্তুর ভরত চতুর্দিকে দৃষ্টিপাত পূর্বক পুর ও জন-পদের অভ্যাগত সমস্ত লোকদিগকে কহিলেন, কেন তোমরা সকলেই যে উদাসীন হইয়া রহিলে, আর্যকে কিছু বলিতেছ না কেন? তৎক্ষণে তাহারা কহিল, রাজকুমার! আর আমরা কথিক কি কহিব, আপনি রামকে যাহা কহিলেন, সমস্তই যুক্তিযুক্ত, কোন অংশেই অসঙ্গত নহে। আর এই মহামুভব রামও পিতৃআজ্ঞা পালনে দৃঢ়প্রতিজ্ঞ হইয়া যে সকল কথা কহিলেন, তাহাও অন্যায় বোধ হইল না। স্বতরাং আমরা একেবারে নিরুত্তর হইয়া আছি, কি কহিব, আমাদের আর কিছুই বলিবার নাই। তখন রাম তাহাদের বাক্যার্থ জ্ঞানসংগ্রহ করিয়া কহিলেন, কেমন ভরত! এই সকল সাধুদশী স্বজ্ঞদের কথা শুনিলে ত? ইহারা আমাদের উভয়ের দুর্ধাই শুনিয়াছেন, এবং শুনিয়া মনে মনে শীমাংসা করত র্যাহা অস্তৰ্য, তাহাও ব্যক্ত করিয়াছেন। অতএব ভাই! এক্ষণে সাম্রাজ্যান কর এবং এই সমস্ত বিষয় মনে মনে পর্যালোচনা করিয়া আমার অঙ্গ স্পর্শ পূর্বক আচমন কর।

ତଥନ ମହାରା ଭରତ ଭୂମିଶବ୍ୟା ହଇତେ ଗାତ୍ରୋଥାନ ପୂର୍ବକ  
ଆଚମନ କରିଲେନ ଏବଂ ଚତୁର୍ଦ୍ଦିକେ ଦୃଷ୍ଟିପାତ କଯିଯା କହି-  
ଲେନ, ସତ୍ୟଗଣ ! ତୋମରା ଅବଧାନ ପୂର୍ବକ ଶ୍ରବଣ କର, ସନ୍ତ୍ରି-  
ଗଣ ! ପୌରଗଣ ! ମନୋଯୋଗ ପୂର୍ବକ ତୋମାରା ଓ ଶୁଣ,  
ଆମି ନିର୍ଜଳ ଚିତ୍ରେ ସର୍ବି ସମକ୍ଷେ କହିତେଛି, ଆମି କଦାଚ  
ପୈତୃକ ରାଜ୍ୟ ପ୍ରାର୍ଥନା କରି ନାହିଁ, କୋନ ରୂପ କୁପରାମର୍ଶ  
ଦିଯା ଆମାର ଜମନୀକେ ଓ ପ୍ରାଳାଭିତ କରି ନାହିଁ, ଏବଂ  
ଧାର୍ମିକବର ଆର୍ଯ୍ୟ ରାମ ସେ ବନବାସ ଭବେ ଦୀଙ୍କିତ ହଇବେନ,  
ତାହା ଓ ଜାନିତେ ପାରି ନାହିଁ । ଏକଣେ ପିତୃବାକ୍ୟ ପାଲନ  
ଏବଂ ଏଇରୂପ ଋଷିବେଶେ ଦିବାନିଶି ବନବାସେ କାଳୟାପନ  
କରାଇ ସନ୍ଦି ଆର୍ଯ୍ୟର ଅଭିମତ ହୁଯ, ତାହା ହଇଲେ, ପ୍ରତିନିଧି  
ସ୍ଵରୂପ ଆମିହି ଚତୁର୍ଦ୍ଦଶ ବଂସର ବନବାସୀ ହଇଯା ଥାକିବ ।

ଭରତ ଏଇରୂପେ ସ୍ଵୀୟ ଅଭିପ୍ରାୟ ବ୍ୟକ୍ତ କରିଲେ, ରାମ  
ତଦୀୟ ଦୃଢ଼ତର ଅଧ୍ୟବସାୟ ଦର୍ଶନେ ନିତାନ୍ତ ବିଷ୍ଣୁତ ହଇ-  
ଲେନ, ଏବଂ ପୌର ଓ ଜାନପଦବର୍ଗେର ପ୍ରତି ଦୃଷ୍ଟିପାତ  
ପୂର୍ବକ କହିଲେନ, ଦେଖ, ପିତୃଦେବ ଜୀବଦ୍ଵାରା ଯାହା କ୍ରୟ,  
ବିକ୍ରୟ ବା ବନ୍ଦକ ସ୍ଵରୂପ ଅର୍ପଣ କରିଯା ଗିଯାଛେ, ଆମିହି  
ହିଁ, ଆର ଭରତହି ହଟନ, ତାହାର ଅପଳାପ କରା କୋନ  
ମତେହି ଉଚ୍ଚିତ ହୁଯ ନା । ବିଶେଷତଃ ଆମି ସଥନ ଅରଣ୍ୟ  
ବାସେ ସଞ୍ଚୟ, ତଥନ ଏବିଷୟେ ପ୍ରତିନିଧି ନିଯୋଗ କରିଲେ,  
ତ୍ରିଲୋକେ ଆମାର ଅପୟଶେର ଆର ସୀମା ଥାକିବେ ନା ।  
ଆମାର ମଧ୍ୟମା ମାତା ମହାରାଜେର ନିକଟ ଯାହା ପ୍ରାର୍ଥଣା  
କରିଯାଛେନ, ତାହା ସଞ୍ଚୂର୍ଣ୍ଣ ସମ୍ଭବ, ଏବଂ ପିତୃଦେବ ବରଦାନେ

করিয়া যে নিজ অঙ্গীকার পালন করিয়াছেন, তাহা ও  
ন্যায়োপেত । আমি ভরতকে বিলক্ষণ জানি, ভরত  
অতি ক্ষমাশীল, শুক্রজনের মর্যাদাও বিলক্ষণ অবগত  
আছেন । আমি কোন অংশে ইহার কোন দোষ  
দেখিতে পাই না । তোমাদের সমক্ষে কহিতেছি, বন-  
বাসাস্তে প্রতিগমন কয়িয়া আমি ভরতের সহিত  
পৃথিবীর রাজা হইব । ভাই ভরত ! আমার মধ্যমা মাত্র  
আমায় যেকোপ আজ্ঞা করিয়াছেন, আমি তদন্তুরূপ কার্য  
করিতে প্রস্তুত হইয়াছি, এক্ষণে তুমিও আমার অনু-  
রোধ রক্ত করিয়া পিতৃদেবকে প্রতিজ্ঞাখণ হইতে মুক্ত  
কর ।

### দ্বাদশাধিক শততম অধ্যায় ।

যৎকালে রাম ও ভরত উভয় ভাতা এইকোপ কর্থাপ-  
কথন করিতে ছিলেন, মেই সময়ে দেবর্ধি, রাজর্ধি,  
গঙ্কর্বগণ তথায় আগমন পূর্বক প্রচল্লভাবে অব-  
স্থান করিতে ছিলেন । তাহারা উভয়ের সমাগম দর্শনে  
ও শিষ্টাচারানুমোদিত বহুল কথা অবশে যৎপরোনাস্তি

বিশ্বিত হইয়া ভূয়সী প্রশংসা করিতে লাগিলেন,  
কহিলেন; আহা ! এই দুই স্বরূপার অঙ্গভূষণ হইয়া  
পৌঃস্থ-মিন্দিত স্বমধুর ঘরে পিতা বলিয়া যাইকে  
সম্মোধন করেন, ত্রিলোকে তিনিই ধন্য, তাঁহার তুল্য  
কৃতপূর্ণ অতি বিরল ! অদ্য আমরা এই সুরূপার-  
কলেবর কুমার দ্বয়ের ঔদার্যগুণ-গুণ্ঠিত স্বমধুর  
বাক্যালাপ শুনিয়া সাতিশয় পরিত্তপ্ত হইলাম। এই  
বলিয়া তাঁহারা মনে মনে রাবণের নিধন কামনা করিয়া  
ভরতকে কহিলেন, পুরুষোভ্রম ! ভূমি অতি বিচক্ষণ,  
তেজজস্বী যশস্বী ও সদ্বংশে জন্মগ্রহণ করিয়াছ,  
তোমায় আর অধিক কি কহিব, আমাদের কেবল  
এইমাত্র বক্তব্য, যদি পিতার মুখাপেক্ষা করা তোমার  
অভিমত হয়, তাহা হইলে, রাম যাহা কহিতেছেন,  
বিরুদ্ধি না করিয়া তাহাতেই সম্মত হও। রাম যে  
কার্য্যে দীক্ষিত ইহয়াছেন, নির্বিস্মে তাহা সম্পাদন  
করিয়া পিতৃঞ্জলি হইতে সুস্ক্র হন, ইহাই আমাদের  
একান্ত অভিলাষ। ইনি প্রতিজ্ঞা করাতেই দশরথ  
কৈকেয়ীর নিকট অঞ্চলী হইয়া দ্বর্গারোহণ করিয়াছেন,  
এই বলিয়া তাঁহারা স্ব স্থানে প্রস্থান করিলেন, তাঁহারা  
প্রস্থান করিলে, রাম হর্ষভরে তাঁহাদের প্রতি বারং-  
বার সাধুবাদ প্রদান করিতে লাগিলেন।

অনন্তর ভরত বাস্পাকুল লোচনে ও শ্বলিত বচনে  
সভয়ে কহিতে লাগিলেন, আর্য ! আর অধিক কি

কহিব, যদি একান্তই অযোধ্যারাজ্যের অধিরাজ হইতে  
অভিলাষ না থাকে, যদি জননী কৌশল্যার ধারাবাহী  
নয়নবারিতেও আপনার হৃদয় দ্রব হইয়া না থাকে,  
যদি পৌর, জানপদ ও বন্ধুবন্ধবদিগের মলিন বদন  
দেখিয়াও আপনার অস্তঃকরণে করুণার উদ্রেক হইয়া  
না থাকে, যদি পৌরমহিলাগণের হাহাকার শুনিয়াও  
আপনার চিত্ত অধীর হইয়া না থাকে, অস্ততঃ একবার  
গিয়া রাজ্যগ্রহণ করুন, গ্রহণস্তে অন্যের হস্তে অপর্ণ  
করিয়াই না হয়, অ্যাবার আসিবেন, তাহা হইলে অযো-  
ধ্যার এমন শোকপরীত ভাব আর দেখিতে হইবে না।  
আর্য ! দেখুন, কৃবিজীবীরা যেমন মেঘের প্রতীক্ষা করে,  
তজ্জপ সমস্ত প্রজা জ্ঞাতি ও বন্ধুবন্ধবেরা আপনারই  
প্রতীক্ষা করিতেছে, আমি একাকী কোন ক্রমেই সেই  
বিশাল রাজ্য শাসন করিতে পারিব না, এবং প্রজা-  
রঞ্জনও আমা হইতে কদাচ হইবে না। এই বলিয়া  
ভরত রামের চরণতলে নিপত্তিত হইয়া “হা ! দয়াময় !  
চিরানুগত ভৃত্যের প্রার্থনা উল্লজ্জন করাই কি অভুর  
কার্য ?” এই বাক্য মুখে উচ্চারণ পূর্বক উচ্চেঃস্বরে  
রোদন করিতে লাগিলেন।

তখন রাম, সেই নববনশ্যাম পদ্মপলাসলোচন মহাত্মা  
ভরতকে ক্রোড়ে করিয়া কলহংস স্বরে কহিলেন, ভাই  
ভরত ! যাহা শিক্ষাপ্রভাবোৎপন্ন ও স্বাভাবিক, তোমার  
সেই বুদ্ধি উপন্থিত হইয়াছে, এখন তুমি রাজ্যভার

বহনে সম্যক উপযুক্ত হইয়াছ, তাতএব ভাই ! আর বিলম্ব  
করিও না, এক্ষণে বুদ্ধিমান् মন্ত্রী ও সুজ্ঞদ্বাগের পরামর্শ  
লইয়া স্থখে রাজ্য পালন কর। ভাই ! তোমায় আর  
অধিক কি কহিব, চন্দমা হইতেও শোভা অপনীত হইতে  
পারে, অচলরাজ হিমাচলও হিমরাশি পরিত্যাগ করিতে  
পারেন, মহাসাগরও তীরভূমি অতিক্রম করিতে পারেন,  
কিন্তু আমি আগন্তেও পিতৃসত্য পালনে পরাঞ্জুখ হইব  
না। তোমার জননী, মহেবশতই হউক, আর লোভ-  
নিবন্ধনই হউক, যে কার্য করিয়াছেন, অনুরোধ করি,  
তুমি আর তাহা মনেও করিও না। মাতাকে যেমন ভক্তি  
করিতে হয়, তাহাই করিও ।

সূর্যসমতেজস্বী দ্বিতীয়া-চন্দ্রের ন্যায় দর্শনীয় দাশরথির  
তাদৃশ গন্ত্বীর বচন বিন্যাস শ্রবণ করিয়া ভরত বিনীত বাক্যে  
কহিলেন, আর্য ! যদি একান্তই অরণ্যবাসে অভিলাষ  
হইয়া থাকে, আপনার চরণ কঘল হইতে এই কনক-  
খচিত পাদুকা দুখানি উশোচন করিয়া আমাকে প্রদান  
করুন, আপনার প্রত্যাগমন পর্যন্ত ইহাই প্রজাপুঞ্জের  
রক্ষণাবেক্ষণ করিবে। তখন রাম পাদুকাযুগল উশোচন  
করিয়া তাঁহার হস্তে অর্পণ করিলেন। ভরত প্রণিপাত  
পূর্বক গ্রহণ করিয়া কৃতাঞ্জলিপুটে কহিলেন, আর্য !  
আমি আজ হইতে সমস্ত সাত্রাজ্যের তার এই পাদুকার  
উপর অর্পণ করিলাম। এক্ষণে আমি আপনার প্রতী-  
ক্ষয় জটাচীর ধারণ ও ফলমূল মাত্রে জীবনযাত্রা নির্বাহ

করিয়া এই চুন্দশ বৎসর নগরের বহির্দেশে বাস করিব।  
নিয়মিত কাল অতিবাহিত হইলে, এমন কি পঞ্চদশ  
বৎসরের প্রথম দিবসেই যদি আপনার দর্শন না পাই,  
নিষ্ঠয় জানিবেন, তাহা হইলে আমি জ্বলন্ত হৃতাশনে  
আঙ্গ সমর্পণ করিয়া পাপ জীবন বিসর্জন করিব।

তখন রাম ভরতের কথায় সম্মত হইলেন, এবং  
তাঁহাকে সম্মেহে আলিঙ্গন করিয়া কহিলেন, তা'ই ভরত !  
আমি এবং জানকী আমাদের উভয়েরই দিব্য, তুমি আমার  
ছঃখনী জননীকে রক্ষা করিও, কদাচ তাঁহার প্রতি  
কঠোর বাক্য প্রয়োগ করিও না। এই বলিয়া রাম  
সজ্জলনেত্রে তাঁহার প্রতি চাহিয়া রহিলেন।

অনন্তর পুরুষোভ্য ভরত ঐ উজ্জ্বল পাদুকাযুগল  
এক মাতঙ্গের ঘনকে স্থাপিত করিয়া রোদন করিতে  
করিতে রামকে প্রদক্ষিণ করিতে লাগিলেন। তখন অসা-  
মান্য গন্তীর প্রকৃতি রাম কুলগুরু বশিষ্ঠের যথাবিধি পূজা  
করিয়া অশুক্রমে ভরত, শক্রস্ত, মন্ত্রী ও প্রজাৰ্বগকে সাদর  
সন্তুষ্ট পূর্বক বিদায় করিলেন। তৎকালে তদীয় মাতৃ-  
গণের কষ্টদেশ বাস্পভৱে একপ অবস্থক হইয়াছিল যে  
তাঁহারা তখন রামকে আর কিছুই বলিতে পারিলেন না,  
অনিবার কেবল নমনবারি বিসর্জন করিতে লাগিলেন।  
রাম তাঁহাদিগকে প্রণাম ও প্রদক্ষিণ করিয়া রোদন করিতে  
করিতে পর্ণকুটীরে প্রবেশ করিলেন।

---

## অয়োদ্ধাধিক শততম অধ্যায় ।

— ४३ —

অনন্তর ভৱত, অগ্রজের পাদকামুগল মস্তকে ধারণ করিয়া শক্রস্থের সহিত সঙ্গেন্যে রথাহরোগপূর্বক অষ্টাধ্যাভিমুখে যাত্রা করিলেন । মহর্ষি বশিষ্ঠ, বামদেব ও জ্ঞাবালি প্রভৃতি পুরোহিতগণ এবং মন্ত্রিবর্গেরা অগ্রে অগ্রে চলিলেন । উক্তরে মন্দাকিনী, সকলে তথা হইতে পূর্বাভিমুখে গমন করিতে লাগিলেন । এবং পথিমধ্যে বিচক্ষ ধাতুরাগ-রঞ্জিত চিত্রকূট পূর্বত অবলোকন ও প্রদক্ষিণ পূর্বক তৎপাত্র দিয়া যাইতে লাগিলেন । অদূরে মহর্ষি ভৱন্ধাজের আশ্রম, ভৱত তথায় অবতীর্ণ হইয়া মহর্ষির সমিধানে গমন পূর্বক তদীয় পাদপদ্মে সাক্ষাত্ক্ষে প্রণিপাত করিলেন । ভৱ-দ্বাজ প্রণত ভৱতকে আশীর্বাদ করিয়া জিজ্ঞাসিলেন, কেমন ভৱত ! রামের সহিত ত সাক্ষাৎ হইয়াছিল ? যে উদ্দেশে গমন করিয়াছিলে, তাহা ত সফল হইয়াছে ? ভৱত কহিলেন, তপোধন ! আমি এবং বশিষ্ঠদেব আমরা আর্যকে আৰ্নিবার জন্য বিস্তুর অনুরোধ করিয়াছিলাম,

କିନ୍ତୁ ତିନି କିଛୁଟେই ସମ୍ମତ ହିଲେନ ନା, କହିଲେନ,  
ପିତା ପ୍ରତିଜ୍ଞା କରିଯା ଯାହା ଆଦେଶ କରିଯାଛେ,  
ଆମି ଚତୁର୍ଦ୍ଦଶ ବର୍ଷର ତାହାଇ ପାଲନ କରିବ । ତିନି  
ଏକାନ୍ତ ଅଧ୍ୟବସାୟ ସହକାରେ ଏହିରୂପ କହିଲେ, ଗୁରୁତ୍ବଦେବ  
ତଥନ ଆର ଉପାୟାନ୍ତର ନା ଦେଖିଯା କହିଲେନ, ରାମ !  
ଯଦି ଏକାନ୍ତରେ ଅଯୋଧ୍ୟାଯ ପ୍ରତିଗମନ ନା କର, ତବେ  
ଆସାଦେର ଅନୁରୋଧ, ତୋମାର ପାଦୁକା ଦୁଖାନି ଭରତେ ର  
ହନ୍ତେ ଅର୍ପଣ କର । ଭରତ ପାଦୁକା ଯୁଗଳକେଇ ରାଜ୍ୟାସନେ  
ସ୍ଥାପନ କରିଯା ସ୍ଵର୍ଗ ପ୍ରତିନିଧି ସ୍ଵରମ କାର୍ଯ୍ୟ କରିବେନ ।  
ଯୁନିବର ! ବର୍ଣ୍ଣିତ ମହାଶୟ ଏହି କଥା ବଲିବାମାତ୍ର ଆର୍ଯ୍ୟ,  
ପୂର୍ବାସ୍ୟ ହଇୟା ରାଜ୍ୟ ରକ୍ଷାର୍ଥ ଆପନାର ପାଦୁକା  
ଯୁଗଳ ପ୍ରଦାନ କରିଲେନ । ଆମି ଏକ୍ଷଣେ ତାହାଇ ଲାଇସା  
ଅଯୋଧ୍ୟାଯ ଚଲିଯାଛି ।

ଶ୍ରୀବନ୍ଦମାତ୍ର ଭରବାଜ କହିଲେନ, ରାଜକୁମାର ! ତୁମି  
ଅତି ସାଧୁଶୀଳ, ତୋମାର ନ୍ୟାୟ ସଜ୍ଜରିତ ଓ ତୋମାର ସଦୃଶ  
ସ୍ଵଭାବମୁନ୍ଦର ତିଳୋକେଇ ପାଓୟା ଭାର । ଆର ରାମଙ୍କ ଯେ  
ତୋମାର ପ୍ରତି ସମ୍ବ୍ୟବହାର କରିବେନ, ଇହାତେ ଆର  
ଆଶର୍ଯ୍ୟ କି ? ଉଠୁଷ୍ଟ ଜଳ ନିଷ୍ଠାଭିଯୁଦ୍ଧେଇ ପଡ଼ିଯା  
ଥାକେ । ଯାହା ହଟକ, ବର୍ଷ ! ତୋମାର ଏମନ ଉଦ୍ଦାରସ୍ଵଭାବ  
ଦେଖିଯା ବୋଧ ହଇତେଛେ, ତୋମାର ନ୍ୟାୟ ଗୁରୁତ୍ୱବଳୀ ପୁତ୍ର  
ଶୀହାର ବିଦ୍ୟମାନ, ମୃତ୍ୟୁ ସେଇ ମହାଜ୍ଞାର ଦେହମାତ୍ର କେବଳ  
ବିଲୁପ୍ତ କରିଯାଛେ, ତୋମାର ଚରିତ୍ରବଳେ ତାହାର ନାମ  
ଚିରସ୍ମରଣୀୟଇ ଥାକିବେ ।

এই বলিয়া ভরদ্বাজ বিরত হইলেন, ভরত কৃতাঞ্জলি-  
পুটে তাঁহাকে আমন্ত্রণ, অভিবাদন ও পুনঃ পুনঃ  
প্রদক্ষিণ করিয়া মন্ত্রগণের সহিত অযোধ্যাভিমুখে  
যাত্রা করিলেন। তদীয় সৈন্যগণ হস্ত্যশ্চ, রথ ও  
শকটারোহণ পূর্বক চতুর্দিক আচ্ছন্ন করিয়া চলিল।  
সম্মুখে উর্ধ্বমালিনী যমুনা প্রবাহিত হইতেছেন, তাঁহারা  
ঐ মনী পার হইয়া কিষ্কিন্ধুর পরেই দেখিলেন, পবিত্র  
সলিলা ভগবতী ভাগীরথী প্রবাহিত হইতেছেন, ভরত  
সম্মেন্যে ঐ দেবনন্দী পার হইয়া শৃঙ্খবের পুরে প্রবেশ  
করিলেন এবং তথা হইতে অযোধ্যাভিমুখে যাইতে  
লাগিলেন। মহাত্মা ভরত কিষ্কিন্ধুর গিয়া মহা-  
নগরী অযোধ্যার সেই সেই শোকপরীত দীন দশা  
দর্শন করিয়া রোদন করিতে করিতে কহিলেন, আহা  
সুমন্ত্র ! দেখ, আর্য্যের বিরহে এই স্বর্গপুরী একেবারে  
ছারখার হইয়া গিয়াছে, ইহার আর পূর্বের ন্যায়  
শোভা নাই, পূর্বের ন্যায় আর আনন্দমহোৎসব নাই।  
পূর্বের ন্যায় আনন্দময় কোলাহল শব্দও আর ঝুতি-  
গোচর হইতেছে না।

---

## চতুর্দশাধিক শততম অধ্যায় ।



এই বলিষ্ঠা ভরত, মিঞ্চগন্তীর রথশক্তে দিক্ বিদিক্  
প্রতিধ্বনিত করিয়া অযোধ্যা মধ্যে প্রবেশ করিলেন।  
প্রবেশিয়া দেখিলেন, বিড়াল ও উলুক সকল অকৃতোভয়ে  
উহার চতুর্দিকে সঞ্চরণ করিয়া বেড়াইতেছে। ইতিপূর্বে  
যে নগরী আনন্দ-কোলাহলে দিবানিশ প্রতিধ্বনিত হইত,  
অধুনা রামবিরহে সেই মহানগরী একেবারে নিরব, ও  
শশাঙ্ক-শূল্য শর্করার ন্যায় নিতান্ত মলিন হইয়া রহি-  
য়াছে। গৃহস্থার সমুদায় দিবানিশ অবরুদ্ধ। নিজ নায়ক  
সুধাংশুমালীর দিব্য প্রভায় দিপ্তিশত্রু দেবী রঞ্জিণী,  
স্বামীকে রাত্রে দেখিলে, যেমন মলিনা ও অশরণা  
হইয়া থাকেন, আজ অযোধ্যানাথ বিহীনে অযোধ্যানগরীও  
তদ্দপ শোচনীয় দশা প্রকাশ করিতেছে। আজ এই  
মহানগরী, উত্তাপ-সন্তপ্ত-বিহঙ্গকুল-সমাকুলা বিলীনমৎস্যা-  
ক্ষীণা গিরিনদীর ন্যায় ; স্বর্বর্ণী, ধূমশূন্যা, পক্ষাং জল-  
সেকে নির্বাণগোমুখী অগ্নিশিখার ন্যায় এবং ছিন্নভিন্ন  
কবচে, চূর্ণাকৃত ধ্বজদণ্ডে, ভগ্নরথে, বিধস্তমাতঙ্গতুঙ্গে ও  
গতামু সুষুর্ষু দৈন্যদেহসমূহে সমাকুলা সমরস্তমির ন্যায়

পরিদৃশ্যবান হইতেছে । সমুদ্রের তরঙ্গলহরী মহাশক্তে  
কেগরাশি উদ্বার পূর্বক উথিত হইয়াছিল, এক্ষণে যেন  
সমীরধের ঘৃত্যমন্ত্র হিল্লোলে নৌরবে কম্পিত হইতেছে ।  
কোকিলকুল-দন্তুলা কুশমকমনীয়া বাসন্তী লতা যেন বসন্তের  
অবসানে প্রবল দাবানলে দক্ষ হইয়া গিয়াছে । গোষ্ঠে  
চুম্বকত্তী গাভী বৃবসন্ধমে নিতান্ত আকৃতিত ছিল, অধুনা,  
যেন দেই বৃবন্দিরহে একান্ত টৎকর্ণিত ও কাতর হইয়া  
নবত্বণ ভঙ্গণেও নিষ্পত্ত হইয়া রহিয়াছে । শ্রুতি অবাদি  
কিছুই নাই, বেদজ্ঞ পাত্রিক নাই, যজ্ঞাবসানে বেদির ন্যায়  
মগরীর নিষ্ঠকভাব লক্ষিত হইতেছে । ময়ণ উজ্জ্বল  
উৎকৃষ্ট পদ্মারাগমণি-বিরহিত নবরচিত মুক্তাবলীর ন্যায়,  
পুনর্জ্যোৎসন নিবন্ধন গগণতল হইতে পরিচ্ছন্ত নিষ্প্রত তার-  
কার ব্যায় অযোধ্যার কিছুমাত্র শোভা নাই । রাজপথে  
লোকের সমাগম নাই । আপন সমস্ত নিরুত্ত : শশাঙ্কশৃণু  
যেঘাত তারকান্বিত আকাশের তুল্য মগরী নিষ্পত্ত হইয়া  
রহিয়াছে । যেখানে সুরা নাই, শরাব নাই, সুরাপায়ীরাও  
মুমূর্ষ, সেই অপরিচ্ছন্ন পানভূমির ন্যায় ও ভগ্নঘংপাত্র-পূর্ণা  
শুক্রজল বিদীর্ঘতট সরসীর ন্যায় অযোধ্যা নিতান্ত  
হতক্ষি হইয়া গিয়াছে । পাশসংযুক্ত র্তাত বিশাল মৌর্কো  
যেন শরচিহ্ন হইয়া শরামন হইতে স্থালিত ও বড়ো ক্ষে  
সমরবিপুল আঝাহীর প্রয়োজন পরিচালিত ও প্রতিপক্ষীয়  
সৈন্যহস্তে নিহত হইয়া পতিত রহিয়াছে ।

হ্রস্মস্তু ! আজ অযোধ্যাতে পূর্বের ন্যায় গীত বাদ্যের

শ্রতিশুখকর শব্দ শ্রতিগোচর হইতেছে না কেন ?  
 বারুণীমদের উপাদকর গন্ধ, মাল্য, ধূপ ও অগ্নরং চন্দনের সৌরভ, আজ কেন সকল দিক্ আমোদিত করিতেছে না ? রাজপথে রথের ঘর্যর শব্দ নাই, অশ্বগণের হেষারব ও মন্ত্রমাতঙ্গ সমূহের শুগভৌর রংহিত ধৰ্মিণ আজ শ্রবণ-গোচর হইতেছে না কেন ? তরুণবয়স্ক নাগরিকেরা অঙ্গে চন্দন লেপন ও কঠে নবমাল্য ধারণ পূর্বক আজ কেন নগরের বহিদেশে বিচরণ করিতেছে না ? নগর মধ্যে আজ আর পূর্ববৎ উৎসব কার্যের আয়োজন নাই । ফলত :  
 অযোধ্যার সমুদায় শোভা সমৃক্ষিই আর্য রামের সহিত অবন্দেহ গিরাছে । যেমন শুক্রপক্ষীয় যামিনী ঘেৰা-বৃত্ত হইলে শোভা বিহীন হয়, রাম বিরহে অযোধ্যারও তদ্বপ দুরবস্থা ঘটিয়াছে । হায় ! কতদিনে সেই শুভ-দিনের উদয় হইবে, যেদিন আর্য রাম, নিদানকালীন জলধরের ন্যায়, মুর্তিমান, মহোৎসবের ন্যায় অযোধ্যায় আগমন পূর্বক সমস্ত নাগরিক জনের মনে অপরিসীম আনন্দ বর্দ্ধন করিবেন । পৌরবর্গেরা বেশ-সুষার বিভূষিত হইয়া আনন্দভরে কবে আবার এই মহানগরীকে উৎসবময় করিয়া তুলিবে ।

শোকাকুল ভৱত এইরূপ বিলাপ করিতে করিতে নগর প্রবেশ করিয়া অঙ্ককারময় পিতৃগৃহে উপনীত হইলেন, এবং উহা সংস্কারশূন্য ও প্রতা-বিহীন দেখিয়া দুঃখ-বেগে অমৰত রোদন করিতে লাগিলেন ।

## পঞ্চদশাবিক শততম অধ্যায় ।

---

অনন্তর ভৱত মাতৃগণকে পুরমদ্যে রাখিয়া শোকাকুলিত চিন্তে ও বিষণ্ণ বদমে বশিষ্ঠ প্রভৃতি পুরোহিতগণকে আহ্বান পূর্বক কহিলেন, বিপ্রগণ ! আমি কুতাঙ্গলিপুটে আপনাদিগকে আমন্ত্রণ করিতেছি, আমি এখন নন্দিগ্রামে যাইব, এবং পিতৃবিয়োগ হৃৎ ও ভাতার-নির্বাসন-জনিত সন্তাপ সমুদায় তথায় গিয়াই সহিব। পিতৃদেব স্বর্গারোহণ করিয়াছেন, আর্য্য রামও নির্বাসিত হইয়াছেন, ইহা অপেক্ষা আমার অস্তুথের আর কিছুই নাই। এক্ষণে আমি রাজ্যের নিমিত্ত রাজ্যোশ্বর রামের প্রতীক্ষা করিয়া থাকিব। এ রাজ্যের তিনিই প্রকৃত রাজা, আমি তাহার নিদেশান্তুকারী আঙ্গাবহ ভৃত্য ।

ভৱত এইরপে আহ্ব অভিপ্রায় ব্যক্ত করিলে, মন্ত্রবর্গ ও মহৰ্ষি বশিষ্ঠ তাহাকে কহিলেন, রাজকুমার ! তুমি ভ্রাতৃস্ত্রেহে যাহা কহিলে, তাহা অতীব প্রশংসনীয় ও তোমারই অমুরূপ। তুমি অতি সাধু ও সচরিত্র, স্বজনানুরাগ ও ভাতুভজ্ঞ যে কিঞ্চপ তাহা তুমিই জান ; স্বতরাং

তোমার এই বিনৌত বাক্যে কে না অনুমোদন করিবেন ?  
 তথম ভরত, তাহাদের অভিলাষাঙ্গুলপ প্রিয় বাক্য  
 শুনিয়া সারথিকে কহিলেন, স্মর্ত ! শীত্র রথ সজ্জিত  
 করিয়া আন । স্মর্ত আদেশমাত্র রথ আনয়ন করিলেন ।  
 ভরত মাহবর্গের পাদপদ্মে প্রণিপাত পূর্বক রথারোহণ  
 করিলেন, এবং মন্ত্রী ও পুরোহিতবর্গে পরিচ্ছত হইয়া শক্ত-  
 যের সহিত প্রীতমনে নন্দি গ্রামে গমন করিতে লাগিলেন ।  
 বশিষ্ঠ প্রভৃতি পুরোহিত বর্গেরা পূর্বাভিমুখী হইয়া দক-  
 লের অগ্রে অগ্রে চলিলেন । হস্ত্যশ্঵রথসঙ্কুল সৈন্যদল  
 এবং পুরবাসীরা আহত না হইয়াও তাহাদের অনুসরণ  
 করিতে লাগিল । ক্রমে নন্দি গ্রামে উপস্থিত হইলেন,  
 ভরত, রামের পাদুকা ছুখানি মন্তকে লইয়া তদ্ধায়ে প্রবেশ  
 করিলেন, এবং অবিলম্বে রথ হইতে অবতীর্ণ হইয়া  
 পুরোহিতগণকে কহিলেন, দেখুন, এইরাজ্য আর্য রামের,  
 তিনি ন্যাস স্বরূপ আমাকে অর্পণ করিয়াছেন, এক্ষণে  
 এ রাজ্য এই কণক ভূষিতপাদুক যুগলই পালন করিবে ।  
 এই বলিয়া ভরত পাদুকাযুগলকে পুনঃ পুনঃ প্রণাম করিতে  
 লাগিলেন, এবং দুখিতান্ত্রঃকরণে প্রকৃতিবর্গকে কহিলেন,  
 প্রজাগণ ! দেখ, এই পাদুকাত্তুখানি মহারাজ রামচন্দ্রের  
 প্রতিনিধি স্বরূপ, অতঃপর তোমাদের যাবতীয় রাজকৰ্য  
 ইহা হইতেই সম্পন্ন হইবে । অতএব তোমরা শীত্র এই  
 পাদুকার উপর ছত্র ধারণ কর । আর্য রাম সন্দৰ্ভনিবন্ধন  
 শ্রে রাজ্য ন্যাস স্বরূপ আমায় প্রদান করিয়াছেন, হ্রতরাং

তাহার পুনরাগমন পর্যন্ত আমাকে 'ইহা'র রক্ষা সাধন করিতেই হইবে। তিনি প্রত্যাগত হইলে, আমি স্বহস্তে এই পাদুকাযুগল পরাইয়া ত্রীচরণ দর্শন করিব এবং তাহার উপর তদীয় সমস্ত ভার অপর্ণ করিয়া তাহার সেবা কার্য সম্পাদন পূর্বক নিষ্পাপ হইব।

জটাচীরধারী সুধীর ভরত এই বলিয়া সৈন্যদলের সহিত নন্দিগ্রামে বাস করিতে লাগিলেন, তথার রামের পাদুকা যুগলকে রাজ্যে অভিষিক্ত করিয়া সন্মানার্থ স্বয়ংই তাহার উপর ছত্র ধারণ করিয়া রহিলেন। তৎকালে রাজ্যসংক্রান্ত যে কোন কার্য উপস্থিত হইতে লাগিল, ভরত এই পাদুকা সমীপে অগ্রে তাহা জ্ঞাপন করিয়া পশ্চাত্ত অধীন ভাবে তাহার যথাবৎ বিধান করিতে লাগিলেন। আবু সামস্ত মহীপালেরা ও প্রজা মোকেরা যাহা উপহার স্বরূপ প্রদান করিতে লাগিল, প্রথমতঃ পাদুকাকে নিবেদন করিয়া পরিশেষে কোষাগারে তৎসমুদায় রক্ষা করিতে লাগিলেন।

## ବୋଡ଼ଶାଧିକ ଶତତମ ଅଧ୍ୟାତ୍ମ ।

— ୦୧ —

ଏହିକେ ଭରତ ପ୍ରତିନିର୍ଭବ ହିଲେ, ରାମ କିଛୁଦିନ ଚିତ୍ରକୃତ ପର୍ବତେହି ଅବସ୍ଥାନ କରିଯାଇଲେନ । \* ଏକଦା ତଥାର ଦେଖି-

\* ଭରତ ପ୍ରତିନିର୍ଭବ ହିଲେ ରାମ କିଛୁକାଳ ଚିତ୍ରକୃତ ପର୍ବତେହି ଛିଲେନ, ଏକଦା ତିବି ଜାଗକୀୟ ଅକେ ମନ୍ତ୍ରକ ବିବ୍ୟାହ କରିଯା ବିଜ୍ଞିତ ଆହେନ, ଏମନ ସମୟେ ଇନ୍ଦ୍ରପାଲିତ ଏକ କାମୁକ କାକ ସୀତାର ରୂପଲାବଣ୍ୟ ଦର୍ଶନେ ନିତାନ୍ତ କାମପଦବଶ ହିଲ୍ଲା ଶ୍ରୀର ଶୁଭୋକୁ ନଥର ଦ୍ୱାରା ତାଇଁର ଉତ୍ତର ପର୍ଯୋଧର ସୁଗଳ ବିଦୌଷ କରିଯାଇଲୁ । ରାମ ଏତକାଳ ନିତିରେ ଛିଲେନ, ସହମା ଏହି ବିଷ୍ୟରକର ବାପାର ଦର୍ଶନେ ସାରପର ନାହିଁ କୁଙ୍କ ହିଲେନ, ଏବଂ ତାହାର ବିନାଶାର୍ଥ ବ୍ରଜାତ୍ମ ନିକ୍ଷେପ କରିଲେନ । ତଥବ ବାଯସ ମେହି ବିକଟଦର୍ଶ ଅନ୍ତୋପମ ବାଗ ନିରୀକଣ କରିଯା ଶୁଦ୍ଧ-ଶୁଦ୍ଧ ଚୌଥିକାର କରିତେ କରିତେ ପଲାଯନ କରିଲ, କିନ୍ତୁ ଅର୍ଗ ଦତ୍ୟ ପାତାଳ ସେଥାନେଇ ଥାଇତେ ଲାଗିଲ, ଅବ୍ୟର୍ଥ ବ୍ରଜାତ୍ମ ମେହି ଥାନେଇ ଗିଯା ଉପଛିତ ହିତେ ଲାଗିଲ । ତଥବ କାକ ଆର ଉପାର୍ଶ୍ଵର ନା ଦେଖିଯା ପ୍ରସ୍ତେ ବ୍ରଜାର ଶରଗାପର ହିଲ, ତେପରେ ଇତ୍ତ ଓ କର୍ତ୍ତଦେବେର ବିକଟ ଗିଯା ଆୟ୍ତର ଅଛିଲ । କିନ୍ତୁ ତାହାର ଜୀବନ ରକ୍ଷାର କେହିଁ ସାହସୀ ହିଲେନ ନାହିଁ କରିଲେନ; ବାଯସ ! ତୁନି ନିତାନ୍ତ ଭ୍ରାମିତ ହିଲାଇ, ମନ୍ତ୍ର, କିନ୍ତୁ ଆମରୀ ଅଶ୍ରୁ, ଏ ବ୍ରଜାତ୍ମ, ତୋଥାର କମାଚ ପୁରିଆଖ କରିପାଇତେ ପାରିବ ନା । ତାହାର ଏହିକଥେ ମିଳାଶ କରିଲେ, କାମୁକ

লেন, সেই চিত্রকূটবাসী যে সকল তাপমেরা তাঁহার আশয়ে এত দিন পরম সুখে কাল যাপন করিতেন, অধুনা

পুনরায় ব্রহ্মার নিকট গিয়া শরণ লইল। তদর্থে বিধি দ্যাত্র ছইয়া কছিলেন, বায়স। এই বাণ যিনি নিষ্কপ করিয়াছেন, তিনিই তোমার রক্ষক, তিনি তিনি তোমার জীবন রক্ষার আর উপায়ান্তর নাই। অতএব তুমি সেই শরণাগতবৎসল দাশ-রথির শরণ লও। তদচ্ছায়ে সে শ্রীরামের স্মরিধানে সভায়ে চুতলে বিপত্তি হইল। দ্যাত্র/সদয়া জ্ঞানকী তৎকালে উছার মুর্মু দশা দেখিয়া তদীয় মন্তক রামের পাদপদ্মে সংযোজিত করিয়া কছিলেন, আর্যাপুত্র ! আপনি শরণাগত-বৎসল, বায়স আপনার শরণাগত, আপনি ক্ষণাবলোকনে আশ্রিতের আগ রক্ষা করন। তখন রাম দয়াপরবশ ছইয়া কছিলেন, বয়স ! তোমার জীবনের প্রতি আর কোন ব্যাঘাত হইবে না, কিন্তু তোমার এক অঙ্গ বিনষ্ট হইবে, তিনি এইকপ কছিলেন, সেই ব্রহ্মার্জ কাকের এক চক্ষ বিষণ্ঠ করিয়া নিহত হইল। (প্রবাদ আছে, তদবধি কাকজাতির একমাত্র চক্ষ) অনন্তর কাক জীবন পাইয়া জ্ঞানকী ও রামের চরণে মৃহুর্মুহু প্রণিপাত পূর্বক সহর্ষে অর্গস্তোকে গমন করিল।

বাল্মীকি রাখাইলে এই ইতিহাসের কিছুমাত্র উল্লেখ নাই, ইহা পদ্মপুরাণের অন্তর্গত; এজন্য আমি সুন্দে উহা অন্তব্যার করিলাম না; পাঠকগণের জ্ঞাপকার্য পদ্মপুরাণ হইতে অনুবৃত্ত করিয়া শীকাইরে অভিবৃদ্ধি করিলাম।

তাঁহারা নিতান্ত ভৌত ও একান্ত উৎকর্ষিত হইয়া তাঁহাকে নির্দেশ করিয়া ক্রস্তী সঙ্গেতে একান্তে কথোপকথন করিতে লাগিলেন, তদর্শনে রাম ঘনে ঘনে নিজ অপরাধ আশঙ্কা করিয়া কৃতাঞ্জলি পুটে বুলপতিকে কহিলেন, ভগবন् ! নিবেদন করি, যাহাতে মুনিগণের ঘনোয়ত্তি বিকৃত হইতে পারে, আমার এমন কোন অসম্ভবহার কি প্রত্যক্ষ করিয়াছেন ? লক্ষ্মা তরুণবুলভ অপারধানতা নিবন্ধন কি কোন অবৈধ ব্যবহার করিয়াছেন ? জানকী প্রতিদিনই আপনাদিগের পরিচার্যা করিয়া থাকেন, আমার দেবামূরোধে তদীয় কর্তব্য কার্য্যের কি কোন ব্যাপাত হইয়াছে ?

শ্রবণমাত্র এক জ্যোঞ্জীর্ণ তপোবন্ধ তাপস কম্পিত কলেবরে কহিলেন, রাজকুমার ! তপস্বি-সংক্রান্ত সদাচার বিষয়ে এই কল্যাণীর কিছুমাত্র শেখিল্য দেখি নাই। সপ্ত্রতি রাক্ষসেরা আমাদের প্রতি বড় অত্যাচার আরম্ভ করিয়াছে, সেই নিমিত্ত আমরা ভৌত হইয়া নির্জনে পরস্পর মন্ত্রণা করিতেছি। এই স্থানে রাবণের কর্তৃষ্ঠ ভাতা খর নামে এক নিশাচর বাস করে। ঐ মাংসাশী অতি মৃশৎস, গবর্ণ ও নির্ভয়। তাহার অত্যাচারে অত্যতাপ-মেরা ঘৰপর নাই উৎপীড়িত হইয়াছে। তোমার প্রভাব উহার কিছুতেই সহ হইতেছে না, তুমি যদবধি এই স্থানে অসিয়াছ, মৃশৎস, সেই পর্যন্ত নিজ পরিবারবর্গের সহিত মিলিত হইয়া কতই বে যন্ত্রণা দিতেছে, তাহার আর

ଇହନ୍ତା ନାହିଁ ! କଥନ ବିକଟାକାର ଧାରণ କରିଯା ଭୟ ପ୍ରଦର୍ଶନ କରିତେଛେ, ବୁଝନ ବା ବୌକ୍ଷେସବେଶେ ଆସିଯା ଆମାଦେର ଜ୍ଞାନ-କ୍ଷପ ଜୟାଇତେଛେ । ଉହାରୀ ଆସିଯା ଆମାଦିଗେର ଉପର ଅପରିତ୍ର ବଞ୍ଚି ମକଳ ନିକ୍ଷେପ କରେ, ଏବଂ ଯାହାକେ ମୟୁଖେ ଦେଖିତେ ପାଇ, ତୁରାଜ୍ଞାରା ତାହାକେଇ ସ୍ତ୍ରୀଗାର ଏକଶେଷ ଦିଯା ଥାକେ । ଅନ୍ନପ୍ରାଣୀ ତାପମେରା ନିଜ ନିଜ ଆଶ୍ରମେ ନିଜାମ ଅଚେତନ ହିଁଯା ଆଛେନ, ଏହି ଅବସରେ ଉହାରୀ ଗୁପ୍ତଭାବେ ଆସିଯା ବାହ୍ୟପାଶେ ବନ୍ଧନ ପୂର୍ବକ ମହାହର୍ଵେ ତୀହାଦିଗେର ନିଜୀ ଭଙ୍ଗ କରିଯା ଫେଲେ । ମଜ୍ଜକାଳେ ଯଜ୍ଞୀୟ ଦ୍ରବ୍ୟ ମୟୁଦାର ବନ୍ଧୁ କରେ, ଜଳପୂର୍ଣ୍ଣ କଳସ ଡଗ୍ କରିଯା ଫେଲେ, ଏବଂ ଅଧି ନିର୍ବିଶ୍ଵାସ କରିଯା ଦେଇ । ଜାନିନା, ତୁରାଜ୍ଞାରା, ଆମାଦେବ ଯଥେ କବେ ବା କାହାର ପ୍ରାଣନାଶ କରିଯାଇ ଫେଲେ । ରାଜକୁମାର ! ଅତ୍ରତ୍ୟ ତାପମେରା ଏକଣେ କେବଳ ଏହି କାବଣେଇ ଏହାନ ପରି-ତ୍ୟାଗ କରିବାର ମନ୍ଦିର କରିଯାଇଛେ, ଏବଂ ମକଳେ ଏକତ୍ର ମଲିତ ହିଁଯା ସ୍ତ୍ରୀଗା ପୂର୍ବକ ଏବିଷରେ ଆମାକେଓ ତୁରା ଫରିତେଛେନ । ଅନ୍ତରେ ଭଗବାନ୍ କଥେର ତପୋବନ, ତଥାର କଳୟୁଳ ବିଲଙ୍ଘନ ଯୁଲଭ, ଆର ମେ ଶାନ୍ତିଓ ଅତି ରମ୍ଭୀୟ । ଅତଃପର ଆମରା ମକଳେଇ ତଥାର ବାସ କରିବାର ବାସନା କରିଯାଛି । ବନ୍ଦେ ! ସଦି ଇଚ୍ଛା ହୁଏ, ତବେ ତୁମିଓ ଆମାଦେର ଅଭିଭ୍ୟାହାରେ ଚଲ ଅନ୍ୟଥା ନୃଶଂମେରା ହୃତ ତୋର୍ଯ୍ୟର ଉପରୁଷ ଉପଦ୍ର୍ଵ କରିବେ । ତୁମି ସଦିଚ ସାବଧାନ ଓ ଉପରୁଷ ପାତ୍ର ନିର୍ବାବରେ ମୟର୍ଥ, ତଥାପି ଏହାମେ ଭାର୍ଯ୍ୟାର ମହିତ ଦ୍ୱାରା ମୟୁଖେ ଧାରିବେ ନା ।

কুলপতি এইরূপ কহিলে, রাম আৱ তাঁহাকে নিষেধ  
কৱিতে পাৱিলেন না। তখন মহৰি, রামকে দম্ভেহে  
সম্ভাবণ, অভিনন্দন ও সান্ত্বনা পূৰ্বক স্বপণেৱ সহিত  
তথা হইতে যাত্রা কৱিলেন। এবং যাইবাৱ সময় সেহান  
পৱিত্যাগ কৱিবাৱ নিষিদ্ধ তাঁহাকে শুয়োড়ুয়ঃ অনুকোধ  
কৱিলেন, পৱিশেৰে তাঁহাকে প্ৰণাম ও তাঁহার অনুজ্ঞা  
এহণ পূৰ্বক স্বীয় পৰ্গকুটীৱে প্ৰত্যাগত হইলেন। তিনি  
প্ৰতিনিবৃত্ত হইয়া অবধি ক্ষণকালেৱ নিষিদ্ধও 'কুটীৱ  
পৱিত্যাগ কৱিয়া কুত্রাপি পদার্পণ কৱিতেন না। তৎ-  
কালে যে সমস্ত তাপসেৱা ঐ আশ্রমে ছিলেন, তাঁহারা  
রামেৱ বিপত্তি নাশেৱ শক্তি অবগত ছিলেন, এজন্য তাঁহা-  
কেই আশ্রয় কৱিয়া রহিলেন।

### সন্তুষ্টশাধিক শততম অধ্যায়।

—ঁঁঁঁঁঁঁঁঁ—

তাপসেৱা তথা হইতে প্ৰস্থান কৱিলে, নানা কাৱণে  
রামেৱ তথাৱ থাকিতে আৱ প্ৰহলি রহিল না। ভাৰি-  
দেৱ, আমি এখানে ভৱত, মাতৃগণ ও নাগৱিক লোকদি-  
কে দৰ্শন কৱিপাম, তাঁহারা সকলেই আমাৱ নিষিদ্ধ

বড়ই শোকাকুল হইয়াছেন, বিশেষতঃ ভরতের সমাগত দেনাদলের সংঘর্ষে এবং হস্তী ও অশ্বগণের মলমুক্তে এস্থান যাইপর নাই অপবিত্র হইয়াছে। এই সমস্ত উদ্বোধ দর্শনে আমি কোনমতেই তাহাদিগকে বিস্তৃত হইতে পারিতেছি না। অতএব এক্ষণে অন্যত্র প্রস্থান করাই কর্তব্য হইতেছে।

মনে মনে এইরূপ চিন্তা করিয়া তিনি আতা ও ভার্যোর সহিত মহৰ্ষি অত্রির আশ্রমে গমন করিলেন, এবং তথায় উপস্থিত হইয়া সবিশেষ সম্মান পূর্বক তাঁহার চরণ বন্দনা করিলেন। মহৰ্ষি রামকে সমাগত দেবিয়া পুত্র নির্বিশেষে আশীর্বাদ ও তাঁহার মন্তক আস্ত্রাণ করিলেন, এবং যথোচিত আধিত্য সৎকারে সবিশেষ পরিতোষ জপ্তাইয়া জানকী লক্ষ্মণের প্রতি পৌতি প্রসন্ন দৃষ্টিপাত করিতে লাগিলেন। ইতিমধ্যে তাঁহার সহ-ধর্ম্যনী ধৰ্ম্যাচারিণী তাপসী অনসূয়া তথায় উপস্থিত হইলেন। তপোধন, সেই সর্বজনপূজনীয়া তপস্থি-নীকে আগ্রহের সহিত আমন্ত্রণ করিলেন, এবং সীতাকে দেখাইয়া কহিলেন, প্রেরণি ! তুমি এই বিশাললোচনা জনকাঙ্গাকে প্রতিগ্রহ কর। এই কথা বলিয়া রামকে কহিলেন, রাজকুমার ! অনসূয়া সামান্য তাপসী নহেন। ক্রমে দশবৎসর কাল অনাৰুষ্ট হওয়াতে সমস্ত জীব জন্ম দশ প্রায় হইয়াছিল, কিন্তু এই তপস্থিনী স্বীয় অসামান্য তপঃপ্রভাবে সমস্ত ফলমূল স্থুষ্টি এবং

তগবন্তী গঙ্গাদেবীকেও আহ্বান পূর্বক আশ্রম মধ্যে  
প্রবাহিত করিয়াছিলেন। ইহার সমান তাপসী ত্রিলো  
কে পাওয়া ভার। ইনি ক্রমে দশ সহস্র বৎসর  
যোগাবলম্বনে অতিবাহিত করিয়াছেন। এবং কত-  
শত তাপসকুল ইহার শরণাপন হইয়াই তপোবিঃ  
নিবারণ করিয়াছেন। রাজকুমার! ইহার তপঃ প্রভা-  
অতি চমৎকার। একদা মহর্ষি মাণব্য ক্ষেত্রাক্ষ হইয়  
এক ঝৰি পঞ্চাকে “রাত্রি প্রভাত হইলেই বিধবা হইবি,  
এই বলিয়া অভিস্পাত করিয়াছিলেন। তদনন্তর এই  
তাপসী প্রতিশাপে দশরাত্রি পরিগতি কাল ঐ এব  
রাত্রিতে পরিণত করেন। অতএব ইনি সামান্য মহেন  
ভূমি ইঁহাকে জননীর ন্যায় দেখিও। ইনি অতি শান্ত  
শীলা, পুজনীয়া, সচরিত্বা ও বৃদ্ধি। আমার অভিলাষ,  
তোমার সহচারিণী জানকী ইহার সম্মিহিত হইয়  
থাকুন।

রাম, মহর্ষি অত্রির এইস্তপ মেহময়ী কথা শুনিয়া  
সীতা প্রতিনেত্রপাত পূর্বক কহিলেন, জানকি! মহর্ষি যাহা  
কহিলেন, তাহা ত শুনিলে ? এক্ষণে আমারও অচুরোধ  
আশ্চর্ষিতের জন্য ভূমি স্তরায় ধারিপঞ্চাকের নিকটে যাও  
যিনি স্বকার্য প্রভাবে অনসৃয়া নামে খাতিলাভ করি  
য়াছেন, তাহার নিকট যাইতে আর আশঙ্কা কি ?

তখন সীতা স্বামীর কথায় মেই তপঃপ্রদীপ্তা তাপ-  
সীর সমিধানে উপনীত হইলেন, দেখিলেন, ধারিপঞ্চ

অত্যন্ত বৃক্ষা, সর্বাঙ্গ বলিরেখায় অঙ্গিত, সন্ধিশল একান্ত  
শিথিল, কেশজাল শারদীয় জলদখণ্ডের ন্যায় শুক্রবর্ণ,  
শরীর একান্ত শৌর্ণ, জরাপ্রভাবে পরমাহত কদলীতরূপ  
ন্যায় উহা অনবরত কম্পিত হইতেছে। জানকী রিজ  
নাম উল্লেখ পূর্বক দেই পতিদেবতা তাপসীকে শ্রাম  
করিলেন, এবং কৃতাঙ্গলিপুটে ও ভঙ্গি বিন্দুবচনে তাহার  
সমস্ত বিষয়ের কুশল জিজ্ঞাসিলেন। তখন নেই অবসূরা  
অযোনিসন্ত্বার অয়তায়মান বচনবিন্যাস শ্রবণে অপরি  
সীম প্রীতিলাভ করিয়া আপার ম্বেহের সহিত কহিলেন  
বৎসে জানকি ! তুমি যে আহুয়ীয় স্বজন অভিযান ও  
কুলগোরব পর্যান্ত ও অনায়াসে বিসর্জন করিয়া বন্ধাসী  
স্বামীর অনুসরণ করিয়াছ, ইহাতে তোমার যে কতদুর পতি-  
ভঙ্গি প্রকাশ পাইয়াছে, তাহা আর বলিবার নহে।  
পতিদেবতা নারীদিগের মধ্যে তুমই অগ্রগণ্য ; তোমার  
তুল্যা সাংঘৰ্ষী, তোমার ন্যায় স্বত্বাবস্থুন্দরী রহণী এ পর্যন্ত  
আমার ময়ন পথ অলঙ্কৃত করেন নাই। জানকি ! দেখ,  
স্বামী নগরেই থাকুন, আর অরণ্যেই থাকুন, অনুকূলই  
হউন, আর প্রতিকূলই হউন, যে নারী একমাত্র তাহাকেই  
প্রিয় ও পরম দেবতা বলিয়া স্বীকার করেন, সক্ষতি  
তাহার করতলহৃ বলিলেও অভ্যঙ্গি হয় না। পতি হৃঢ়ৈল  
সেচ্ছাচোরী বা দুরিজ্জিই হউক না কেন, পতিদেবতা কুল-  
কামিনীর তিনিই একমাত্র গতি। ক্ষলতঃ পতি ভিন্ন  
সতীর আর ম্বত্যন্তর নাই। পতি ই পতিৰূপার তপ

ଓ ପତିଇ ପତିଦେବତାର ପରମଗତି । ପତି ହିତେ ସତୀର  
ପରମ ବାଞ୍ଚବ ଝିଲୋକେ ଆର ନାଇ । ସେ ସକଳ କାମିନୀରା  
କାମୋକ୍ଷତା, କେବଳ କାମେର ଜନ୍ମଇ ପତିକେ କାମନା କରେ,  
ତାହାରା ନିତାନ୍ତ ସେହାଚାରିଣୀ, ଏହି ସମସ୍ତ ଦୋଷ ଗୁଣ କିଛୁଇ  
ଛଦ୍ୟଙ୍କମ କରିତେ ପାରେ ନା । ତାଦୂଶୀ ଦୁଃଖରିତ୍ରା କାମିନୀ-  
ଦିଗକେ ଇହଲୋକେଓ ଅକୀର୍ତ୍ତିଭାଜନ ପରିଶାମେଓ ଦୁରପ-  
ଦେଯ ନରକାନଳେ ସନ୍ତୁଷ୍ଟ ହିତେ ହେଁ । କିନ୍ତୁ ଜାନକି ! ଯା-  
ହାରା ତୋମାର ନ୍ୟାୟ ଗୁଣ ଦୋଷେର ବିଚାର କରିତେ ପାରେ,  
ପରିଶାମେ ତାହାରା ଅବଶ୍ୟଇ ଉତ୍କଳ୍ପଟ ଗତି ଲାଭ କରେ,  
ସନ୍ଦେହ ନାଇ । ଅତ୍ରଏବ ବାଞ୍ଚା କରି, ତୋମାର ବୁଦ୍ଧି ଯେନ  
ଚିରକାଳ ଏଇରୂପ ପତିଚରଣେଇ ସମାଦକ୍ଷ ଥାକେ ।



### ଅଷ୍ଟାଦଶାଧିକ ଶତତମ ଅଧ୍ୟାୟ ।

ତଥନ ଜାନକୀ ଭକ୍ତିଭାବେ ଅନନ୍ତରାର ଉପଦେଶ ବାକ୍ୟ  
ଶିରୋଧର୍ୟ କରିଯା ମୁହସରେ କହିଲେନ, ଆର୍ଯ୍ୟ ! ଆଁପନି  
ସେ ଆୟାକେ ଶିକ୍ଷା ଦିବେନ, ଇହା ଆପନାର ପକ୍ଷେ ଆଶର୍ଯ୍ୟେର  
ବିଷୟ ମହେ ; ତବାଦୂଶୀ ଜ୍ଞାନବତୀ ନାରୀ ତିନ୍ମ ଏରୂପ ସନ୍ତାବ-  
ଶର୍ତ୍ତ ଉପଦେଶ ଆର କେ ଶ୍ରଦ୍ଧାନ କରିଯା ଥାକେନ ? କିନ୍ତୁ  
ଦେବି ! ଆୟି ଅନଭିଜ୍ଞ ନହି, ପତିବ୍ରତା ରହିଦିଗେର

পতিই যে পরম গুরু, তাহা আমি বিস্কৃণ অবগত আছি।  
 পতি দৃশ্যরিত্রই হউন, আর দরিদ্রই হউন, গুণদোষের  
 পতি দৃষ্টিপাত না করিয়া তাঁহার উপচর্যার নিষ্ঠুক থাকাই  
 পতিদেবতার একমাত্র কার্য। কিন্তু যিনি জিতাই, ষষ্ঠি-  
 হার চরিত্র সাধুসভা-সংকৃত, বৃক্ষি ধর্মামুসারিণী,  
 যিনি পরম দয়াবান, গুণবান, জ্ঞানবান ও শ্রিমুরাগী;  
 যিনি মাতৃসেবাপর ও পিতৃবৎসল, তাঁহার বিষয়ে আর  
 বলিবার কি আছে? আর্য রাম, নিজ জননী কৌশল্যার  
 প্রতি বেমন ভক্তি শ্রদ্ধা করিয়া থাকেন, অন্যান্য রাজপন্থী-  
 দিগের প্রতি ও লক্ষ্যপ ব্যবহার করেন। অধিক কি, মহা-  
 রাজ দশরথ যে নারীকে একবার নিরীক্ষণ করিয়াছেন,  
 আর্য অনুযায়ী শুন্য হইয়া তাঁহার প্রতিষ্ঠ মাতৃবৎ আচরণ  
 করিয়া থাকেন। দেবি! আমি যখন এই ভয়াবহ অরণ্যে  
 যাত্রা করি, তৎকালে আর্য। কৌশল্যা মেহনিবন্ধন আমায়  
 যে উপদেশ দিয়াছেন, তাহা আমার হস্তয়ে নিষ্ঠুতই জাগ-  
 কুক আছে, এবং বিবাহের সময় আমার জননী অগ্নি  
 সমক্ষে যে আদেশ করিয়াছিলেন, আমি তাহাও বিষ্ণুত  
 হই নাই। আর আত্মীয় স্বজনের মুখেও শুনিয়াছি,  
 সাধুশীলা কুলকাঞ্চনীদিগের পক্ষে পতি সেবা হইতে উৎ-  
 কৃষ্ট তপস্যা আর কিছুই নাই। দেখুন, পতিদেবতা  
 সাবিত্রী এই পতি সেবার বলেই হৃষেকে পূজিত হই-  
 তেছেন। সাবিত্রীর ন্যায় আপনি ও স্বর্গধাম আয়ত্ত করিয়া  
 রাখিয়াছেন, এবং রমণীর শিরোমণি রোহিণীও পতি

মেৰাৰ ফলে নিজপতি নিশাপতি তিনি যুক্তকালও একা-  
কিমী গগণে সমুদ্দিত হন না। ফলতঃ পতিমেৰাৰ ফলে  
এমন কতশত পতিৰুতা নারী স্বরলোকে স্বথে অধিবাস  
কৱিতেছেন।

ঝৰিপঙ্কী অনন্তৰা পতিৰূপ বৈদেহীৰ গ্ৰেইন্স স্থমিষ্ট  
বাক্য শ্ৰবণে পৱন পৱিত্ৰোৰ লাভ কৱিয়। তাহার মন্তক  
আচ্ছাৰ পূৰ্বৰ কহিলেন, বৎসে! আমি নিয়মপৰতন্ত্ৰ  
হইয়া বিস্তুৰ তৰ্পণ সংখ্য কৱিয়াছি, আমাৰ বাসনা, মেই  
সমুদ্দায় তপোবন অবলম্বন কৱিয়া তোমাৰ বৰ প্ৰদান  
কৱি, তুমি যে সকল কথা কহিলে, সমুদ্দায় শ্ৰাব্য ও  
সৰ্ববাংশে সম্মত, শুনিয়া আমি যাৰ পৱ নাই  
গ্ৰীতি লাভ কৱিয়াছি। এক্ষণে তোমাৰ অভিলাষ  
কি, প্ৰকাশ কৱিয়া বল। জানকী তাহার কথা শুনিয়া  
ম্মিত স্বথে ও সবিস্ময়ে কহিলেন, আৰ্য্য! বৰ প্ৰার্থনা  
কি, আপনাৰ প্ৰসন্নতাতেই আমি চৱিতাৰ্থ হইলাম।

তখন তাপসী অনন্তৰা স'তাৰ এই নিষ্পত্তি বাক্য  
শ্ৰবণে অধিকতৰ প্ৰীত হইয়া সম্মেহে কহিলেন, বৎসে  
জাৰ্বকি! আমি তোমাকে এই দিব্য বিভব প্ৰদান কৱিয়া  
আজি আপনাকে চৱিতাৰ্থ কৱিল। এই ঘনোহৱ বসন,  
দিব্য আভৱণ, উৎকৃষ্ট অস্ত্ৰাগ, স্বগন্ধি বিলেপন ও  
সুচোকু শাল্য দ্বাৰা তোমাৰ সুন্দৰাঙ্গ সুশোভিত কৱিতে  
আমাৰ একান্ত অভিলাষ হইয়াছে। ইহাতে তোমাৰ  
দেহে অপুৰ্ব শোভা হইবে। এ সমুদ্দায় দ্রব্য তোমা-

রই যোগ্য, উপভোগেও ম্লান হইবে না। কল্যাণি ! তুমি  
এই অঙ্গরাগে সর্বাঙ্গ রঞ্জিত করিয়া, দেবী কমলা  
যেমন নারায়ণকে, মেহেরূপ রামকে সুশোভিত  
করিবে।

তখন জনকার্জু প্রীতমনে, তাপসী অনন্যার প্রীতি-  
দুন গ্রহণ পূর্বক ভজিবন্ত করে তাইর সর্বিধানে উপ-  
বেশন করিয়া রহিলেন। তদন্তর তপস্থিরী অনন্যা  
তাইকে জিজ্ঞাসা করিলেন, বৎস ! শুনিয়াছি, রাম  
স্বয়ম্ভূতপ্রসঙ্গে তোমার পাণিগুহণ করিয়াছেন। তোমার  
মুখে ইহার আনুপূর্বিক শুনিতে আমার বড় অভিলাষ  
হইয়াছে, সবিস্তার বর্ণন করিয়া তাপসীর কৌতুহল  
দূর কর।

সীতা শ্রবণমাত্র কহিলেন, দেবি ! যদি একান্তই  
অভিলাষ হইয়া থাকে, শ্রবণ করুন, আমি তাহার আদ্যো-  
পান্ত কহিতেছি। শুনিয়া থাকিবেম, জনক নামে এক  
ধর্মপরায়ণ মহীপাল রাজধর্মানুসারে মিথিলারাজ্য  
শাসন করেন। একদা তিনি স্বহস্তে লাঙ্গল লইয়া যত্ন-  
ভূমি কর্ষণ করিতেছিলেন, ঐ সময় আমি ভূমি উদ্ধেদ  
করিয়া উথিত হই। রাজর্ষি তৎকালে ঘৃত্কা মুষ্টি দ্বারা  
বিষম স্থল সম্ভূত করিতে প্রবৃত্ত ছিলেন, দেখিলেন,  
আমি ধূলিলুঠিত দেহে স্তুতলে নিপত্তি আছি। দেখি-  
বামাত্র নিতান্ত বিশ্বাসিক্ষে হইলেন। এবং নিঃসন্তান  
বলিয়া অপার স্বেচ্ছের সহিত আমায় ক্রোড়ে লইলেন।

এই সময়ে অন্তরীক্ষ হইতে ঘনুষ্য কষ্ট স্বরে এই কথা উচ্চা-  
রিত হইল ; “ মহାରാജ ! ଅദ୍ୟାବধি ଏই কନ୍ୟା ଧର୍ମାମୁସାରେ  
ତୋମାରଇ ତମୟା ହିଲେନ ,” ଶୁଣିଯା ତିନି ସାରପର ନାହିଁ  
ଆହୁଦିତ ହିଲେନ , ଏବଂ ନିଜ ଭସନେ ଲାଇୟା ଗିଲେନ  
ଅପାର ମେହେର ସହିତ ଆମାକେ ଲାଲନ ପାଲନ କରିତେ ଲାଗି-  
ଲେନ । ଆମାଯ ପାଇୟା ଅବଧି ତିନିଓ ଅଧିକତର ସମ୍ମକ୍ଷ  
ଶାଳୀ ହିଯା ଉଠିଲେନ ।

ଆର୍ଥ୍ୟ ! ତାହାର ମହିଷୀ, ସଂସାରେର ସାରଭୂତ ସନ୍ତାନ ସୁଖେ  
ବଞ୍ଚିତ ଛିଲେନ , ତିନି ଆମାଯ ପାଇୟା କତଇ ଯେ ଆମଙ୍କ  
ପ୍ରକାଶ କରିତେ ଲୁଗିଲେନୁ, ତାହାର ଆର ଇଯଭା ନାହିଁ ।  
ଦିବାନିଶି ଯାତ୍ରିମେହେ ଆମାର ପ୍ରତିଇ ଚାହିୟା ଥାକେନ  
କତ ସହେ ଆମାଯ ଲାଲନ ପାଲନ କରେନ । ଫଳତଃ ଆମଙ୍କ  
କ୍ରୋଡ଼େ ପାଇୟା ତାହାର ସନ୍ତାନତ୍ତ୍ଵଙ୍କ ଅନେକ ଅଂଶେ ତିରେ  
ହିତ ହିୟାଛିଲ । ଅମ୍ବର ଭରେ ଆମାର ବିବାହଯୋଗ  
କାଳ ଉପଶିତ ହିଲ , ତଦର୍ଶନେ, ଦାରିଜ ବ୍ୟକ୍ତି ସେମନ  
ଅର୍ଥନାଶେ ଚିନ୍ତିତ ହୟ, ରାଜର୍ଷି ଜନକଙ୍କ ମେଇକପ ଭାବିତେ  
ଲାଗିଲେନ । କନ୍ୟାର ପିତା ଇନ୍ଦ୍ରତୁଳ୍ୟ ସମ୍ମର୍ଦ୍ଧିଶାଳୀ ହିଲୁ  
ନା କେମ, କନ୍ୟାର ବିରାହ କାଳ ଉପଶିତ ହିଲେ, ତାହାରେ  
ଅପରୁକ୍ଷ ହିତେଓ ଅବମାନନା ସହ୍ୟ କରିତେ ହୟ  
ଜମକରାଜ ମେଇ ଅବମାନନା ଅଦୂରବର୍ତ୍ତିନୀ ଦେଖିଯା ଅପା  
ଚିନ୍ତା ମାଗରେ ସନ୍ତରଣ କରିତେ ଲାଗିଲେନ । ଆମି ତାହା  
ଅବୋନି-ସନ୍ତବା କନ୍ୟା ; ସୁତରାଂ ତିନି, କୁଳଶୀଳେ ଅମୁରା  
ବର ନିର୍ଣ୍ଣୟ କରିତେ ପାରିଲେନ ନା, ପରିଶେଷେ ଛି

করিলেন, ধৰ্মতঃ কন্যার স্বয়ম্ভৱের অনুষ্ঠান করাই  
সর্বতোভাবে শ্ৰেয়।

ভদ্রে ! পূৰ্বে মহাত্মা বৰুণ প্ৰীত হইয়া রাজৰ্ষি দেব-  
ৱাতকে এক প্ৰকাণ শৱাসন, অক্ষয় শৱ ও দুই তুপীৰ  
প্ৰদান কৰিয়াছিলেন। ঐ শৱাসন এতদূৰ গুৰুতৰ, যে  
মহীপালেৱা বহুতে স্বপ্নেও উহা সমত কৱিতে পাৰিতেন  
না। মিথিলামৰ্থ কোদণ্ড প্ৰাপ্ত হইয়া মৃপতি সমাজে  
সকলকে আমন্ত্ৰণ পূৰ্বক কহিলেন; যিনি এই শৱাসন  
উত্তোলন পূৰ্বক ইহাতে জ্যোগুণ ঘোজনা কৱিতে  
পাৰিবেন, আমি, আমাৰ অযোনিসন্তোষ সীতাকে  
তাঁহার হস্তেই অৰ্পণ কৱিব। এই প্ৰতিজ্ঞার পৰ  
অনেকানেক রাজা ও রাজপুত্ৰেৱা সেই পৰ্বত-তুল্য  
কোদণ্ড নিৰীক্ষণ কৱিয়া অবনত বদনে প্ৰতিনিবৃত্ত  
হইলেন।

এইৱ্বে বছকাল অতিবাহিত হইলে, একদা তপোধন  
বিশ্বামিত্ৰ দশৱথাৱজ রাম ও লক্ষ্মণকে সমভিব্যাহারে লইয়া  
যজ্ঞদৰ্শনলালসায় মিথিলায় উপস্থিত হইলেন, এবং যথো-  
চারে পূজিত হইয়া কহিলেন, জনকৱাঙ্গুলু কোশলাধি-  
পতি মহীপাল দশৱথেৱ আঘৰজ রাম ও লক্ষ্মণ আপনাৰ  
প্ৰদিক শৱাসন দৰ্শনার্থ এখানে আসিয়াছেন। পিতৃদেৱ  
শ্ৰবণ মাত্ৰ মেই প্ৰকাও কোদণ্ড আনাইয়া রামকে দেখা-  
ইলেন। মহাবীৰ রাম অমাৱাস্যে উহা আনত কৱিলেন,  
এবং মুহূৰ্তমধ্যে উহাতে জ্যাসংযোগ কৱিয়া মহাবেগে

আকর্ষণ করিতে লাগিলেন। কোদণ্ড তদগুেই বিখ্য  
হইয়াগেল, তদশ্রমে পিতা যার পর নাই প্রীত হইয়া জল  
পাত্র গ্রহণ পূর্বক রামের সহিত আমার বিবাহ দিতে  
প্রস্তুত হইলেন, কিন্তু পিতৃভক্ত রাম পিতার অনভিপ্রাণে  
পাণিগ্রহণে সম্মত হইলেন না। অনন্তর মিথিলেখর  
কোশলেশ্বরকে আনাইলেন, এবং তাহাকে আমন্ত্রণ ক  
রিয়া রামের হস্তে আমাকে সম্পূর্ণ করিলেন। দেবি  
তদবধি আমি স্বামীর পাদপদ্ম ভিম আর কিছুই জানি না।

### একোনবিংশাধিক শততম অধ্যায়।

অনন্তর তাপেসী অনন্যা সীতার মুখে তাহার বিবাহ  
বৃত্তান্ত শুনিয়া সাতিশয় প্রীত হইলেন, এবং তাহার  
মন্ত্রকাঞ্চাণ ও আলিঙ্গন করিয়া কহিলেন, জানকি ! তো  
মার স্বরঘর বৃত্তান্ত তোমার মুখেই শুনিয়া পরম আহু  
দিত হইলাম। এক্ষণে ভগবান্ ময়ুখমালী, স্বীয় ময়ুখ  
মালা একত্রিত করিয়া অস্তাচল শিখরে অধিরোহণ করি  
লেন। সায়ংকাল উপস্থিত। বিহঙ্গমেরা আহারাস্থৰে  
সমস্ত দিন অতিবাহিত করিয়া রজনী প্রারম্ভে বিশ্রাম  
কুল্যায়ে অবস্থান পূর্বক মনোহর স্বরে গান করিতেছে।

সুরলমতি তাপসকূল অভিষেক সলিলে সিন্ত হইয়া ক্ষম্বে  
জলপূর্ণ কলস গ্রহণ পূর্বক আন্দ্ৰ' বন্ধনে আসিতেছেন।  
অগ্নিহৃত হইতে কপোত কঢ়ের ন্যায় ধূত্রবৰ্ণ ধূমশিখা  
বায়ুবশে উথিত হইতেছে। যে বৃক্ষের পত্র অতি বিৱল,  
অঙ্ককার প্রভাবে তাহাও যেন ঘনীভূত দেখাইতেছে।  
এই দেখ, পুত্রনির্বিশেষে প্রতিপালিত আমাদের আশ্রম-  
মৃগ সকল সমস্ত দিন ইতস্ততঃ পর্যটনের পর বেদী মধ্যে  
শয়ান রহিয়াছে। রাত্রিচর জীবজন্মগণ পরমোন্নামে  
সঞ্চরণে প্রবৃত্ত হইতেছে। দূরতর প্রদেশে দিক্বিদিক  
কিছুই অনুভূত হইতেছে না। চন্দমা যেন নিজচন্দ্রিমায়  
অবগুর্ণিত হইয়াই গগনমণ্ডলে উদিত হইয়াছেন। বৎসে!  
এখন আমি তোমায় অনুমতি করিতেছি, তুমি গিয়া পতি-  
সেবায় নিযুক্ত হও। তুমি আজ আমায় মনোহারিণী  
কথায় যেমন সন্তুষ্ট করিলে, তেমনি আমার সমক্ষে বেশ  
ভূষায় সজ্জিত হইয়াও আহ্লাদ বর্দ্ধন কর।

তখন সৌতা তাপসীর আদেশে নানালঙ্ঘারে অলঙ্কৃত  
হইয়া তদীয় পাদ বন্দন পূর্বক স্বামীর সন্ধানে উপবৰ্ত্ত  
হইলেন। রাম, সৌতার শোভা দর্শন করিয়া অনন্দাম  
প্রীতি-দামে পরম প্রীত হইলেন। তাপসী যে সমস্ত  
বসন ভূষণ প্রদান করিয়াছেন, সৌতা তৎ সমুদায় স্বামীর  
গোচর করিলেন। তৎকালে তদীয় অলৌকিক সৎকার  
দেখিয়া লক্ষ্যণ যার পর নাই আহ্লাদিত হইলেন।

অনন্তর রাম তাপসগণের সৎকার গ্রহণ পূর্বক সে

রাত্রি মহর্ষি অত্তির আশ্রমে অতিবাহিত করিলেন।  
প্রভাতে অনুজের সহিত কৃতস্নাত হইয়া তাপসদিগকে  
বনস্তুর প্রবেশের পথ জিজ্ঞাসা করিলেন। তৎপ্রশ্নে  
তাপসেরা কহিলেন, রাজকুমার ! এ বনবিভাগ রাক্ষস-  
গণে পূর্ণ, মাংসাশী ও শোণিতপায়ী শত শত হিংস-  
জন্মসকল এই মহারণ্যে মিরস্তর বাস করে। অঞ্চল্প্রাণ  
তাপসেরা পবিত্র বা অপবিত্রই থাকুন, দুরাত্মারা আসিয়া  
তাঁহাদিগকে আক্রমণ পূর্বক যন্ত্রণার এক শেষ করে।  
অতএব রাম ! তুমি উহাদিগকে নিবারণ কর। আমরা  
এই পথে ফল মূল আহরণার্থ গিয়া থাকি, তুমি এই পথেই  
মহারণ্যে প্রবেশ করিতে পারিবে।

তাপসগণ এইরূপ কহিলে, রাম তাঁহাদের আশীর্বাদ  
অহণ পূর্বক ভাতা ও ভার্য্যার সহিত মেষ মধ্যে দ্বিবা-  
ক্ষর ন্যায় বিবিড় কানন মধ্যে প্রবেশ করিলেন।

অযোধ্যাকাণ্ড সম্পূর্ণ।

(৫২)



শিবাদহ, সত্ত্বসন্ধি ;— ইকার্ত্তিকচন্দ্র চৌধুরী কর্তৃক মুদ্রিত।

